'স্মৃতির খেয়া' গ্রন্থে শিল্পী অমলা দাশ প্রসঙ্গে লিখেছেন ; "তাঁর কণ্ঠে ভক্তিরসাত্মক গান একটা শোনবার জিনিস ছিল। রবীন্দ্রনাথের সঙ্গে তাঁর দ্বৈতসংগীত, তখনকার দিনে যাঁরা শুনেছে তাঁদের মুখেই শুনেছি যে, সে ভুলবার মত নয়।"

আচার্য শৈলজারঞ্জন মজুমদার কলকাতায় আকাশাবাণীতে রক্ষিত এবং পরে 'উত্তরসূরী' পত্রিকায় প্রকাশিত তাঁর "আত্মস্মৃতি'তে" বলেছেন, তিনি যখন কলকাতায় ল' পড়তেন তখন ঠাকুরবাড়িতে সৌম্যবাবুদের দলে গান করতেন। সেই সময় তাঁদের 'পাগলা ঝোরা' অনুষ্ঠানে রবীন্দ্রনাথ নিজে এসেছিলেন গান শেখাতে। তিনি বলছেন : "তিনি (কবি) কয়েকদিন আগে এসেছিলেন কিন্তু থাকতে পারেন নি। কাজের তাড়ায় ফিরে যেতে হয়েছিল। এই যে দু' এক দিন থেকে গিয়েছিলেন তার মধ্যেই আমাদের পাগলা ঝোরার দলকে তিনটি গান উনি শিখিয়ে দিয়েছিলেন। ঐ তিনটি হচ্ছে 'দিনের বেলায় বাঁশি তোমার বাজিয়েছিলে', 'আধেক ঘুমে নয়ন চুমে' এবং 'নূপুর বেজে যায় রিনি রিনি।' এই তিনটি গান তিনি, নুটুদি দু'জনে অনেকক্ষণ ধরে গেয়ে গেয়ে আমাদের গানের দলকে শিখিয়ে দিয়ে গিয়েছিলেন।

'উত্তরসূরী' পত্রিকা, ২৭ বর্ষ ২। ৩ যুগ্ম সংখ্যা, পৃ. ১২৪

তা হলে দেখা যাচ্ছে সচরাচর একক সংগীত গাইলেও উপযুক্ত সঙ্গী জুটলে কবি দ্বৈত সংগীত গাইতেও পিছপা হতেন না। প্রথমোক্ত অমলা দাশ আর দ্বিতীয় 'নুটু' অর্থাৎ বন্ধু শ্রীশচন্দ্র মজুমদারের কন্যা 'আশ্রমবাসী' কবির অত্যন্ত স্নেহের পাত্রী রমা মজুমদার, শিল্পী সুরেন করের সঙ্গে বিবাহসূত্রে যিনি পরে 'রমা কর' হন, এই দুইজনই কবির সঙ্গে দ্বৈত সংগীত গেয়েছেন তার প্রমাণ পাওয়া গেল।

রেকর্ড সংগ্রাহক শ্রীযুক্ত সুরাজলাল মুখোপাধ্যায় ও শ্রীযুক্ত শুভেন্দুশেখর পাত্র দৈবাৎ বড়ো বাজারের এক গলির মুখে বাতিল রেকর্ডের স্তূপের মধ্যে একখানি স্যামপেল রেকর্ড পান যার সাদা লেবেলে লেখা ছিল 'তোমার সুরের ধারা'-শিল্পীদের নাম—Poet and Rama Devi.

রেকর্ডখানি পেয়েই তাঁদের সন্দেহ হয়, এটি হয়তো রবীন্দ্রনাথের নিজকণ্ঠের এক দুর্লভ দ্বৈতসংগীতের রেকর্ড। তাঁরা 'কবিকণ্ঠ' গ্রন্থের সুবাদে আমায় বিলক্ষণ চিনতেন। রেকর্ডখানি তাঁরা আমায় দেখালেন এবং রমা দেবী কে হতে পারেন তা জানতে চাইলেন।

আমি রেকর্ডখানি বাজিয়ে শুনে পুরুষ কণ্ঠটি যে রবীন্দ্রনাথের সে বিষয়ে নিঃসন্দেহ হলেও রমা দেবী কে তা নিয়ে সন্ধান করতে চাই। রেকর্ডটির লেবেল পরীক্ষা করে তা যে হিন্দুস্থান রেকর্ডের জন্য গ্রামোফোন কোম্পানীর দমদম কারখানায় তৈরী

স্যামপেল রেকর্ড তা বুঝতেও বেগ পেতে হয় নি। তার MLS দেওয়া নম্বরটি এম. এল. সাহা নামের আদ্যক্ষর হওয়াই সম্ভব। কবি হিন্দুস্থান রেকর্ডে ৫ এপ্রিল ১৯৩২ তারিখে গিয়েছিলেন। তাঁদের পরিদর্শকের খাতায় তাঁর লিখিত প্রমাণ রয়েছে। স্যামপেলটিতে রাবার স্ট্যাম্পে তারিখ—১১ এপ্রিল ১৯৩২। মাত্র ছয় দিন পরেই দমদম থেকে তা হিন্দুস্থান রেকর্ডে পাঠানো হয়েছিল। পরে স্যামপেলটি যে-কোনো কারণে অনুমোদিত না হওয়ায় বাতিল হয়েছে বোঝা গেল। রমা দেবীর সন্ধানে হিন্দুস্থানের ৬/১ অক্রূর দত্ত লেনের অফিসে গেলাম। আটচল্লিশ বছর আগে যে রেকর্ডিং হয়েছিল কিন্তু তার ডিসক্ তৈরী হয় নি, তার সম্বন্ধে কেউ কোনো খবর বলতে পারলেন না।

আচার্য শৈলজারঞ্জন মজুমদার কলকাতায় ছিলেন শুনে তাঁর কাছে গেলে তিনি আঁচ করলেন, ইনি 'নুটুদি' হতে পারেন। তবু সন্দেহ ভঞ্জনের জন্য আমাকে শ্রীমতী মেনকা ঠাকুরের কাছে পাঠালেন। শ্রীমতী মেনকা ঠাকুর ব্যাপারটিতে নিঃসন্দেহ হবার জন্য আমায় শান্তিনিকেতনে গিয়ে প্রবীণদের কাছে সন্ধান নিতে বললেন। শান্তিনিকেতনে তখন শান্তিদেব ঘোষ ছিলেন না। আর যাঁদের কাছে সন্ধান করি, এমন-কি 'নুটু'-দির পুত্র সুকীর্তি করের কাছে দুর্গাপুরে গিয়েও যা জানি, সব 'দেশ' পত্রিকায় ১৫.১১.১৯৮০ সংখ্যায় লিখি। তা নিয়ে বাদানুবাদে শৈলজারঞ্জন এবং মেনকা ঠাকুর লিখিতভাবে আমার অভিমত সমর্থন করেন। পরে "রবীন্দ্রসংগীতের এক অবিস্মরণীয় শিল্পী" শীর্ষক প্রবন্ধে স্বর্গত রমা মজুমদার (কর) বিষয়ে বিস্তারিত ভাবে লিখি 'কথাসাহিত্য', আশ্বিন ১৩৮৮ সংখ্যায়।

কবি শঙ্খ ঘোষ রবীন্দ্রভবনের দায়িত্বে শান্তিনিকেতনে গিয়েই ২০. ৭. ১৯৮৯ তারিখে পত্র দিয়ে ঐ রেকর্ড খানির 'কপি' সংগ্রহের জন্য আমায় অনুরোধ জানান। তাঁকে আমি সরাসরি রেকর্ড সংগ্রাহক সুরাজলাল মুখোপাধ্যায় মহাশয়ের সঙ্গে যোগাযোগ করিয়ে দিই। সম্প্রতি ঐ রেকর্ড থেকে তৈরী টেপ রবীন্দ্রভবনে পৌঁছেছে।

প্রসঙ্গত আমরা শ্রদ্ধেয় সুরাজলাল মুখোপাধ্যায়ের কাছে কৃতজ্ঞতা স্বীকার করি। তিনি 'হিজ মাস্টার্স ভয়েস' ও অন্যান্য কোম্পানীকে কিছু কিছু দুষ্প্রাপ্য রেকর্ডের যোগান দিয়ে সেগুলি পুনঃ প্রচার করবার সহায়তা করে রবীন্দ্রসংগীতানুরাগী মাত্রেরই ধন্যবাদভাজন হয়েছেন। তবে তাঁর নামটি শ্রীযুক্ত সিদ্ধার্থ ঘোষের 'রেকর্ডে রবীন্দ্রসংগীত' গ্রন্থে 'সুরজলাল মুখোপাধ্যায়' বলা হয়েছে। সিদ্ধার্থবাবু কৃতী গবেষক। বহু বিষয়ে তাঁর অক্লান্ত অনুশীলনে আমাদের নতুন নতুন তথ্য জানিয়ে অভিভূত করেছেন। 'রেকর্ডে রবীন্দ্রসংগীত' গ্রন্থখানিও তাঁর দুরূহ প্রচেষ্টার জন্য

বিশেষ প্রশংসার দাবি রাখে। কিন্তু তাঁর গ্রন্থখানিতে একনজরে যে দু-একটি ভুল চোখে পড়েছে তা সবিনয়ে জানাই, যাতে প্রয়োজন বোধ করলে পরবর্তী সংস্করণে তিনি সংশোধন করতে পারবেন।

সুরাজলাল মুখোপাধ্যায়কে সিদ্ধার্থ বারবার সুরজলাল লিখেছেন। আমাকে লেখা সুরাজের চিঠিতে তাঁর স্বাক্ষরে দেখেছি 'সুরাজলাল'। 'সুরজলালের' বানান বিভ্রাটের মতো বিভ্রাট ঘটেছে কবির সঙ্গে গ্রামোফোন কোম্পানীর চুক্তি পত্রে অ্যাকাউনট্যান্টের নামেও। তাঁর নাম লেখা হয়েছে এন. ডবলু. জুনেস, (N.W. Junes)— ওটি হবে এন. ডবলু. ইনেস (N.W.Innes)— আর মূল চুক্তি পত্রে দেখেছি, চুক্তিদাতা গ্রামোফোন কোম্পানীর জেনারেল ম্যানেজার এবং তার সাক্ষ্য অ্যাকাউনট্যান্ট স্বাক্ষর করেছেন চুক্তির বয়ান (রেকর্ড তালিকা সহ) শেষ হবার অব্যবহিত পরেই। কবির স্বাক্ষর তার নীচে— চুক্তি-গ্রহীতা হিসাবে এবং স্বভাবতই কবির দুইজন সাক্ষ্য রথীন্দ্রনাথ ঠাকুর এবং প্রশান্তচন্দ্র মহলানবিশের স্বাক্ষর অ্যাকাউনট্যান্ট ইনেস সাহেবের স্বাক্ষরের তলায়। সিদ্ধার্থবাবুর গ্রন্থে স্বাক্ষরদাতাদের স্থান ঠিক বিপরীত স্থানে গেছে।

দুটি গুরুত্বপূর্ণ মুদ্রণ প্রমাদ রয়েছে—'বন্দে মাতরম' রেকর্ডের নম্বর গ্রন্থের ৯ পৃষ্ঠায় বলা হয়েছে ৩৬৩৫০, রেকর্ডের লেবেলে ঐ গ্রন্থেও আছে ইংরাজিতে লেখা ৩৬২৫০, যা রেকর্ডেও আছে। আর ৭৩ পৃষ্ঠায় প্রথম লাইনটি 'রথীন্দ্রনাথ ঠাকুর' স্থলে 'রবীন্দ্রনাথ ঠাকুর' হয়ে গেছে। তবে আবার আমি সিদ্ধার্থবাবুর মূল্যবান গ্রন্থখানির জন্য তাঁকে অভিনন্দন জানাই।

আমার সৌভাগ্য হয়েছিল রবীন্দ্রনাথকে বেশ কয়েকবার দেখবার। প্রথমে দূর থেকে কবিকে দেখি মানিকতলায় 'ছায়া' সিনেমায় একটি নৃত্যনাট্যের অনুষ্ঠানের মঞ্চে চেয়ারে উপবিষ্ট অবস্থায়। মহাজাতি সদনের ভিত্তি প্রতিষ্ঠা উৎসবে (১৮ আগস্ট, ১৯৩৯) কবি আসবেন জানিয়ে সুভাষচন্দ্র বসু তাঁর জ্ঞাতিকাকা ৪৫ আমহার্স্ট স্ট্রীট নিবাসী স্বনামধন্য চিকিৎসক ও বহু শিল্পের প্রবর্তক ডাঃ কার্ত্তিকচন্দ্র বসুকে একখানি পত্র-সহ হাতে তৈরী কাগজে ছাপা আমন্ত্রণ পত্র পাঠিয়ে অনুরোধ করেছিলেন সেই উৎসবে উপস্থিত থাকতে। ডাক্তার বসুর বাড়ি থেকে মহাজাতি সদনের প্রস্তাবিত স্থানটি বেশি দূর নয়, মেছুয়াবাজার স্ট্রীট (অধুনা কেশব সেন স্ট্রীট) এবং চিত্তরঞ্জন এভিনিউ-এর সংযোগস্থলের সামান্য উত্তরে। ডাক্তার বসু যাবেনও বলেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত জরুরি কাজে আটকে পড়ায় যেতে পারলেন না। আমি তাঁর বিশেষ

স্নেহভাজন একান্ত সচিব কাছেই ছিলাম, আমাকে কার্ডটি দিয়ে পাঠিয়েছিলেন। তাই মহাজাতি সদনের ভিত্তিপ্রস্তর স্থাপনে রবীন্দ্রনাথকে নিকট থেকে দেখবার ও তাঁর সেই অবিস্মরণীয় ভাষণটি শুনবার সৌভাগ্য হয়েছিল। আমি যেবার স্নাতক হই (১৯৩৭) সেইবারই কলকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে রবীন্দ্রনাথই ভাষণ দিয়েছিলেন। সুভাষচন্দ্রকে (তখন তিনি 'নেতাজী' হন নি) যখন রবীন্দ্রনাথ দেশবাসীর পক্ষ হতে বরণ করেছিলেন, সেই অভিনন্দন বাণী স্বকর্ণে শুনেছিলাম। আর শুনেছিলাম রেডিওতে ২৫ বৈশাখ ১৩৪৫ (৮ মে ১৯৩৮) কালিম্পং হতে প্রচারিত তাঁর জন্মদিনের সেই অতুলনীয় ভাষণ। কলেজ স্ট্রীট বাজারের পাশে করপোরেশনের কমারশিয়াল মিউজিয়মের অধিকর্তা জ্ঞানাঞ্জন নিয়োগীর আমন্ত্রণে খাদ্য প্রদর্শনীর উদ্বোধনেও রবীন্দ্রনাথ এসেছিলেন। সেই সভাতেও ডাক্তার কার্ত্তিকচন্দ্র বসুর কার্ডে আমার যাওয়ার সুযোগ ঘটেছিল, কারণ ডাক্তার বসু জানতেন, আমি রবীন্দ্রভক্ত। সেদিন একেবারে কবির সুমুখে বসেই তাঁর ভাষণ শুনেছিলাম যাতে ছিল সেই মূল্যবান সর্তকবাণী—'বাঙালির প্রাণধারা রান্নাঘরের নর্দমা দিয়ে বয়ে যাচ্ছে' জাতীয় কিছু কথা আমরা ভাত রান্না করে তার যা সারবস্তু 'ফেন' বা 'মাড়' সেটা গালিয়ে ফেলে ঝরঝরে ভাত খাই, তার জন্য হুশিয়ারি। সেই লিখিত প্রবন্ধটি সংগ্রহ করে ডাক্তার কার্ত্তিকচন্দ্র বসুর সম্পাদিত 'স্বাস্থ্যসমাচার' পত্রিকার একটি সংখ্যার মুখপাতে ছেপেছিলাম।

কবিকণ্ঠ প্রসঙ্গে আলোচনা এখানে স্থগিত রেখে এবার শুরু করব কলকাতায় রবীন্দ্রযুগে কলের গানের কথা।

একথা নিশ্চিত জানি, কবিকণ্ঠের সব কিছুই অতুলনীয়। তাঁর নিজকণ্ঠে গান, আবৃত্তি, বক্তৃতা সবই সুদূর ভবিষ্যতেও মানুষকে প্রেরণা জোগাবে। তবু তার মধ্যে গানের আসনই সবার উর্ধ্বে। কবির কথাই স্মরণ করি—

আমার শেষ পারানির কড়ি
কণ্ঠে নিলেম গান, কণ্ঠে নিলেম।

৬ বৈশাখ, ১৩৯৯

—সন্তোষকুমার দে

রেকর্ডে কবিকণ্ঠ

অঞ্জলি ('এই তীর্থ-দেবতার' দ্রষ্টব্য) VE 2551,EALP 1256

অনেক দিয়েছ নাথ B D 1240

অনেক বড় বড় বীরপুরুষের কাহিনী (বীরপুরুষ) H 342

অন্ধজনে দেহো আলো BD 1232,P 8367 EALP 1256

অমল ধবল পালে লেগেছে—ঋণশোধ-শারদোৎসব BD 1234

অয়ি ভুবনমনোমোহিনী H.Bose 363

আজি ঝড়ের রাতে B D 1225

আজি বাংলাদেশের হৃদয় হতে (মাতৃমূর্তি) H.Bose 358

আজি হতে শতবর্ষ পরে ★ ১৪০০ সাল : চিত্রা (আবৃত্তি) BD 1243, P 8366 VE 2551, EALP 1256

আপনি অবশ হলি, তবে (বাউল) H. Bose 362

আবির্ভাব ('বহুদিন হল কোন্ ফাল্গুনে' দ্রষ্টব্য) EALP 1256

আমরা পথে পথে যাব সারে সারে (পথের গান) H. Bose 352

আমার পরান লয়ে কী খেলা খেলিবে, ওগো H 49

আমার শেষ পারানির কড়ি ('কণ্ঠে নিলেম গান' দ্রষ্টব্য) EALP 1256

আমারে কে নিবি ভাই, সঁপিতে চাই—বিসর্জন BD 1235, P 9132, P 11855, EALP 1256

আমি পরানের সাথে খেলিব—ঝুলন : সোনার তরী (আবৃত্তি) H 812, LH-2

আমি যখন বাবার মত হব—ছোট বড়ো : শিশু (এখনো তো বড় হই নি) (আবৃত্তি) H 1

আমি যদি দুষ্টুমি করে (আবৃত্তি)— লুকোচুরি : শিশু (এই ছেলেটার ভারি ইচ্ছে গেছে H 342

আমি সংসারে মন দিয়েছিনু BD 1237, P 8367, EALP 1256

আশা ('বহুদিন মনে ছিল আশা' দ্রষ্টব্য) H 812

এই ছেলেটার ভারি ইচ্ছে গেছে ('লুকোচুরি') H 342

এই তীর্থ-দেবতার (আবৃত্তি). অঞ্জলি : গীতিমাল্য VE 2551, EALP 1256

একদিন যারে মেরেছিল—(বড় দিন) Tape 72

এবার তোর মরা গাঙে বান এসেছে (বান) H. Bose 356

এসো এসো ফিরে এসো (তুমি এসো হে) H 1700

ও আমার দেশের মাটি (দেশের মাটি) H. Bose 353

ওগো কাঙাল, আমারে কাঙাল করেছ (ভিখারী) H 1700

কখন বসন্ত গেল — BD 1236

কর্ণ-কুন্তী সংবাদ-(পুণ্য জাহ্নবীর তীরে , দ্রষ্টব্য) — P 11857-58

কলিকা-(হে মোর সন্ধ্যা দ্রষ্টব্য) — EALP 1256, VE 2551

কণ্ঠে নিলেম গান, আমার শেষ পারানির কড়ি — BD 1231, P 9132, P11855, EALP 1257

কৃষ্ণকলি আমি তারেই বলি— কৃষ্ণকলি : ক্ষণিকা (আবৃত্তি) — P 9133, P 11859, EALP, 1256

গগনে গরজে মেঘ, ঘন বরষা. (সোনার তরী) : সোনার তরী (আবৃত্তি) — H. Bose-Pathe 363369, BD 1244, H 990

গানের সুরের আসনখানি — BD 1239

ঘরে মুখ মলিন দেখে (বাউল) — H. Bose 364

১৪০০ সাল ('আজি হতে শতবর্ষ পরে' দ্রষ্টব্য) — EALP 1256

ঝুলন ('আমি পরানের সাথে খেলিব' দ্রষ্টব্য) — L H 2, H 812

তবু মনে রেখো, যদি দূরে যাই — H 1

তুমি এসো হে ('এসো এসো ফিরে এসো' দ্রষ্টব্য) — H 1700

তুমি যেও না এখনি — BD 1233

তোর আপন জনে ছাড়বে তোরে (প্রয়াস) — H. Bose 368

দুঃসময় ('যদিও সন্ধ্যা আসিছে মন্দ মন্থরে' দ্রষ্টব্য) — H 990, LH 2

নববর্ষা ('হৃদয় আমার নাচে রে আজিকে' দ্রষ্টব্য) — H 49, LH 2

নাই বা এলে যদি সময় নাই — BD 1238

নিশি-দিন ভরসা রাখিস, ওরে মন, হবেই হবে (হবেই হবে) — H. Bose 355

নৈবেদ্য — BD 1247

পুণ্য জাহ্নবীর তীরে সন্ধ্যা সবিতার— (কর্ণ-কুন্তী সংবাদ) : কাহিনী (আবৃত্তি) চার খণ্ড BD 1248-49-50-51 P 9915-16 এবং P 11857-58

প্রশ্ন ('ভগবান তুমি যুগে যুগে দূত' দ্রষ্টব্য) — VE 2545, EALP 1256

বড় দিন (একদিন যারা মেরেছিল) — Tape 72

বন্দে-মাতরম : বঙ্কিমচন্দ্রের রচনা — H. Bose-Pathe 36250

বহুদিন মনে ছিল আশা : পূরবী (আবৃত্তি) — H 812

বহুদিন হলো কোন্ ফাল্গুনে— আবির্ভাব : ক্ষণিকা (আবৃত্তি) — BD 1222, P 8366, EALP 1256

বীরপুরুষ ('মনে করো যেন বিদেশ ঘুরে' দ্রষ্টব্য) — H 342

বুক বেঁধে তুই দাঁড়া দেখি (দ্বিধা) H. Bose 354
বেলা গেল তোমার পথ চেয়ে BD 1241
ভগবান তুমি যুগে যুগে দূত— (প্রশ্ন) : পরিশেষ (আবৃত্তি) VE 2545, EALP 1256
ভারততীর্থ (হে মোর চিত্ত পুণ্য তীর্থে দ্রষ্টব্য) VE 2551, EALP 1256
ভালোবেসে, সখী, নিভৃতে যতনে BD 1242
ভিখারী ('ওগো কাঙাল আমারে কাঙাল করেছ' দ্রষ্টব্য) H 1700
ভ্রষ্ট লগ্ন ('শয়ন শিয়রে প্রদীপ নিবেছে সবে' দ্রষ্টব্য) P9133, P 11859
মনে করো যেন বিদেশ ঘুরে— (বীরপুরুষ) : শিশু (অনেক বড় বড় বীরপুরুষের (আবৃত্তি) H 342
যদি তোর ডাক শুনে কেউ না আসে (একা) H. Bose 357
যদি তোর ভাবনা থাকে ফিরে যা না (বাউল) H. Bose 361
যদিও সন্ধ্যা আসিছে মন্দ মন্থরে— দুঃসময় : কল্পনা (আবৃত্তি) H 990, LH 2
যে তোমায় ছাড়ে ছাড়ুক (বাউল) H. Bose 359
যে তোরে পাগল বলে (ঐ) H. Bose 360
লুকোচুরি ('আমি যদি দুষ্টুমি করে' দ্রষ্টব্য) H. Bose 342
শয়ন-শিয়রে প্রদীপ নিবেছে সবে—ভ্রষ্ট লগ্ন : কল্পনা (আবৃত্তি) BD 1246
শেষ পারানির কড়ি ('কণ্ঠে নিলেম গান' দ্রষ্টব্য) BD 1231, P 9132, P 11855, EALP 1257
সার্থক জনম আমার জন্মেছি এই দেশে (সার্থক জন্ম) H. Bose 351
সোনার তরী ('গগনে গরজে মেঘ ঘন বরষা' দ্রষ্টব্য) H. Bose 36369, H 990
হৃদয় আমার নাচে রে আজিকে—(নববর্ষা) : ক্ষণিকা (আবৃত্তি) H 49, LH 2
হে মোর চিত্ত, পুণ্য তীর্থে জাগো রে ধীরে—ভারত তীর্থ : গীতাঞ্জলি (আবৃত্তি) VE 2545. EALP 1256
হে মোর সন্ধ্যা—কলিকা : গীতাঞ্জলি (আবৃত্তি) VE 2551, EALP 1256

রবীন্দ্রভবনে রক্ষিত কবিকণ্ঠে বাংলা আবৃত্তি ও গানের টেপ

	মিনিট	সেকেন্ড
বন্দে-মাতরম (বঙ্কিমচন্দ্রের রচনা)	২	৪৫
অজানা সেই দেশ (ভাষণ)	৩	৪৭
অন্ধজনে দেহো আলো (গান), রেকর্ডেও আছে	৩	০৭
অনেক ঝড় বড় বীরপুরুষের (কবিতার ভূমিকাসহ আবৃত্তি)	৩	০৬
আজ এই মহাজাতি সদনে (ভাষণ)	১	২০
আজি হতে শতবর্ষ পরে (আবৃত্তি), রেকর্ডেও আছে	২	২৪
আমার পরান লয়ে (গান) " "	২	৫৭
আমার শেষ পারানির কড়ি (গান) "	৩	০৮
আমারে কে নিবি ভাই (গান) "	৩	০০
আমি পরাণের সাথে (ঝুলন : আবৃত্তি) "	৩	৪০
আমি যখন বাবার মত হব (ছোট বড়ো : আবৃত্তি) "	২	৪৬
আমি সংসারে মন দিয়েছিনু (গান) "	২	৫৩
একদিন যারা মেরেছিল (আবৃত্তি) "	০	৩৭
এই ছেলেটার ভারি ইচ্ছে (লুকোচুরি, আবৃত্তি) "	২	১৮
এই তীর্থ-দেবতার " "	১	১৬
এসো এসো ফিরে এসো (গান) " "	৩	০৪
ওগো কাঙাল আমারে (গান) " "	৩	০৪
কর্ণ-কুন্তী সংবাদ (আবৃত্তি) " "	১২	১০
কৃষ্ণকলি আমি তারেই বলি (আবৃত্তি) " "	২	২৫
গগনে গরজে মেঘ : প্রাচীন সিলিন্ডার হতে (আবৃত্তি) "	২	৪৬
ঐ, ঐ, ১৯৩৬ পুনর্বার করা " "	১	৩৬
জনগণমন অধিনায়ক (আবৃত্তি, জার্মান সবাক চিত্র) Ulfa Studio 1930	০	৪০
ঝুলন (স্টকহোমে করা)	২	৩৭
তবু মনে রেখো (গান), রেকর্ডেও আছে	২	৫৭
তোমার সুরের ধারা (কবিকণ্ঠে একমাত্র দ্বৈত সংগীতের রেকর্ডিং)	৩	১২
নিজের সম্বন্ধে অশ্রদ্ধা (ভাষণ)	৩	৫৮
বহু দিন মনে ছিল আশা (আশা, আবৃত্তি, রেকর্ডেও আছে)	৩	০১
বহু দিন হল কোন্ ফাল্গুনে "	৩	২১

বিশ্ব জুড়ে ক্ষুধা (ভাষণ)		০	৫১
ভগবান তুমি যুগে যুগে (আবৃত্তি)	”	১	১৫
যদিও তখনকার ইংরেজ (ভাষণ)		৩	৪৩
যদিও সন্ধ্যা আসিছে (আবৃত্তি, রেকর্ডেও আছে)		২	২৩
যে দিন চৈতন্য মোর (আবৃত্তি)		২	২০
রবি প্রদক্ষিণ পথে (আবৃত্তি)		৩	০৬
শয়ন-শিয়রে প্রদীপ (আবৃত্তি, রেকর্ডেও আছে)		২	৫৪
সংস্কৃত স্তোত্র (আবৃত্তি)		১	০৮
হৃদয় আমার নাচে রে	”	২	৫৪
হে মোর চিত্ত (আবৃত্তি, রেকর্ডেও আছে)		২	৪৩
হে মোর সন্ধ্যা	”	০	৫৪

ইংরাজিতে টেপ

Age after age (AIR, Cal 1941)	মি নট	সেকেন্ড
(From Fugitive and other Poems)	1	27
I have got my leave *(Gitanjali,* xciii)	0	37
I know that the day (" xcii)	0	58
In one salutation (" ciii)	0	57
Leave this chanting (" xi)	1	23
Message of the Forest (India holds sacred)	3	30
Mother let us imagine ("The Hero" : *The Crescent Moon)*	2	25
Sorrow's floodtide (AIR, Cal 1940)	17	24
The trumpet lies in the dust *(Fruit Gathering,* xxxv)	3	10
This is my prayer *(Gitanjali,* xxxv)	0	46
Those who struck him once (AIR, Cal 1939)	0	39
When I was eighteen ("The Vision" : from *The Religion of Man)*	3	29
When my mind was released (Poems 107)	2	06
Where have I come from ("Beginning" : When I bring you coloured toys *The Crescent Moon)*	1	25
"When and Why" : *The Crescent Moon*	*1*	*12*
Where the mind is without (Gitanjali, xxx)	0	49
Why are those tears ("Defamation") *The Crescent Moon*	1	00
You say that father (Authorship : from The *Crescent Moon)*	1	29

কলের গান

গ্রামোফোন কোম্পানীর গানের পত্রিকা 'রেকর্ড-সংগীত'-এ আমার সম্পাদনা-কালে বিখ্যাত বর্ষীয়ান সাহিত্যিক 'বনফুল'-কে দিয়ে 'রেকর্ড-সংগীতে'র এক শারদীয় সংখ্যায় কলের গানের বিষয়ে তাঁর স্মৃতিকথা লেখাতে পেরেছিলাম, তা থেকে কিছুটা তুলে দিই, যাতে সেকালে কলের গানের কথা চমৎকারভাবে বর্ণিত হয়েছে। তিনি লিখেছিলেন—'সত্তর বছর আগের ঘটনা। তখন আমি সাত আট বছরের বালক মাত্র, তবু সেই ঘটনাটি এখনো আমার স্পষ্ট মনে আছে। তার কারণ তখন আমি, শুধু আমি কেন আমাদের বাড়ির সবাই, এমন-কি, আমাদের পাড়ার সকলেও, সেই প্রথম দেখলাম এক আশ্চর্য যন্ত্র যা মানুষের মতো কথা বলতে পারে, হাসে-কাঁদে-গান করে, এমন-কি বাজনা পর্যন্ত বাজায়। চলতি কথায় তাকে বলত 'বাজা কল' যার ইংরাজি নাম— গ্রামোফোন।

...'যেদিন যন্ত্রটি আমাদের বাড়িতে এসে পৌঁছল সেদিন সকলের মধ্যে কি এক আনন্দ-উন্মাদনা। যন্ত্রটির ধুতরা ফুলের মতো চোঙটি ঝক্ ঝক্ করছে, পালিশ করা কাঠের বাক্সটি চক্ চক্ করছে। তারপর কালো কালো রেকাবের মতো রেকর্ডের চাকতিগুলি যখন বের করা হলো— তখন তাতেও আলো ঠিকরে পড়ছে মনে হলো। কাঠের বাক্সে হাতল ঘুরিয়ে যন্ত্রে দম দেওয়া হলো, তারপর চোঙার হাতলের মুখে একটি গোল পাত্রে চাকচিক্যময় ছোট্ট পিন পরিয়ে রেকর্ডের উপর সাউন্ড বক্সটি চাপিয়ে দিতেই কি স্পষ্ট আর মিষ্ট স্বরে কথা বলে উঠল। . . .

'মনে আছে তখনকার দিনের রেকর্ড শুধু এক পিঠই বাজত। আর লেবেলের উপর কুকুরের ছবি এবং লেখা দেখেছি—লালচাঁদ বড়াল (অ্যামেচার)।'

এক পিঠ বাজানো রেকর্ড এখন দুষ্প্রাপ্য, তবে আমি সন্ধান করে পেয়েছি এবং শুধু কালো গালার চাকতি নয়, লালচে জমানো শক্ত পিচবোর্ডের গায়ে ল্যাকারিং ধরিয়ে তার উপর রেকর্ড করা নিকোল (Nicole) রেকর্ডও দেখেছি। তাও এক পিঠ বাজত। ঐ রকম প্রাচীন ১০″ Victor Monarch Record-এর লেবেলে সতর্কতার বিজ্ঞপ্তি লেখাও দেখেছি—

"This record is leased for the purpose of producing sound directly from the record and for no other purpose; any attempt at copying or counterfeiting, will be construed as violation of this condition and as basis for leagal proceedings."

আদিম যুগের রেকর্ড ছিল সাত ইঞ্চি, পরে নয়, সাড়ে নয়, দশ, এগারো এবং বারো ইঞ্চি রেকর্ডও হোত। শেষ পর্যন্ত দশ ইঞ্চিই হয় স্ট্যান্ডার্ড, আর বারো ইঞ্চি রেকর্ড কোনো বিশেষ প্রয়োজনে— যেমন বড়ো কন্‌সার্ট বাজনা বা দীর্ঘ শাস্ত্রীয়

সংগীতের জন্য ব্যবহৃত হোত।

রেকর্ডের স্পীড নানারকম হারে চালিয়ে শেষ পর্যন্ত প্রতি মিনিটে ৭৮ বার ঘুরবার রেকর্ডই সুদীর্ঘ কাল প্রচলিত ছিল। মাইক্রোগ্রুভ লং প্লে (LP), এক্সটেনডেড প্লে (EP) নামে যথাক্রমে মিনিটে ৩৩.১/৩ বার এবং ৪৫ বার ঘুরবার রেকর্ড প্রচলিত হবার পর ৭৮ বার ঘুরবার রেকর্ড সম্পূর্ণরূপে বাতিল হয়ে গেছে। এখন আর সে রকম রেকর্ড তৈরীই হয় না। ১৬ আর. পি. এম. এক সময় তৈরী হোত, এখন তাও করা হয় না।

গ্রামোফোন কোম্পানীর আদিম রেকর্ডে ট্রেডমার্ক ছিল একটি পরী-শিশু মাটিতে বসে তার চারদিকে গোল গোল দাগ আঁকছে (Recording angel)। পরী (Angel)-মার্কা রেকর্ড এখনও বেরোয়, কিন্তু সে অপেক্ষাকৃত আধুনিকা, তার গোল দাগ দেওয়ার চিহ্ন বিলুপ্ত। যখন রেকর্ড এক পিঠ বাজত তখন পিছনের দিকে বড়ো আকারে ঐ রেকর্ডকারিণী পরীর উপরে নীচে অর্ধবৃত্তাকারে বড়ো হরফে GRAMOPHONE লেখা থাকত। নিকোল রেকর্ডের পিছনে কিছুই লেখা থাকত না।

গ্রামোফোনের রেকর্ডে ট্রেডমার্ক হিসাবে 'হিজ মাস্টার্স ভয়েস' লেখা এবং কলের গানের যন্ত্রটির সুমুখে বসা 'নীপার' নামক কুকুরটির ছবি ১৯০৯ সালের কাছাকাছি সময়ে ব্যবহার করা শুরু হয়। নিকোল রেকর্ডের ট্রেডমার্ক ছিল একটি খাড়া করে রাখা রেকর্ডের উপর ডানা মেলা ঈগলপাখি বসেছে। ভিক্টর টকিং মেশিন কোম্পানীর মনার্ক রেকর্ডের লেবেলে দুই অর্ধগোলকের উপর দু-রকমের রেকর্ড বাজাবার যন্ত্রের মুখোমুখি চোঙার রেখাচিত্র ছিল। বাম গোলকে সিলিন্ডার বাজাবার যন্ত্র আর ডাইনের গোলকের উপর ডিস্ক বাজাবার যন্ত্র। দুইটি যন্ত্রের দুইটি চোঙার রেখাচিত্র একটি অপরটির উপর দিয়ে চলে গেছে। তবে ভিক্টর টকিং মেশিনে 'হিজ মাস্টার্স ভয়েস'-এর কুকুরের লেবেলও ব্যবহৃত হোত। তার কারণ ফ্রান্সিস ব্যারডের আঁকা এই বিশ্ববিখ্যাত 'হিজ মাস্টার্স ভয়েস' তৈলচিত্রখানি গ্রামোফোন কোম্পানী কিনলেও প্রথম তা গ্রামোফোন কোম্পানীর ট্রেডমার্ক হিসাবে ব্যবহার করেন নি। এলড্রিজ রীভস জনসন ছিলেন গ্রামোফোন আবিষ্কর্তা বার্লিনারের অতি অন্তরঙ্গ বন্ধু এবং ব্যবসায়েও গ্রামোফোন যন্ত্রের মোটর সরবরাহকারী। জনসন নিজেও আমেরিকার ক্যামডেনে একটি রেকর্ড তৈরীর কারখানা স্থাপন করে রেকর্ড তৈরীর পদ্ধতিতে অনেক উন্নতি সাধন করেন। সেই পদ্ধতি বার্লিনারও অর্থের বিনিময়ে গ্রহণ করেছিলেন। জনসন 'হিজ মাস্টার্স ভয়েস' ছবিটি তাঁর কোম্পানীর ট্রেডমার্ক হিসাবে কেবল আমেরিকায় ব্যবহারের অনুমতি গ্রামোফোন কোম্পানীর কাছ থেকে নিয়েছিলেন। পরে কেবল রেকর্ডে নয়, জনসন যখন তাঁর রেডিও করপোরেশন অব

আমেরিকা (RCA) প্রতিষ্ঠা করেন সেখানেও ঐ কুকুরের ট্রেডমার্ক ব্যবহার করেছেন। অবশ্য 'RCA' কথাটিও একটি ট্রেডমার্ক হিসাবে ব্যবহার হয়। আমি আমেরিকায় কুকুর-মার্কা RCA টি. ভি. সেট দেখেছি। মূল তৈলচিত্রখানি লন্ডনে গ্রামোফোনের হেড অফিসে, বোর্ডরুমে সোনালী ফ্রেমে বাঁধানো আছে, দেখে এসেছি।

শুধু গ্রামোফোন নয়, তার আগে কোনো বাদ্যযন্ত্রেও স্বর বাড়াবার জন্য যন্ত্রের সঙ্গে একটি চোঙা (Horn) লাগানো থাকত। কোনো কোনো যন্ত্রে একাধিক চোঙা দিয়ে স্বর আরো বাড়াবার চেষ্টাও হোত। তখনো লাউড স্পীকার আবিষ্কৃত হয় নি। তবে স্বর বাড়াবার জন্য 'হর্ন' যে অত্যাবশ্যক তা সানাই, ক্লারিওনেট প্রভৃতি বাদ্যযন্ত্রের শেষ ভাগের আকার কলমী ফুলের আকারে ক্রমশ বাইরের দিকে বাড়িয়ে দেওয়ার প্রবণতাতেই দেখা যায়। গ্রামোফোনের চোঙার ধুতরো ফুলের আকৃতিটা আকারে বড়ো করার পক্ষে বিশেষ উপযোগী হয়েছিল। প্রথম দিকে তামা বা অন্য ধাতুর তৈরী চোঙার চাকচিক্য লোকে খুব পছন্দ করত। একটি মেশিনের নামই ছিল 'মর্নিং গ্লোরি'। সকালে ফোটা একটি ফুলের মতোই তা গৃহ-পরিবেশ উজ্জ্বল করে তুলত।

মেশিনের ডিজাইনে আধুনিকতার ঢেউ লাগল তাকে সহজে বহনযোগ্য (Portable) করে তুলবার তাগিদে। তাই তার গোটা চোঙার প্রলম্বিত দেহটিকে ভাঁজ খেলিয়ে গুটিয়ে নিয়ে যন্ত্রের বাক্সটির আধারে ঢুকিয়ে তাকে অবিকল একটি ছোট সুটকেসের আকার দেওয়া হলো। অল্প পরিসরে রাখবার সুবিধাও তাতে যেমন হলো, তেমনি হাতে ঝুলিয়ে নিয়ে যাওয়ার পক্ষেও খুব সহজ হলো। ফলে গ্রামোফোন শহর ছাড়িয়ে গ্রামাঞ্চলেও খুবই জনপ্রিয় হয়ে ওঠে। কৃষিপ্রধান ভারতবর্ষের সম্পন্ন চাষীদের ঘরেও গ্রামোফোন স্থান পায়।

গ্রামোফোন যন্ত্রের বিজ্ঞাপনের জন্য আমি একটি ছড়া লিখেছিলাম—

সুখী গৃহকোণ
শোভে গ্রামোফোন

এটি আমারই লেখা ইংরাজি slogan Happy hoMes haVe GRAMOPHONES এর বাংলা অনুবাদ হলেও ছড়াটি যে গাঁয়ের মানুষকেও আকৃষ্ট করেছিল তার নানা বিবরণ শুনেছি। সাহিত্যিকরাও ছড়াটি ব্যবহার করেছেন গল্পে, উপন্যাসে, প্রবন্ধে। বিজ্ঞানের নতুনতর আবিষ্কার রেডিও যখন বেরুল তখন ভয় হয়েছিল বুঝি রেডিও এসে গ্রামোফোনকে বাজার থেকে হটিয়ে দেবে। কিন্তু ফল হল উল্টো। রেডিও মাধ্যমে যে-সব রেকর্ড বাজানো হয় তাই শুনে আরো বেশি

সংখ্যক লোক সেইসব রেকর্ড কিনতে আগ্রহী হয়। আর রেকর্ড বাজাতে হলে তো গ্রামোফোন চাই-ই। তাই তখন গ্রামোফোনের প্রচার বরং বেড়েছিল। সে একটি সময় গেছে যখন 'হোম এন্টারটেইনমেন্ট' হিসাবে গ্রামোফোন ছিল অতুলনীয়।

প্রাচীন লোকমুখে শুনেছি গ্রামোফোন প্রবর্তনের সময় প্রত্যেক মেশিনের সঙ্গে কয়েকখানি রেকর্ড বিনামূল্যে দেওয়া হোত। পরে সে প্রথা সাধারণভাবে লুপ্ত হলেও কোনো কোনো উৎসব উপলক্ষ্যে রেকর্ড উপহার দেওয়ার ব্যবস্থা গ্রামোফোন কোম্পানীকে কিছুকাল আগেও করতে দেখেছি।

গ্রামোফোন ব্যবসায়ের এক দুস্তর সমস্যা— পাইরেসি (Piracy) বা ঠকবাজী, দস্যুতা। কোম্পানী প্রয়োজনীয় যাবতীয় ব্যয় বহন করে রেকর্ড তৈরী করে বাজারে দেওয়া মাত্রই যদি তার নকল বেরিয়ে যায় তাতে শুধু কোম্পানীর ব্যবসায়েই নিদারুণ ক্ষতি হয় তাই নয়, গায়ক বা বাদক—যিনি মূল শিল্পী তিনিও তার ন্যায্য পাওনা রয়ালটি (Royalty) থেকে বঞ্চিত হন।

এর বিরুদ্ধে ব্যবস্থা নিতে আইন আছে এবং সে আইন প্রয়োগ করবার জন্য সকল দেশে স্থানীয় উদ্যোক্তাদের সমিতিও যেমন আছে, তেমনি আছে আন্তর্জাতিক সংস্থা (International Federation)। আমাদের দেশের এরূপ সংস্থার নাম ফোনোগ্রাফিক পারফরম্যান্স (ইস্টার্ন) প্রাইভেট লিমিটেড। পূর্বভারতে যতগুলি রেকর্ডিং কোম্পানী আছে সবাই তাদের সদস্য। এঁরা সর্বদা লক্ষ্য রাখেন, রেকর্ড নিয়ে কোনো কারচুপি হলে তার সম্পর্কে আইনের সাহায্যে ব্যবস্থা নেন। রেডিওতে বাজিয়ে প্রচার করলে তার জন্য 'ফি' পাওয়া যায়, এমন-কি, সিনেমা হাউসে আগে যখন প্রারম্ভে বা ইনটারভালের অবসর সময়ে রেকর্ড বাজানো হোত তার জন্যও ফি পাওয়া যেত। এ সবকিছুর হিসাব ফোনোগ্রাফিক পারফরম্যান্স হতে রাখা হোত এবং বর্ষশেষে লভ্যাংশ সদস্যদের মধ্যে বিতরিত হোত।

এখন বিমান চলাচলে আন্তর্জাতিক ক্ষেত্রে শুধু যাত্রীসাধারণের যাতায়াত বৃদ্ধি পায় নি, আন্তর্জাতিক ব্যবসার ক্ষেত্রেও তার প্রভূত প্রভাব পড়েছে। এখন ভারতীয় রেকর্ড যেমন বিদেশে যাচ্ছে তেমনি আসছে বিদেশী রেকর্ড ও ঐ জাতীয় বহু জিনিস—ক্যাসেট, ভিডিও প্রভৃতি। তাই যদিও গ্রামোফোন রেকর্ডের আর আগেকার মতো দোর্দণ্ডপ্রতাপ নেই, কিন্তু হোম এন্টারটেইনমেন্টে রেকর্ডেড মিউজিক এখনও একটা বড়ো আকর্ষণ।

'কবিকণ্ঠ' গ্রন্থখানি প্রকাশিত হয়েছিল মার্চ ১৯৬৩-তে। তখন থেকে আমি সন্ধান করতে থাকি রবীন্দ্রনাথের মতো আর কোন্ কোন্ বিশিষ্ট ব্যক্তির কণ্ঠস্বর রেকর্ড করা হয়েছে। ১৯৭৪ খৃষ্টাব্দে আমেরিকায় নিউ জার্সির ওয়েস্ট অরেঞ্জে এডিসনের ল্যাবরেটরিতে গেলে দেখতে পাই, এডিসন নিজেই 'নর্থ আমেরিক্যান রিভিউ' পত্রিকার জুন ১৮৭৮ সংখ্যায় ফোনোগ্রাফের কার্যকারিতা সম্পর্কে লিখতে গিয়ে অন্য নয়টি প্রসঙ্গের সঙ্গে উল্লেখ করেছিলেন— 'To preserve for future generation the voices as well as the words of our Washingtons and Linclons'. —অতএব বিশিষ্ট ব্যক্তিদের কণ্ঠস্বর প্রথম থেকেই রেকর্ড করা হয়েছিল।

মানুষের কণ্ঠস্বর সর্বপ্রথম রেকর্ড করেছিলেন স্বয়ং এডিসন (১৮৪৭-১৯৩১)। তিনি সদ্য তৈরী যন্ত্রটির কার্যকারিতা পরীক্ষার জন্য যন্ত্রলগ্ন চোঙার মুখে জোরে আবৃত্তি করেন সুপরিচিত একটি ছেলেভুলানো ছড়া :—

Mary had a little lamb
Its fleece was white as snow,
And everywhere that Mary went
The lamb was sure to go.

পরেও এডিসন অনেকবার রেকর্ড করেছেন, তার মধ্যে কিছু বিশেষ গুরুত্বপূর্ণ ভাষণও ছিল। যেমন ১৯০৮ খৃষ্টাব্দে নিউইয়র্ক ইলেকট্রিকাল এঞ্জিনিয়ারদের সভায় বিদ্যুতের ভবিষ্যৎ সম্বন্ধে ভাষণ, ১৯১৯ খৃষ্টাব্দে বিশ্বযুদ্ধ শেষ হলে তাঁর ভাষণ— 'যেন আমরা না ভুলি'। ১৯২৯ খৃষ্টাব্দে বিদ্যুৎবাতি তৈরীর পঞ্চাশ বৎসর পূর্তি উৎসবে তাঁর ভাষণটিও স্মরণীয়।

এডিসনের স্টুডিওতে এসে বহু বিখ্যাত ব্যক্তি নিজ কণ্ঠস্বর রেকর্ড করেছেন, তার মধ্যে ছিলেন আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট থিওডোর রুজভেল্ট, মেরু অভিযানের নেতা স্যার হেনরি মর্টন স্ট্যানলি, পৃথিবীর বৃহত্তম সার্কাস পার্টির মালিক ফিনিয়াস টি. বারনাম, রাজনৈতিক নেতা হাওয়ার্ড ট্যাফ্ট প্রভৃতি। রাশিয়ায় লোক পাঠিয়ে টলস্টয়ের এবং ইংলন্ডে লোক পাঠিয়ে প্রধানমন্ত্রী গ্লাডস্টোনের কণ্ঠস্বর রেকর্ড করানো হয়। গ্লাডস্টোনের কণ্ঠস্বর রেকর্ড করাতে এডিসন তাঁর লন্ডনের প্রতিনিধি কর্নেল গোরড্‌কে নিম্নোক্ত ছড়াটি রেকর্ড করে পাঠিয়েছিলেন—

Gauraud, agent of my choice
Bid my balance sheet rejoice
Send me Mr. Gladstone's voice.

ইংলন্ডের রানী ভিক্টোরিয়ার কণ্ঠস্বরও রেকর্ড করা হয়েছিল এই শর্তে যে তিনি বৃটেনের একটি কূটনৈতিক বার্তা রেকর্ড করে আবিসিনিয়ার রাজা মেনোলির দরবারে পাঠাবেন। আবিসিনিয়ার রাজাকে ঐ রেকর্ড বাজিয়ে শোনাবার পরেই সে রেকর্ড ভেঙে ফেলতে হয়েছিল। রানী ভিক্টোরিয়া চান নি যে তাঁর কণ্ঠস্বর জনসাধারণের হাতে পড়ে।

সম্প্রতি (১৩ নভেম্বর, ১৯৯১ তারিখের) 'ম্যাঞ্চেস্টার গার্ডিয়ান' পত্রিকায় সংবাদ বেরিয়েছে, লন্ডনের সায়ান্স মিউজিয়মে পল ট্রিটন নামক এক গবেষক ১৮৮৮ খৃষ্টাব্দে বালমোরাল শহরে রেকর্ড করা রানী ভিক্টোরিয়ার কণ্ঠের একখানি মোমের সিলিণ্ডার পেয়েছেন যা বাজিয়ে মাত্র চৌদ্দ সেকেন্ডে চল্লিশটি শব্দের কয়েকটি কথা শোনা গেছে। কিন্তু তা যে রানীরই কণ্ঠস্বর সে বিষয়ে সম্পূর্ণ নিঃসন্দেহ হওয়া যায় নি।

ইংলন্ডের ফোনোগ্রাফ জগতের এক দিক্‌পাল জে. ই. হাফ (J. E. Hough) 'সাউন্ড ওয়েভ' পত্রিকার সম্পাদকের কাছে লেখা এক খোলা চিঠিতে ২১ জুন, ১৯১০ তারিখে জানান, তাঁর নিজস্ব সংগ্রহে যে-সব দুর্লভ রেকর্ড আছে তার মধ্যে আছে কবি আল্‌ফ্রেড লর্ড টেনিসনের নিজ কণ্ঠের আবৃত্তিতে তাঁর তিনটি কবিতা "The Charge of the Light Brigade", "Bury the Great Duke", এবং "Let the Tale be told", প্রধানমন্ত্রী গ্লাডস্টোনের ১৫ মার্চ, ১৮৯০ তারিখের ভাষণ "A message to a meeting in New York". বিশ্ববিখ্যাত ধাত্রী ফ্লোরেন্স নাইটিঙ্গেল-এর ৭০ বৎসর বয়সের একটি ভাষণ, কবি রবার্ট ব্রাউনিং-এর কণ্ঠস্বরের রেকর্ড প্রভৃতি।

তবে তিনি আক্ষেপ করেছেন এইসব খ্যাতনামা ব্যক্তির কণ্ঠস্বরের রেকর্ড যদি কারো ব্যক্তিগত সংগ্রহে গচ্ছিত হয়েই পড়ে থাকে, তার সার্থকতা কি ? আরো বহু রাজপুরুষ ও নানা ক্ষেত্রে খ্যাতিমানদের রেকর্ডের কথা উল্লেখ করে তিনি বলেছেন— ব্রিটিশ মিউজিয়ম বা অনুরূপ কোনো প্রতিষ্ঠানে যদি এ-সব সংরক্ষিত হয় আর জনসাধারণ যদি প্রয়োজনে তা শুনবার সুবিধা পায়, তবেই তা রাখা সার্থক হবে।

মনে পড়ে, আমি যখন গ্রামোফোন কোম্পানীর প্রতিনিধি হিসাবে ওয়েস্ট অরেঞ্জের এডিসন হিস্টোরিক সাইটে এডিসনের মিউজিয়ম দেখতে যাই, সেখানকার কিউরেটর এডিসনের লাইব্রেরিতে একটি বড়ো টেবিল দেখিয়ে বলেছিলেন, সেই কাজ-পাগলা মনীষী কতদিন ঐ টেবিলের উপর অকাতরে ঘুমিয়ে রাত কাটিয়েছেন। ১৯৩১ খৃষ্টাব্দে ৮৪ বছর বয়সে তাঁর মৃত্যুর পর ঐ টেবিলটি সরিয়ে তলা পরিষ্কার করতে গিয়ে কয়েকটি প্যাকিং বাক্স পাওয়া যায়, যা ইংলন্ড থেকে এসেছিল। তার মধ্যে কর্নেল গোরড-প্রেরিত প্রধানমন্ত্রী গ্লাডস্টোনের বক্তৃতার সিলিন্ডারটিও ছিল। এখন অবশ্য সেটি মিউজিয়ামে সুরক্ষিত আছে।

এদিক দিয়ে বিচার করলে আমরা বরং ভাগ্যবান। রবীন্দ্রনাথের নিজকণ্ঠের বন্দে মাতরম গানটি যদিও কেবল রেডিওতেই শোনা যায়, তাঁর অন্যান্য অনেক গান ও আবৃত্তির রেকর্ড কিনতে পাওয়া যায়। যা সহজে পাওয়া যায় না, তা সবই শান্তিনিকেতনে রবীন্দ্র ভবনের সংগ্রহশালায় সযত্নে রক্ষিত আছে এবং তার বিস্তারিত বিবরণ মুদ্রিত ক্যাটালগে পাওয়া যায়।

ভারতে ফোনোগ্রাফ

রবীন্দ্রনাথের জীবৎকালেই রেকর্ডিং বিজ্ঞানের উৎপত্তি ও ক্রমোন্নতি ঘটেছিল। এডিসনের ফোনোগ্রাফ যন্ত্রের আবিষ্কার ১৮৭৭ খৃষ্টাব্দে। তখন কবির বয়স ষোল বছর মাত্র। বার্লিনারের ডিস্ক রেকর্ড আবিষ্কার ১৮৮৮-তে, তখন কবির বয়স সাতাশ। সে সময়ে গীতিকার অপেক্ষা গায়ক হিসাবে কবির খ্যাতি বেশি ছাড়া কম ছিল না। তাঁর তরুণ বয়সেও গানের গলা কত চমৎকার ছিল তার বর্ণনা তুলে দিয়েছি কবি নবীন সেনের 'আমার জীবন' গ্রন্থ থেকে ('কবিকণ্ঠ' অংশ দ্রষ্টব্য)। রেকর্ডিং বিজ্ঞান আমেরিকার দান, কিন্তু তা ইউরোপে প্রচারিত হতে বিলম্ব হয় নি। আর তা ভারতবর্ষেও এসেছে প্রায় সঙ্গে সঙ্গে। এমন-কি, ডিস্ক রেকর্ডের আবিষ্কারের আগে সিলিন্ডার রেকর্ডও ভারতবর্ষে পৌঁছে গেছে। আর সে সময়ে ভারতের রাজধানী কলকাতা স্বাভাবিক কারণেই সে ব্যবসায়ের প্রধান ঘাঁটি হয়ে উঠেছিল বলা চলে।

কলের গান কলকাতায় এলে ঠাকুরবাড়িতে তা পৌঁছাতে বিলম্ব ঘটে নি। রবীন্দ্রনাথ ও গগনেন্দ্রনাথ যখন ঠাকুরবাড়িতে 'খামখেয়ালি সভা'র পত্তন করেন সেটা ১৮৯৬ খৃষ্টাব্দের ঘটনা। তার প্রথম আমন্ত্রণের পত্রখানি ছিল এই—

'খামখেয়ালি সভার প্রথম সূচনা। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ও গগনেন্দ্রনাথ ঠাকুরের প্রস্তাব মতো এই সভার প্রথম প্রতিষ্ঠা হয় ২৪ মাঘ ১৩০৩ জোড়াসাঁকো। নিমন্ত্রণকর্তা শ্রীরবীন্দ্রনাথ ও গগনেন্দ্রনাথ ঠাকুর। অনুষ্ঠান— রাধিকা গোস্বামীর গান। অক্ষয় মজুমদার কর্তৃক 'বিনি পয়সার ভোজ' আবৃত্তি। **ফোনোগ্রাফ যন্ত্র** শ্রবণ ★। রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত 'কুহেলিকা' নামক গল্প পাঠ। গান বাজনা আহার। বাঙ্গলা জলপান।'

এই সভার অনুষ্ঠানসূচীতে মাঝখানের বিরতি সময়েই ফোনোগ্রাফ যন্ত্র শ্রবণের ব্যবস্থাটি লক্ষণীয়। ফোনোগ্রাফ যন্ত্রের সঙ্গে রবীন্দ্রনাথের সাক্ষাৎ যোগাযোগ ঘটবার এটি একটি বিশেষ প্রমাণ।

প্রসঙ্গক্রমে উল্লেখযোগ্য ওই ১৮৯৬ খৃষ্টাব্দে কলকাতায় বীডন স্কোয়ারের (বর্তমান রবীন্দ্রকাননে) কংগ্রেসের অধিবেশনে রবীন্দ্রনাথ 'বন্দে-মাতরম' গানটি

★ স্থূল অক্ষর লেখকের।

গেয়েছিলেন, সঙ্গে পিয়ানো বাজিয়েছিলেন জ্যোতিরিন্দ্রনাথ। তখন মাইক বা লাউড স্পীকার আবিষ্কৃত হয় নি। উচ্চগ্রামে গাওয়া রবীন্দ্রনাথের সে গান কংগ্রেস মণ্ডপের সর্বত্র সঞ্চারিত হয়েছিল। পরে সেই গানই তিনি এইচ. বোসের সিলিন্ডারে রেকর্ড করেছিলেন, যা কালক্রম প্যাথে-এইচ. বোস ডিসক্ রেকর্ডে রূপান্তরিত হয়েছিল।

ভারতবর্ষে সিলিন্ডার রেকর্ড যে ডিসক্ রেকর্ডের অনেক আগে এসেছিল তারও বহু প্রমাণ আছে। পর পর তিন বছরের তিনটি নজির তুলে দিই।

৫ সেপ্টেম্বর, ১৮৯৪ তারিখে আমেরিকা থেকে স্বামী বিবেকানন্দ তাঁর সহপাঠী বন্ধু মন্মথনাথ ভট্টাচার্যকে দীর্ঘ আট পৃষ্ঠাব্যাপী একখানি চিঠি লেখেন। তাতে তিনি উল্লেখ করেন, খেতরির মহারাজাকে তিনি একটি ফোনোগ্রাফ যন্ত্র পাঠাচ্ছেন। মন্মথ-বাবু ছিলেন সংস্কৃত কলেজের অধ্যক্ষ মহামহোপাধ্যায় মহেশচন্দ্র বিদ্যারত্নের জ্যেষ্ঠপুত্র এবং ভারত সরকারের রাজস্ব বিভাগে উচ্চপদে কর্মরত হিসাবে মাদ্রাজের অধিবাসী। স্বামীজি চিকাগোতে ধর্ম মহাসম্মেলনে যোগ দিতে যাওয়ার সময়ে তাঁকে মন্মথবাবু নানাভাবে সহায়তা করেছিলেন। স্বামীজির স্বহস্তে লিখিত ঐ চিঠি আমি পেয়েছিলাম মন্মথবাবুর নাতি সম্পর্কিত ড. সুধাংশুমোহন বন্দ্যোপাধ্যায়ের কাছে এবং তা ব্লক করে আমার সম্পাদিত 'রবিবাসর' বার্ষিক গ্রন্থের দশম খণ্ডে ছেপেছিলাম (১৩৮৬)।

দিল্লীর প্রাচীনতম রেকর্ড ডীলার মহারাজা লাল অ্যান্ড সন্স ১৮৯৫ খৃষ্টাব্দে একজন উচ্চশিক্ষিত এ্যাডভোকেট দ্বারা প্রতিষ্ঠিত হয়। এখনও দিল্লিতে তাঁদের অনেকগুলি দোকান আছে। এঁদের সঙ্গে গ্রামোফোন কোম্পানীর কয়েক পুরুষের নিবিড় বন্ধুত্বের সম্পর্ক। ১৯৭৭ খৃষ্টাব্দে তাঁদের প্রতিষ্ঠানের ৮২তম বার্ষিকীতে আমন্ত্রিত হলে তাঁরা যে প্রচার পুস্তিকাটি আমাকে দেন তাতে দেখলাম, ১৮৯৫ খৃষ্টাব্দে তাঁরা যে সিলিন্ডার রেকর্ড-এর ব্যবসা করতেন তাকে বলা হত 'চুড়ি'। হাতে একগুচ্ছ রেশমি চুড়ি পরলে যেমন দেখায়, সিলিন্ডার রেকর্ড দেখতে অনেকটা তেমন ছিল বলেই দেহাতি লোকেরা ঐ নাম দিয়েছিল।

তৃতীয় নজির ১৮৯৬ খৃষ্টাব্দে রবীন্দ্রনাথ ও গগনেন্দ্রনাথের 'খামখেয়ালি সভা'য় ফোনোগ্রাফ শুনবার আমন্ত্রণের কথা আগেই তুলে দিয়েছি।

কলের গানের আসর

এডিসনের কথায় ফিরে আসি। বৈজ্ঞানিক ও ব্যবসায়ী এডিসন ১৮৭৩ খৃষ্টাব্দে ২৩ এপ্রিল প্রথমবার ইংলণ্ডে যান, ফেরেন দুই মাস পরে, ২৫ জুন। তখন গিয়েছিলেন তাঁর তৈরী স্বয়ংক্রিয় টেলিগ্রাফ যন্ত্র দূরপাল্লার লাইনে এবং জলের তলা দিয়ে যাওয়া

লাইনেও সমান কার্যকারী, তা চালিয়ে দেখাতে। তখন ব্রিটিশ সাম্রাজ্যের রাজধানী লন্ডন শহরের জাঁকজমক নিশ্চয়ই তাঁকে মুগ্ধ করেছিল। ব্যবসায় বিস্তারের পক্ষে ইউরোপের প্রবেশদ্বার হিসাবে লন্ডন যে অতি গুরুত্বপূর্ণ কেন্দ্র তাঁর মতো বিচক্ষণ ব্যক্তির তা নিশ্চয়ই নজর এড়ায় নি। তাই যখন তিনি ফোনোগ্রাফ যন্ত্র ও সিলিন্ডার রেকর্ডের ব্যবসায়ের পত্তন করে 'ন্যাশানাল ফোনোগ্রাফ কোম্পানী' প্রতিষ্ঠা করলেন, সঙ্গে সঙ্গে তার লন্ডন শাখার কাজ শুরু করতে লোক পাঠালেন। আর লন্ডনই ছিল তখন ভারতবর্ষের সঙ্গে যোগস্থাপনের সহজতম রাস্তা।

এডিসন ফোনোগ্রাফ যন্ত্র আবিষ্কার করেছিলেন ১৮৭৭ খৃষ্টাব্দের ১২ আগস্ট। তারপর কয়েক বছর নিবিষ্ট রইলেন ইলেকট্রিক বাল্ব আবিষ্কারের গবেষণায়। প্রথম বাল্ব তৈরী করতে সমর্থ হন ১৮৭৯ খৃষ্টাব্দের ২১ অক্টোবর। এবার তাঁর মনোযোগ আকৃষ্ট হলো আবার ফোনোগ্রাফের দিকে। ইতিমধ্যে সি. এ. বেল এবং এস্. টেইনটার নামক দুই তরুণ বৈজ্ঞানিক ফোনোগ্রাফের উপর গবেষণা করে কিছুটা উন্নত শ্রেণীর সিলিন্ডার তৈরী করেন, পেটেন্টও পান।

কিন্তু এডিসনও থেমে রইলেন না। তিনি আরো উন্নত, আরো সুস্পষ্ট বাজবার মতো সিলিন্ডার তৈরী করলেন, আর ফোনোগ্রাফ যন্ত্রেরও একেবারে ভোল পাল্টে গৃহস্থের এক গর্বের বস্তুতে পরিণত করে তুললেন। তাঁর রেকর্ডের ব্যবসা সারা আমেরিকা জুড়ে চলল, পৌঁছে গেল ইউরোপে।

১৮৮৮ খৃষ্টাব্দ এমিল বার্লিনার যখন ডিসক্ রেকর্ড আবিষ্কার করেন তখন আমেরিকায় এবং ইউরোপে সিলিন্ডারের এমন রমরমা ব্যবসা যে রেকর্ড ব্যবসা জনপ্রিয় করে তুলবার জন্য বার্লিনারের কিছুই ভাবতে হয় নি। বরং ডিসক্ রেকর্ড তৈরী করা সহজ, ব্যবহার করাও সহজ, প্যাক্ করে স্থানান্তরে পাঠানো বা দোকানে কি বাড়িতে সাজিয়ে রাখাও সহজ। এতগুলি সুবিধা থাকা সত্ত্বেও ডিসক্ রেকর্ডের ঘর্ষণ-আওয়াজ (Surface noise) বেশি হওয়ায় সূক্ষ্মরুচির খরিদ্দারেরা সিলিন্ডারই পছন্দ করতেন।

ডিসক্ রেকর্ড এবং তা বাজাবার 'গ্রামোফোন' যন্ত্র তৈরী ও বিক্রয়ের জন্য বার্লিনারও উদ্যোগী হয়ে স্থাপন করলেন 'ন্যাশানাল গ্রামোফোন কোম্পানী'। কোম্পানীটি স্থাপিত হলো আমেরিকায়, কিন্তু তার রেকর্ড তৈরী হোত জার্মানীর হ্যানোভারে। এমিল বার্লিনারের ভাই যোসেফ হ্যানোভারে একটি রেকর্ড তৈরীর কারখানা করেছিলেন। আর গ্রামোফোন মেশিন তৈরী করে দিতেন জনসন্ তাঁর ক্যাম্‌ডেনের ফ্যাক্টরিতে, আমেরিকায়।

বার্লিনারের আমেরিকার কোম্পানীর একজন ডাইরেক্টর ছিলেন উইলিয়াম ব্যারি ওয়েন। তাঁকে বার্লিনার লন্ডনে পাঠালেন, বার্লিনারের ডিসক্ রেকর্ড তৈরী পদ্ধতির পেটেন্ট হতে লাইসেন্স নিয়ে সেখানে আর একটি কোম্পানী প্রতিষ্ঠা করতে। ওয়েন গিয়ে উঠলেন লন্ডনের বিখ্যাত সিসিল হোটেলে এবং বার্লিনারের পেটেন্ট লাইসেন্স সম্বল করে মূলধন বিনিয়োগ করবার মতো লোকের সন্ধান করতে লাগলেন। বেশ কিছুকাল চেষ্টা করতে হয়েছিল। তার কারণ, জনসাধারণ তখন উন্নতমানের সিলিন্ডারের স্পষ্ট মিষ্ট স্বরে খুশীই ছিল। সিলিন্ডারের বহু নির্মাতা সারা ইউরোপে চুটিয়ে ব্যবসা করছিলেন। তার মধ্যে নতুন পদ্ধতির ডিসক্ রেকর্ড লোকে আদৌ পছন্দ করবে কিনা এই ছিল ভাবনা।

অবশেষে একজন ইংরেজ সলিসিটার, ট্রেভর লয়েড উইলিয়ামস্ এসে ব্যারি ওয়েনের সঙ্গে হাত মেলালেন। গঠিত হলো—দি গ্রামোফোন কোম্পানী লিমিটেড, ১৮৯৮ খৃষ্টাব্দের এপ্রিলে, প্রথমে সিসিল হোটেলেই অফিস, তারপর স্থানান্তরিত হলো ৩১ মেইডেন লেন, স্ট্র্যান্ড-ঠিকানায়, বাড়ির ভূগর্ভস্থ তলায়। বার্লিনারকে অনুরোধ করে সুদক্ষ রেকর্ড এক্সপার্ট (সেযুগে রেকর্ডিং এঞ্জিনিয়ারদের ঐ নাম বলা হতো) ফ্রেডারিক গেইসবার্গকে আমেরিকা থেকে লন্ডনে আনিয়ে স্থানীয় শিল্পীদের গান বাজনা রেকর্ড করা শুরু হলো। সেই ম্যাট্রিক্স হ্যানোভারে যোসেফ বার্লিনারের 'টেলিফোন ফেব্রিক্স' নামক কারখানায় পাঠিয়ে রেকর্ড তৈরী করে আনলে লন্ডনে সে রেকর্ডের বেশ চাহিদা হলো। ক্যামডেন থেকে এলড্রিজ রিভ্স্ জন্সন্ গ্রামোফোনের মেশিনের যাবতীয় যন্ত্রপাতি লন্ডনে পাঠাতে লাগলেন। লন্ডনে সেগুলি জুড়ে নিয়ে বাজারে দেওয়া হতে লাগল। ব্যবসায়ে সুনাম হতে লাগল, সঙ্গে সঙ্গে গেইসবার্গ ইউরোপে বিভিন্ন রাষ্ট্রে গিয়ে রেকর্ডিং করতে লাগলেন। বছর না ঘুরতেই কোম্পানী ৩১ মেইডেন লেনের গোটা বাড়ি নিয়ে কারবার চালাতে লাগলেন। তার একাংশে রেকর্ডিং স্টুডিও বানানো হলো।

ভারতে গ্রামোফোন কোম্পানী

ভারতবর্ষে তখন বিলাতি মালের খুব চাহিদা, আর তার ব্যবসায়ের জন্য সাহেব দোকানদারেরও অভাব ছিল না। তাঁরা শুধু ইংলন্ড নয়, জার্মানি, ফ্রান্স, ইটালি এমন-কি আমেরিকা থেকেও নানা কোম্পানীর এজেন্সী নিয়ে জাঁকিয়ে কারবার করতেন। সেইভাবেই ফোনোগ্রাফের এজেন্সী এদেশে অনেক বড়ো বড়ো শহরেই চলছিল। লন্ডনের গ্রামোফোন কোম্পানী ডিসক্ রেকর্ড আর গ্রামোফোন মেশিনের ভারতের জন্য সোল এজেন্সি দিয়েছিল 'মিউটোস্কোপ অ্যান্ড বায়োগ্রাফ' নামে একটি

বিলাতী কোম্পানীকে। তাদের হেড অফিস ছিল লন্ডনে, কিন্তু প্রধান কর্মকেন্দ্র ছিল কলকাতায়। আর একটি শাখা রেঙ্গুনে। বার্মা তখন ভারত সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। কলকাতায় ৩বি ডালহৌসি স্কোয়ারে মিউটোস্কোপ অ্যান্ড বায়োগ্রাফ কোম্পানীর কর্মকর্তা মিঃ সান্ডহাইমার কিন্তু বেশি নজর দিতেন বায়স্কোপ যন্ত্রের দিকে। ফলে গ্রামোফোন ও রেকর্ড অবহেলিত হোত।

বিলাতে বসেও গ্রামোফোনের সায়েবদের টনক নড়ল। তাঁরা পাঠিয়ে দিলেন তাঁদের একজন দক্ষ কর্মীকে, কলকাতায় সরেজমিনে তদন্ত করে দেখতে, ভারতবর্ষে গ্রামোফোনের ব্যবসায়ের কোনো ভবিষ্যৎ আছে কিনা। সেই সুদক্ষ কর্মীর নাম জন ওয়াট্‌সন হড্‌। তিনি এসে পৌঁছালেন ৭ জুলাই, ১৯০১ তারিখে। তিনি এসে দেখেন, কলকাতায় সিলিন্ডারের রমরমা ব্যবসা, অথচ ডিসক্‌ রেকর্ড চলে না। তিনি মিউটোস্কোপের কর্তা সান্‌ড্‌হাইমারের সঙ্গে কথা বলেই নিরস্ত হলেন না, বরং শুধু কলকাতা ঘুরেই সিদ্ধান্ত না নিয়ে বোম্বাই, মাদ্রাজ, দিল্লী প্রভৃতি শহরেও ঘুরে রিপোর্ট পাঠালেন— 'ভারতবর্ষ গান-বাজনার ব্যবসায়ের পক্ষে অতি উত্তম বাজার। এর থেকে ভালো ভবিষ্যৎ বাজার কল্পনাও করা যায় না। কোম্পানীর উচিত হবে উদ্যমহীন এজেন্সি বাতিল করে নিজস্ব শাখা কার্যালয় প্রতিষ্ঠা করা এবং কলকাতায় সে শাখা প্রতিষ্ঠা করলে কারবার জমবেই।'

এ দেশে বসে হড্‌ সায়েবের চিঠিপত্রে যেটুকু পরিচয় পেয়েছিলাম, সম্প্রতি লন্ডনে গিয়ে গ্রামোফোন কোম্পানীর আর্কাইভে তাঁর ধারাবাহিক চিঠিপত্র সব পড়ে এবং তাঁর সমগ্র জীবনকাহিনী জ্ঞাত হয়ে বুঝতে পারলাম, শুধু গ্রামোফোন কোম্পানীর ভারতীয় শাখা প্রতিষ্ঠা ও সু-পরিচালনার জন্য নয়, বস্তুত ভারতের ডিসক্‌ রেকর্ড ব্যবসায়ের বিস্তারে তাঁর দূরদৃষ্টি ও কর্মনিপুণতা বিশেষভাবে ফলপ্রসূ হয়েছিল।

তাঁর কর্মজীবন শুরু হয়েছিল এমিল বার্লিনারের সঙ্গে। তাঁর এঞ্জিনিয়ারিং কাজে দক্ষতা লক্ষ করে বার্লিনার তাঁকে পাঠান হ্যানোভারে, যোসেফ বার্লিনারের রেকর্ড কারখানা সাফল্যের সঙ্গে প্রতিষ্ঠা করতে। সে কাজ সম্পন্ন হবার পর তিনি যোগ দেন গ্রামোফোনের লন্ডন অফিসে। সেখান থেকে কলকাতায়।

অল্প সময়ের মধ্যে এজেন্সি প্রথা বাতিল করে ৮ নভেমবর, ১৯০১ সালে ৬/১ চৌরঙ্গী রোডে গ্রামোফোন কোম্পানীর কলকাতা অফিস খোলা হল। ছয়মাস না হতেই মে ১৯০২ তারিখে অফিসটি সরিয়ে নিতে হলো ৮/২ ডালহৌসি স্কোয়ার ঠিকানায় প্রশস্ততর ভবনে। আবার ১৯০৩-এর ১০ অক্টোবর অফিস নিয়ে যেতে হলো অনেকগুণ বড়ো পরিবেশে, ৭ এসপ্লানেড ইস্ট ঠিকানায়। অতি দ্রুত ব্যবসায় বৃদ্ধির সঙ্গে ভারতে এশিয়ার সর্বপ্রথম রেকর্ড কারখানা ১৯০৭ খৃষ্টাব্দে প্রতিষ্ঠিত

হলো ১৩৯ বেলেঘাটা মেইন রোডে। সেখানে অফিস স্থানান্তরিত না করা পর্যন্ত, এসপ্লানেড-ইস্ট ঠিকানাতেই পাঁচবছর এক নাগাড়ে ছিল গ্রামোফোনের অফিস।

হড্ ব্রাঞ্চ ম্যানেজার হওয়ার সঙ্গে সঙ্গে লন্ডনে চিঠি লিখতে লাগলেন, কোনো রেকর্ডিং এক্সপার্ট অবিলম্বে পাঠিয়ে সারা ভারতের শিল্পীদের রেকর্ড করাতে। সঙ্গে সঙ্গে এশিয়ার পূর্বাঞ্চল ঘুরে আরো অনেক বৈচিত্র্যপূর্ণ রেকর্ডিং করবার ব্যবস্থা করবার পরামর্শ দিতে লাগলেন। তার ফলে ইউরোপে যিনি রেকর্ডিং করে দিক্‌বিজয় করেছিলেন সেই ফ্রেডারিক গেইসবার্গ স্বয়ং চলে এলেন দলবল সহ কলকাতায়।

গেইসবার্গের রেকর্ডিং অভিযান পৃথকভাবে আলোচনার যোগ্য। হড্ সায়েব ব্যবসায় যে গতিতে বাড়াতে চেয়েছিলেন তা সম্পূর্ণ সফল হচ্ছিল না লন্ডন অফিসের দীর্ঘসূত্রতায়। তাঁর অভিযোগ, হ্যানোভার হতে রেকর্ড যেভাবে আসত তাতে প্রচুর রেকর্ড বেঁকে ব্যবহারের অযোগ্য হয়ে যেত। ক্যামডেন (আমেরিকা) হতে জন্‌সন্ মেশিন স্পার্টস্ যেভাবে পাঠাতেন, জাহাজের খোলে থেকেই তাতে জং ধরে যেত। হেড অফিস এসব অভিযোগের কোনো প্রতিকার করে নি, উল্টে রেকর্ডিং ইউনিটের এডিস নামে এক সায়েবকে পাঠালে কলকাতায় হড্‌কে সহায়তা করতে। এডিসের ব্যবহারে হড্ মনে করতে লাগলেন, তাঁর অধিকারে হস্তক্ষেপ করা হচ্ছে। তিনি লন্ডন অফিসে দেখা করে এ সবকিছুর ফয়সালা করতে গেলেন এবং কর্তৃপক্ষের সঙ্গে মতের অবনিবনা হওয়ায় পদত্যাগ করলেন।

তবে অত বড়ো কর্মীমানুষ কি বসে থাকেন ? তক্ষুনি হড্ সায়েবকে সমাদর করে ডেকে নেয় 'নিকোল রেকর্ড কোম্পানী' (The Nicole Record Co. Ltd.)। সেখানে তিনি একজন ডিরেক্টর নিযুক্ত হন এবং রেকর্ডিং-এর দলবল সহ চলে আসেন কলকাতায়। তাঁর চেনা শহর, চেনা গায়ক-গায়িকা, অচিরাৎ গ্রামোফোন কোম্পানীর সঙ্গে সংঘাত শুরু হলো। হড্ সে সময়ে অনেক বাংলা গান রেকর্ড করেন। তার মধ্যে রবীন্দ্রসংগীত থাকাও সম্ভব। গ্রামোফোন কোম্পানীর প্রবীণতম রেকর্ড-কর্মী রথীন সরকারের কাছে শুনেছি, হড্ সায়েব নাকি রবীন্দ্রনাথকেও অ্যাপ্রোচ করেছিলেন, কিন্তু কবির স্বদেশভক্তি এত গভীরভাবে জাগ্রত ছিল যে তিনি বিদেশী কোম্পানীতে রেকর্ড করতে সম্মত হন নি।

তবে কবিকে বেশিদিন প্রতীক্ষা করতে হয় নি। এইচ. বোস টমাস অ্যালভা এডিসনের কাছ থেকে ফোনোগ্রাফ যন্ত্র আনিয়ে রেকর্ড করা শুরু করলেই কবি সেখানে অনেকগুলি গান ও আবৃত্তি রেকর্ড করেছিলেন।

সেকালে রেকর্ডের লেবেলে গানের সঙ্গে গীতিকারের নাম দেওয়ার রীতি ছিল না, তাই অবাধে বহু রবীন্দ্রসংগীত সাধারণ রঙ্গমঞ্চে জনপ্রিয় হলেই তা রেকর্ডে উঠে

যেত। রবীন্দ্রনাথ তা নিয়ে কোনো দিন মাথা ঘামান নি। ১৯১৩ খৃষ্টাব্দে তিনি নোবেল প্রাইজ পাওয়ার পরে কবির পক্ষের সলিসিটার খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় কবির গান রেকর্ড করবার জন্য রয়ালটি দাবি করে চিঠি দেন। উত্তরে গ্রামোফোন কোম্পানীর সলিসিটার মর্গান অ্যান্ড কোং জানায়, গ্রামোফোন রবীন্দ্রনাথের কোনো গানই নাকি রেকর্ড করে নি। এই ভাবে অনেকদিন দুই পক্ষের সলিসিটারে বাদানুবাদ চলে। শেষে যখন লন্ডন অফিস জানতে পারে, অপর পক্ষে দাবিদার নোবেল পুরস্কার বিজয়ী রবীন্দ্রনাথ, তখন কবির শর্ত মেনে একটা চুক্তি স্বাক্ষর করতে বলে।

গ্রামোফোন কোম্পানীর সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয় ৫.১০.১৯২৬ তারিখে। তারপর গ্রামোফোনে কবি কিছু নতুন রেকর্ড করেন। পুরাতনও কিছু চালু থাকে। এমন-কি, ১৯২৬ খৃষ্টাব্দে যখন বেলেঘাটায় রেকর্ডিং স্টুডিওতে সর্বপ্রথম বৈদ্যুতিক প্রথায় রেকর্ডিং প্রবর্তিত হয় সেই উপলক্ষ্যে রবীন্দ্রনাথ বেলেঘাটা কারখানায় যান, তার উদ্বোধন করতে। প্রখ্যাত গীতিকার হীরেন বসু "জাতিস্মরের শিল্পীলোক" নামক ধারাবাহিক প্রবন্ধে 'নবকল্লোল' পত্রিকায় চৈত্র ১৩৬৮ সংখ্যায় 'পঞ্চদশী' ছদ্মনামে লিখেছিলেন—

'ইলেকট্রিক্যাল রেকর্ডিং ওপেন করবেন স্বয়ং রবীন্দ্রনাথ। যথাযথ তারিখে বেলেঘাটা গ্রামোফোন অফিসে সবাই উপস্থিত হলাম। ভট্টাচার্যিমশায় (ভগবতীচরণ) বললেন, রবীন্দ্রনাথ আসার পূর্বেই রেকর্ডিং মেশিন ঠিক কাজ করছে কিনা কোরান সাহেব দেখে নিতে চান। কোরান সাহেব ছিলেন তখনকার রেকর্ডিস্ট। মাইকের সামনে বসে গান করলাম ধীরেন (দাস) আর আমি; দুইটি রেকর্ডিং বেশ ভালই হলো।

'রবীন্দ্রনাথ এসে হাজির হলেন। সবাই তাঁকে স্বাগত জানিয়ে অভ্যর্থনা করলেন। মিঃ কুপার (জেনারেল ম্যানেজার) নিজে তাঁকে সঙ্গে করে সারা ফ্যাক্টরি ঘুরিয়ে এনে রেকর্ডিং রুমে বসালেন। কবির সঙ্গে গেছেন শ্রীযুক্ত প্রশান্তচন্দ্র মহলানবিশ। কবি করবেন রেকর্ডিং মেশিনের উদ্বোধন নিজকণ্ঠে আবৃত্তি দিয়ে। লাল আলো জ্বলে উঠলে ভট্টাচার্যি মশায় ইশারায় শুরু করতে জানান। রবীন্দ্রনাথ বললেন— শুরু করি ?

'ভট্টাচার্যিমশায় বললেন—এটা নষ্ট হয়ে গেল। লাল আলো জ্বললে আপনি আর কথা বলবেন না, একেবারে শুরু করে দেবেন।

'আবার সব রেডি। লাল আলো জ্বলে উঠলো। রবীন্দ্রনাথকে ইশারা করে ভট্টাচার্যিমশায় জানিয়ে দেন। রবীন্দ্রনাথ বলে ওঠেন—প্রশান্ত, তুমি আমার পাশটিতে এসে বসো।

'লজ্জিত হয়ে রবীন্দ্রনাথ বলেন— এটাও নষ্ট করলেম তো ? একটু নার্ভাস অনুভব করছিলাম, তাই প্রশান্তকে কাছে ডাকলাম।

'আবার শুরু—এবার কিন্তু অনবদ্যভাবেই কবি তাঁর আবৃত্তি শেষ করলেন। মাঝে একটু আধটু গলার খাকরি নম্রভাবে রেকর্ড হয়ে গিয়েছিল। তাতে কিছু আসে যায় না।

'দু'খানি আবৃত্তির টাইটেল শেষ করে উনি যখন উঠে ফিরে গেলেন তখন প্রায় চারটে বাজে। সবাই আশীর্বাদ নিয়ে ঘন্টা খানেক অন্যান্য টাইটেল রেকর্ডিং শেষ করে উদ্বোধনীর অধ্যায় সাঙ্গ করা হলো।'

চিৎপুর রোডের 'বিষ্ণুভবনে' রিহার্সাল রুমেও কবি কয়েকদিন গিয়েছিলেন। দমদমে নতুন ফ্যাক্টরি তৈরী হলে যে পৃথক বাড়িতে চমৎকার রেকর্ডিং স্টুডিও করা হয়, তারও উদ্বোধন করেছিলেন রবীন্দ্রনাথ।

কলের গানের ব্যবসায়

ব্যবসায় হিসাবে কলের গান লাভজনক শুধু নয়, সম্মানীয় ব্যবসায়ও বটে। তাই দেখি, ভারতবর্ষে অনেকে এই ব্যবসায়ে লিপ্ত থেকে পুরুষ-পুরুষানুক্রমে ক্রমোন্নতি করেছেন। যেমন কলকাতায় এম. এল. সাহা, সি. সি. সাহা, আর. এল. সাহা প্রভৃতি একই পরিবারভুক্ত কয়েক পুরুষ, এবং জে.এন.ঘোষ ও তাঁর ভ্রাতুষ্পুত্র কমল, 'মেলোডি'-র সুশীল মুখার্জী ও তাঁর পুত্র উৎপল প্রভৃতি। দিল্লীতে মহারাজা লাল অ্যান্ড সন্স-এর বোধহয় পঞ্চম পুরুষ শুরু হয়েছে। তাঁদের দোকানের সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। আরো অনেক শহরে এমন পরিবার অনেক আছেন।

গ্রামোফোন রেকর্ড রেডিও প্রভৃতিকে ব্যবসায়িক ভাষায় বলা চলে Consumers' Durable Goods অর্থাৎ ক্রেতা এ-সব সামগ্রী কিনে দীর্ঘকাল ব্যবহার করতে পারেন। দীর্ঘকাল বলতে কতটা সময় ? তার একটা উদাহরণ বলি। গ্রামোফোন কোম্পানীর বিলাতে মূল কোম্পানী ঈ. এম. আই.-এর চেয়ারম্যান স্যার যোসেফ লকউড ১৯৫৯-এর জানুয়ারিতে ভারতে এসে কলকাতায় কয়েকটি বড়ো ডিলারের দোকানে গিয়েছিলেন। চিৎপুর রোড ও মহাত্মা গান্ধী রোড জংশনে কে. সি. দে অ্যান্ড সন্স একটি প্রাচীন রেকর্ড ডীলারের দোকান। তাদের শো কেসে একটি চোঙাযুক্ত গ্রামোফোন মেশিন রাখা ছিল যা চল্লিশ বছর আগে কালীঘাটের এক খরিদ্দার কে. সি. দে সন্স থেকেই কিনেছিলেন। দীর্ঘ চল্লিশ বছর তা নিয়মিত ব্যবহার করেছেন বলে তিনি চিঠিতে জানিয়েছিলেন। সেই মেশিন ও চিঠি দেখে স্বয়ং স্যার যোসেফ থ' হয়ে গিয়েছিলেন।

নাট্যকার শচীন্দ্রনাথ সেনগুপ্তের 'সিরাজদ্দৌলা' নাটক রেকর্ডে অভাবনীয় জনপ্রিয় হয়। তারই স্মারক হিসাবে শচীন্দ্রনাথ গ্রামোফোন কোম্পানীর উপহার পেয়েছিলেন

একটি 'হিজ মাস্টার্স ভয়েস' রেডিও। শচীনদার পড়ার ঘরে বইপত্রের মধ্যে রেডিওটি আমি যখন দেখি, তখন তিনি বললেন, ঐখানেই ওটি দীর্ঘ ২৬ বছর রয়েছে এবং নিয়মিত সংবাদ শোনাচ্ছে।

এইচ. এম. ভি. জিনিসের এই সুনাম বর্তায় তার ডিলারশিপে, কলের গানের ব্যবসায় হয়ে ওঠে একটি উঁচু সম্মানযুক্ত ক্যারিয়ার। কলের গানের ব্যবসায়ীদের সুসংবদ্ধ সমিতি ছিল। তাদের বাৎসরিক সম্মিলন হোত। কোম্পানী হতেও সমিতিতে ডিলারদের সঙ্গে সহযোগিতা করা হোত। এই ডিলারদের উৎসাহ ও সহযোগিতায় অনুষ্ঠিত হোত রবীন্দ্রসংগীতের রেকর্ডের বিশেষ অনুষ্ঠান। কলকাতায় বহু ডিলার রবীন্দ্রসংগীতের প্রচার প্রসারে বিশেষ আগ্রহী। যেমন রাসবিহারী এভিনিউ এবং গোলপার্কের বিখ্যাত রেকর্ড বিপণি 'দি মেলোডি', ধর্মতলার সি. সি. সাহা লিমিটেড প্রভৃতি।

ভারতীয় ভাষায় প্রথম রেকর্ড

গেইসবার্গ ভারতে রেকর্ড করতে এসেছিলেন ১৯০২ খৃষ্টাব্দের অক্টোবরে। তাঁর অনেক আগেই তিনি বিলাতে বসে লন্ডন-প্রবাসী ভারতীয় শিল্পীদের দিয়ে কিছু হিন্দুস্থানী, গুজরাটি ও গুরুমুখী গানের সঙ্গে আরবি, ফার্সি ও উর্দু ভাষার গানও রেকর্ড করেন। এই গানগুলির সাধারণ পরিচয় ছিল 'প্রাচ্যদেশীয়' (Oriental) বলে এবং ১৮৯৯ খৃষ্টাব্দের মে মাসে এমন ৪৯টি রেকর্ডের একটি পৃথক ক্যাটালগও গ্রামোফোন কোম্পানী থেকে লন্ডনে প্রকাশিত হয়। ওটিই ভারতীয় ভাষার প্রথম রেকর্ড ক্যাটালগ।

ভারতীয় ভাষার প্রাচীন রেকর্ডের এমন একটি তালিকার ছবি এই গ্রন্থে দিলাম। সেটি ভারতীয় তা বোঝাবার জন্য উপরেই ছাপা হয়েছে দিল্লীর একটি পুরাতন মসজিদের ছবি। আর বর্ণিত রেকর্ডগুলি যে বিশেষ করে সেই সব ইংরেজদের জন্যই তৈরী করা হয়েছে যাঁরা ভারতে আছেন বা ভারতে কার্য উপলক্ষ্যে যাবেন, তার জন্য সুস্পষ্ট আবেদনও রয়েছে।

উর্দু ও রোমান হরফে লেখা এই তালিকার উপরে ইমারতটির ছবির নীচে পরিচয় "THE QUADRANGLE, DELHI." তারপর রেকর্ডের বর্ণনায় বলা হয়েছে— These Hindustani Records are probably the best proof of the far-reaching properties of the Gramophone, and they must be of especial interest to all loyal Englishmen, as being representatives of our Eastern possessions.

এতে লক্ষ্য করা যায়, রামায়ণ থেকেই বেশির ভাগ গান নেওয়া হয়েছে। তার পরেই 'রাসমন্ডল' অপেরার গান এবং 'হোলি'। রাম, শ্রীকৃষ্ণ এবং রাধাকে নিয়েই যে ভারতীয় কৃষ্টির মুখ্য পরিচয় এটি সেকালের ইংরাজের দৃষ্টি এড়ায় নি। তবে যে ইমারতটির ছবি দেওয়া হয়েছে সেটি ইসলামী। সহাবস্থানের নিদর্শন হিসাবে এটি মেনে নিলেও বিবৃত গানগুলির সঙ্গে ঐ ইমারতের ছবিটির ব্যবহার বৈদেশিক অসাবধানতার পরিচায়ক।

এ প্রাচান তালকার ভারতায় রেকডগুাল (১৫ খান) ববরণ লম্নরূপ :—

উর্দুতে বিবরণ	রেকর্ড নং	রোমান হরফে বিবরণ	শিল্পী
	10000	Song from Ramayana	Dr. Hamamdas
	10001	Song from Ramayana	Dr. Hamamdas
	10002	Song from Ramayana	Dr. Hamamdas
	10011	Selections from Ramayana. I	
	10012	Selections from Ramayana. II	
	10015	Selections from Ramayana. III	
	10016	Selections from Ramayana. IV	
	10017	Selections from Ramayana. V	
	10024	Selections from Ramayana. VI	
	10025	'Holi' (Spring song)	Captain Bhola Nauth.
	10027	Selections from Ramayana. VII	
	10028	Selections from Ramayana. VIII	
	10035	Rahas Mandal (Opera) Selection. I	
	10036	Rahas Mandal (Opera) Selection. II	
	10037	Selections from Ramayana.	

ঐ রেকর্ডগুলির শিল্পী ড. হরনামদাস এবং ক্যাপ্টেন ভোলানাথের কোনো পরিচয় খুঁজে পাই নি। তাঁদের উদ্দেশে সশ্রদ্ধ নমস্কার জানাই যাঁরা বিদেশে থেকেও ভারতীয় ভাষায় সেই আদিম যুগেই রেকর্ড করেছিলেন সেই কথা স্মরণ করে। মনে হয় রেকর্ডগুলি ছিল সাত ইঞ্চি এবং অবশ্যই এক পিঠ ছাপা।

সিলিন্ডার রেকর্ড বহু দিন আগে লুপ্ত হওয়ায় আমি এদেশে বসে তার কোনো নমুনা পাই নি। যখন আমেরিকায় এডিসনের ল্যাবরেটরিতে গিয়েছিলাম তখন এডিসন হিস্টোরিক সাইটের ডিরেক্টর তাঁর নিজ সংগ্রহ থেকে একটি সিলিন্ডার রেকর্ড আমায় সুভেনির হিসাবে উপহার দেন। তার কভারে এডিসনের ছবি ও স্বাক্ষর ছাপা। সেটি ছিল একটি ইংরাজি গানের রেকর্ড। তার ছবি এই গ্রন্থে দিলাম।

আক্ষেপের বিষয় এই যে ভারতবর্ষে দীর্ঘকাল সিলিন্ডার রেকর্ড চালু ছিল তবু একমাত্র ডঃ সুকুমার সেনের কাছে এইচ. বোসের রেকর্ডের ক্যাটালগ ব্যতীত আর কোনো সিলিন্ডার রেকর্ডের ক্যাটালগ পাই নি।

কবিকণ্ঠে 'বন্দে মাতরম' গানের রেকর্ড

রবীন্দ্রনাথ নিজের সুরে 'বন্দে মাতরম' গানটি ১৮৯৬ খৃষ্টাব্দে কলকাতায় অনুষ্ঠিত ভারতের জাতীয় কংগ্রেসের অধিবেশনের উদ্বোধনে গেয়েছিলেন। কিন্তু রেকর্ডেও গেয়েছিলেন তা জানতাম না।

'কবিকণ্ঠ' লিখবার জন্য উপকরণ সংগ্রহে আমি যখন ব্যাকুল হয়ে ঘুরছিলাম সেই সময় একদিন জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে বিশ্বভারতীর প্রকাশনা বিভাগের শ্রদ্ধেয় পুলিনবিহারী সেন আমায় একখানি পরিচয় পত্র দিয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্বনামধন্য অধ্যাপক ড. সুকুমার সেনের ২৭নং গোয়াবাগান লেনের বাসস্থানে পাঠান। পুলিনদার চিঠিখানির তারিখ ছিল ৫ এপ্রিল, ১৯৫৪। পুরাতন কাগজপত্রের মধ্যে সেই অমূল্য পত্রখানি খুঁজে পেয়েছি। এই গ্রন্থে তার প্রতিলিপি ছেপে দিলাম।

চিঠিখানি নিতান্ত মামুলি হলেও তা দিয়েই 'বন্দে মাতরম' গানের রেকর্ডের সন্ধান পাই। তাই তা এখন একটি মহামূল্যবান দলিল। ড. সেন সে চিঠিটুকু আমার কাছ থেকে নিয়ে পড়ে আবার আমাকেই ফিরিয়ে দিয়ে বলেছিলেন, 'পুলিন বলেছে ঠিকই। ছোটবেলায় রেকর্ড তালিকা সংগ্রহ করার বাতিক ছিল আমার। আমি কয়েকটি ক্যাটালগ এক সঙ্গে করে বাঁধিয়েও রাখতাম। কিন্তু সে সব পুরাতন বইপত্র কিছুই কলকাতায় নেই, সবই আমার বর্ধমানের বাড়িতে। আমি খুঁজে দেখব। যদি পাই, নিয়ে আসব।'

তখন তিনি প্রতি শনিবারে বর্ধমানে গিয়ে সোমবারে কলকাতায় ফিরে আসতেন। আমাকে পরের মঙ্গল-বুধবারে গিয়ে সাক্ষাৎ করবার জন্য বললেন। তিনি নানা গুরুত্বপূর্ণ কাজে ব্যস্ত থাকতেন। তাই সামান্য পুরাতন রেকর্ড ক্যাটালগ খুঁজে কলকাতায় আনবার কথা মনে থাকত না। আমি কয়েক সপ্তাহ পর পর গিয়ে ব্যর্থ হয়ে ফিরলেও শেষ পর্যন্ত সত্যই ড. সেন একদিন আমায় দু'খানি বাঁধানো প্রাচীন ক্যাটালগ দিয়েছিলেন। তার মধ্যে মার্চ ১৯০৬-সংখ্যক এইচ. বোসের রেকর্ড ক্যাটালগ-খানিতেই খুঁজে পেয়েছিলাম সিলিন্ডার রেকর্ডে রবীন্দ্রনাথের কণ্ঠে 'বন্দে মাতরম' গান এবং অনেকগুলি রবীন্দ্রসংগীতের রেকর্ডের তালিকা। একখানি প্যাথে-এইচ. বোস রেকর্ডের একপিঠে 'বন্দে মাতরম' গান, আর অপর পিঠে 'সোনার তরী' আবৃত্তি দিয়ে ১১ ইঞ্চি ডাবল সাইডেড রেকর্ড যা আমি পরে এইচ. বোসের বাড়ি থেকে খুঁজে পেয়েছিলাম, তা যে ঐ বিষয়ের দুটি সিলিন্ডার থেকেই নেওয়া তাও বোঝা গেল যখন দেখলাম ঐ রেকর্ডখানির 'বন্দে মাতরম' গানের লেবেলে রেকর্ড নম্বর 36250 এবং 'সোনার তরী' আবৃত্তির লেবেলে রেকর্ড নম্বর 36369।

আমি ড. সেনের বাড়িতে বসেই ক্যাটালগের প্রয়োজনীয় অংশ সমূহের ফোটো তুলে হাতে হাতে বই ফেরত দিলে ড. সেন বিশেষ প্রসন্ন হয়েছিলেন।

৪৫ আমহার্ষ্ট স্ট্রীটে যে বাড়িতে আমি তখন বাস করতাম তার মাত্র আটখানি বাড়ি পরেই ছিল এইচ. বোসের বিরাট প্রাসাদোপম বাড়ি। সে বাড়ির তখন গৃহকর্তা ছিলেন এইচ. বোসের জ্যেষ্ঠপুত্র হিতেন্দ্রমোহন বসু। সুলেখক, চিত্রকর এবং সূক্ষ্মরুচির মানুষ বলে তাঁর খ্যাতিও কম ছিল না। তিনি প্রতি শুক্রবার বিকালে কলেজ স্ট্রীটে এম. সি. সরকার এন্ড সন্স-এর বইয়ের দোকানে শ্রীযুক্ত সুধীর সরকারের বৈকালিক আড্ডায় যেতেন শুনে রবিবাসরের সদস্য অচিন্ত্যকুমার সেনগুপ্তের মাধ্যমে হিতেন-বাবুর সঙ্গে সেখানে গিয়ে পরিচিত হয়েছিলাম। তাঁর কাছ থেকে অনেক তথ্য পেয়ে 'গল্পভারতী' পত্রিকার বৈশাখ ১৩৬১ সংখ্যায় "রেকর্ডে রবীন্দ্রনাথ" প্রবন্ধটি লিখেছিলাম। সেটি হিতেনবাবু দেখেছিলেন। এবার এইচ. বোসের প্রাচীন ক্যাটালগ থেকে তোলা ফোটোগুলি তাঁকে দেখালে তিনি বললেন, 'বাবার তৈরী 'বন্দে-মাতরম' গানের রেকর্ড সব পুলিস এসে ভেঙে দিয়েছিল বলেই শুনেছি। তবু আমি খুঁজে দেখব। যদি পাই, জানাব।'

তাঁর বাড়ির কাছাকাছি থাকতাম বলে নানা উপলক্ষ্যে হিতেনবাবুর কাছে যাওয়ার সুযোগ হোত। 'কবিকণ্ঠ' বই ছাপা শুরু হলেও তাঁকে জানিয়েছিলাম এবং ছাপা ফর্মাও দেখিয়েছিলাম। আমার ঐকান্তিক ইচ্ছা ছিল; যদি হিতেনবাবু একখানি 'বন্দে মাতরম' গানের রেকর্ড খুঁজে পান তবে ক্যাটালগে পাওয়া যে সব তথ্য 'কবিকণ্ঠে'

ছাপছিলাম তার সঙ্গে ঐ রেকর্ডখানির ছবিও দিতাম। তাঁর তখন বয়স হয়েছে, শরীরও সুস্থ ছিল না, তবু আমাকে উৎসাহিত করতেন এবং আশ্বাস দিতেন।

এভাবে অনেক দিন কাটল। শেষে একদিন হিতেনবাবু কেমন আছেন জানতে গিয়ে শুনি তিনি খুবই অসুস্থ। আমি তাঁর ঘরে গিয়ে দেখলাম, ছত্রী খাটে তিনি শায়িত। শিয়রে তাঁর মা একখানি চেয়ারে বসে। আমাকে দেখে হিতেনবাবু বললেন— 'কবিকণ্ঠ' বোধহয় আমি দেখে যেতে পারলাম না। আপনাকে 'বন্দে-মাতরম' গানের রেকর্ডও দিতে পারলাম না।

আমাদের কথাবার্তা শুনে কাছে বসে থাকা তাঁর মা বললেন, শিবনারায়ণ দাস লেনের বাড়ি থেকে আমহার্স্ট স্ট্রীটের বাড়িতে আসবার সময় রেকর্ড বিষয়ে কাগজপত্র সহ একখানি ঐ রেকর্ড একটি পৃথক ট্রাঙ্কে তিনি এ বাড়িতে এনেছিলেন। গুদামে খুঁজলে হয়তো পাওয়া যাবে।

শুনে হিতেনবাবু তাঁর এক লোক দিয়ে আমায় পাঠালেন তাঁদের বাড়ির একতলায় একটি তালাবন্ধ ঘরের জিনিসপত্র দেখাতে। পরিত্যক্ত আসবাবপত্রের মধ্যে সেই আকাঙ্ক্ষিত ট্রাঙ্কটি পাওয়া গেল এবং তার মধ্যে সত্যই একখানি বন্দে মাতরম গানের রেকর্ডও ছিল।

যে ফোনোগ্রাফ যন্ত্রে এইচ. বসু কবিকণ্ঠের রেকর্ড করেছিলেন তার ভগ্নাবশেষ ঐ ঘরেই এক টেবিলের তলায় খুঁজে পেয়েছিলাম। ও বাড়িতে বসেই কেরোসিন দিয়ে মুছে সেই মেশিনটার এবং 'বন্দে মাতরম' রেকর্ডখানির দুই পিঠের ফোটো তুলে সব জিনিসপত্র সেখানেই গুছিয়ে রেখে এলাম। রেকর্ডটি পাওয়া গেছে শুনে হিতেন-বাবুর মুখে যে প্রসন্ন হাসিটি ফুটে উঠেছিল তা যেন আজও চোখ বুজলে দেখতে পাই।

ঐ রেকর্ড ও মেশিনের ছবি দিয়ে ১৯৬২ পূজা সংখ্যা 'অমৃতবাজার পত্রিকা'য় "Recordings of Rabindranath" নামে আমার একটি প্রবন্ধ বেরিয়েছিল। 'কবিকণ্ঠ' গ্রন্থেও সে-সব ছবি দেওয়া গিয়েছিল। কিন্তু গভীর পরিতাপের বিষয় এই যে 'কবিকণ্ঠ' গ্রন্থখানি হিতেনবাবু দেখে যেতে পারেন নি। যখন (ফাল্গুন ১৩৬৯) বই বেরুল, তার মাত্র দু-তিন সপ্তাহ আগে ১৫ মাঘ, ১৩৬৯ তারিখে সেই সহৃদয় মহানুভব মানুষটির তিরোধান ঘটে।

তবে গ্রামোফোন কোম্পানীতে রেকর্ডখানি দেখালে রেকর্ডিং অধিকর্তা মিঃ পি. কে. সেন তা থেকে নতুন রেকর্ড তৈরী করতে কিছুতেই সম্মত হলেন না। তিনি নানা অজুহাতে ব্যাপারটা এড়াতে চাইলেন। আমার তাই উপায় খুঁজতে হলো ভারত সরকারকে ধরতে, যাতে তাঁরা যদি রেকর্ডখানি অন্তত রেডিওতে বাজান এবং পরে তা

থেকে সরকারি নির্দেশে রেকর্ড বের করেন।

অভাবনীয়ভাবে সে সুযোগ এসেছিল, তবে তার জন্য কয়েক বৎসর অপেক্ষা করতে হয়েছিল।

রবীন্দ্র-শতবার্ষিকীতে রবিবাসরের সদস্যা লেডি রাণু মুখোপাধ্যায়ের আগ্রহে সদস্য যতীন্দ্রমোহন মজুমদারের ১, চৌরঙ্গী টেরাসের বাড়িতে ৩ আষাঢ়, ১৩৬৮ তারিখে 'রবিবাসরে' আমি কবিকণ্ঠের রেকর্ড বাজিয়ে একটি বক্তৃতা করি। তাতে রবীন্দ্রনাথের গাওয়া 'বন্দে মাতরম' গানের রেকর্ডখানির উল্লেখ করি। সে সভায় 'আনন্দবাজার পত্রিকা'র তৎকালীন সম্পাদক এবং রবিবাসরের সদস্য চপলাকান্ত ভট্টাচার্য (এম. পি) উপস্থিত ছিলেন। তিনি ব্যক্তিগতভাবে পরিচিত ছিলেন প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুর সঙ্গে। সংসদ চলাকালে চপলাবাবু দিল্লিতেই থাকতেন। তখন একদিন নেহরুর বাসভবনে চায়ের আসরে আমন্ত্রিত হলে চপলাবাবু পণ্ডিত নেহরুর কাছে গুরুদেবের কণ্ঠে বন্দে মাতরম গানের রেকর্ড আবিষ্কারের কাহিনী বলেন। শুনে নেহরু খুবই আগ্রহ প্রকাশ করায় চপলাবাবু আমাকে পত্র দিয়ে বিস্তারিত বিবরণ চেয়ে পাঠান। তার উত্তরে আমি রেকর্ড খুঁজে পাবার বিবরণ-সহ একখানি 'কবিকণ্ঠ' বই এবং 'অমৃতবাজার' পূজা সংখ্যাটি (১৯৬২) নেহরুর জন্য চপলাবাবুর কাছে পাঠাই। পরে খবর পাই, এই গুরুত্বপূর্ণ সংবাদটি পার্লামেন্টে বলা হয়। চপলাবাবু আমায় জানিয়েছিলেন, এবার ঐ রেকর্ড বের করার কিছু ব্যবস্থা করা হবে।

নেহরু চপলাবাবুকে আশ্বাস দিয়েছিলেন কিন্তু কিছু করে যাওয়ার সময় পেলেন না। তাঁর আকস্মিক প্রয়াণের পর লালবাহাদুর শাস্ত্রী প্রধানমন্ত্রী হলে তাঁকেও চপলাবাবু একই অনুরোধ করেন। তিনি নাকি রেকর্ডখানি দেখতেও চেয়েছিলেন। কিন্তু তিনি তাসখন্দে গিয়ে আর ফিরলেন না। তারপরেই প্রধানমন্ত্রী হলেন শ্রীমতী ইন্দিরা গান্ধী, যিনি রবীন্দ্রনাথকে গভীরভাবে শ্রদ্ধা করতেন। চপলাবাবুর মুখে রেকর্ডটির কথা শুনে তিনি তখনই চপলাবাবুর উপস্থিতিতে তৎকালীন তথ্য ও বেতার মন্ত্রী রাজবাহাদুরকে নিজে ফোনে আদেশ করেন রেকর্ডখানি রেডিওতে প্রচারের ব্যবস্থা করতে। রাজবাহাদুর তাঁর কর্তব্য করেছিলেন। তিনি আকাশবাণীর ডিরেকটর জেনারেলকে আদেশ করেন। সে আদেশের ঢেউ গুরুত্ব হারাতে হারাতে কলকাতায় যে অফিসারের কাছে পৌঁছাল তিনি রেকর্ডখানির মালিককে অবিলম্বে রেকর্ড নিয়ে তাঁর সঙ্গে দেখা করবার জরুরি নির্দেশ দিলেন। সে চিঠির ভাষায় হিতেনবাবুর পুত্র অনুপবাবু অত্যন্ত ক্ষুব্ধ হন এবং আমার কাছে বলেন, তিনি কেন দেখা করতে যাবেন? যাঁদের গরজ তাঁরাই তো তাঁর সঙ্গে দেখা করতে আসতে পারেন।

অগত্যা ও ঢেউ বিলীন হতে বিলম্ব হলো না।

রাজবাহাদুরের আদেশ যে অফিসিয়াল ঔদাসীন্যের চড়ায় ঠেকে গেছে সে খবর আমি চপলাবাবুকে জানিয়েছিলাম। সেই সময় একটি নতুন পরিস্থিতির উদ্ভব হওয়ায় যেন কাজের জোয়ার এসে চড়ায় ঠেকা নৌকাটিকে স্রোতের মুখে ভাসিয়ে নিয়ে গেল। কলকাতায় ক্যাথিড্রাল রোডে 'রবীন্দ্র সদন' (তখন নাম শোনা গিয়েছিল 'রবীন্দ্র স্মরণী') উদ্বোধনের জন্য পশ্চিমবঙ্গের তৎকালীন মুখ্যমন্ত্রী শ্রদ্ধেয় প্রফুল্ল চন্দ্র সেন দিল্লীতে দরবার করতে গেলেন প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যাতে কলকাতায় এসে ঐ সদন-এর দ্বারোদ্‌ঘাটন করেন। ইন্দিরা শত কাজের মাঝেও কিন্তু ভোলেন নি, আশ্চর্য স্মৃতিশক্তির পরিচয় দিয়ে প্রফুল্লবাবুকে বলে দিলেন, 'যাব, যদি গুরুদেবের কণ্ঠে 'বন্দে মাতরম্' গান প্রাচীন রেকর্ড থেকে বাজিয়ে সদনের দ্বারোদ্‌ঘাটন সভার উদ্বোধন করাতে পারেন।' রেকর্ডটির সন্ধান এম. পি. কোয়ার্টারের বাসিন্দা কংগ্রেস এম. পি. চপলাকান্ত ভট্টাচার্যের কাছে পাওয়া যাবে তাও জানিয়ে দিলেন। বলা বাহুল্য, প্রফুল্ল সেন অবিলম্বে চপলাবাবুর সঙ্গে সাক্ষাৎ করলেন। এবার মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেনের আমন্ত্রণ পত্র এল অনুপবাবুর কাছে এবং তাঁর আন্তরিক আগ্রহে সাড়া দিয়ে অনুপবাবু 'বন্দে মাতরম' গানের রেকর্ডখানি মুখ্যমন্ত্রীর হাতে তুলে দিলেন। তাই থেকে টেপ করিয়ে সেই টেপ বাজিয়ে রবীন্দ্রসদনের 'উদ্বোধন' হয়েছিল। মূল রেকর্ড (ও একটি টেপ) অনুপবাবু ফেরত পেয়েছিলেন।

টেপ করাটাও সহজে হয় নি। সরকারি কর্তারা প্রাচীন রেকর্ডখানি গ্রামোফোন কোম্পানীতে পাঠিয়ে দশটি টেপ করে দেবার অর্ডার দেন। এইচ. এম. ভি. স্টুডিওর তৎকালীন ম্যানেজার মিঃ গ্রিন ঐ প্রাচীন রেকর্ডখানি একবার আমার কাছ থেকে পেয়ে দেখেছিলেন, তাই আমায় এসে জানালেন, কেন্দ্রাতিগ রেকর্ড বাজাবার মেশিন তখন আর দমদমে ছিল না, তাই কোনো একটা উপায় করে দিতে। উপায় করে দিয়েছিলাম। সি. সি. সাহার চণ্ডীবাবুকে সমস্যাটা বললাম। তিনি বললেন রেকর্ডটা পাঠান, চেষ্টা করে দেখি। তাঁর হিন্দুস্থান রেকর্ডের ল্যাবরেটরিতে খ্যাতনামা শব্দযন্ত্রী মধু শীল ছিলেন। শুনেছি তিনিই নাকি ঐ কেন্দ্রাতিগ গতিবিশিষ্ট প্রাচীন রেকর্ড বাজিয়ে তা থেকে দশটি টেপ করে দিয়েছিলেন।

১৯৬৬ খৃষ্টাব্দে 'রবীন্দ্র সদন' উদ্বোধনের আগের দিন পশ্চিমবঙ্গ সরকারের প্রেস কনফারেন্সে ঘোষণা করা হয়, তাঁরা একটি অত্যাশ্চর্য গান শুনিয়ে রবীন্দ্র সদনের দ্বার উদঘাটনের ব্যবস্থা করেছেন। সাংবাদিকদের জেরার মুখে বোধহয় অবাঙালি প্রচার অধিকর্তা বলেই ফেলেছিলেন তাঁরা একখানি প্রাচীন রেকর্ড আবিষ্কার করেছেন যাতে

রবীন্দ্রনাথের কণ্ঠে বন্দে মাতরম গানটি শোনা যাবে। শুনে সাংবাদিকরা বললেন—সে তো ১৯৬২ খৃষ্টাব্দের 'অমৃতবাজার পত্রিকা'র পূজা সংখ্যায় এবং ১৯৬৩ খৃষ্টাব্দে প্রকাশিত 'কবিকণ্ঠ' গ্রন্থেই জানা গিয়েছিল।

আমি ঐ সরকারি প্রেস কনফারেন্স এর কথা সেইদিনই জানতে পারলাম অর্থাৎ ৮ মে ১৯৬৬, রবীন্দ্র সদনের উদ্বোধনের আগের দিন সন্ধ্যাবেলায়। বাইরে থেকে ঘরে ফিরে দেখি আমার আমহার্ষ্ট স্ট্রীটে মাথা গুজবার ঠাঁইটুকুতে 'আনন্দবাজার' আর 'অমৃতবাজার' দুইগোষ্ঠীর দুই খ্যাতিমান রিপোর্টার অনেকক্ষণ ধরে বসে আছেন। তাঁরা খুঁটিয়ে আমার কাছ হতে জেনে নিলেন, কবে, কিভাবে, আমি সেই প্রাচীন রেকর্ড-খানি খুঁজে বের করেছিলাম। 'অমৃতবাজারে'র লোক নোট নিয়ে চলে গেলেন। 'আনন্দবাজারে'র সন্তোষ ঘোষ আমার বিশেষ বন্ধু ছিলেন। তাঁর পত্রবাহক বসে রইলেন। তাঁকে আমার বক্তব্য লিখে দিতে হলো, তবে তিনি উঠলেন। আমার সেই লেখাটি পরদিনই আমার নামে 'আনন্দবাজার পত্রিকা'য় বেরিয়েছিল সম্পাদকীয় পৃষ্ঠায় রবীন্দ্রনাথের একখানি মহিমময় ছবিসহ। প্রবন্ধের নাম ছিল "রেকর্ডে বন্দে মাতরম", আর 'অমৃতবাজার পত্রিকা'য় বেরুল '"Much Valued National Treasure" শিরোনামে। দুটি পত্রিকাতেই ২৫ বৈশাখ ১৩৭৩ (সোমবার, ৯ মে, ১৯৬৬)—যে দিন রবীন্দ্রসদনের উদ্বোধন হয় সেদিন বেরোয়। তবে দুঃখের বিষয় জরুরী প্রয়োজনে প্রধানমন্ত্রীর কলকাতায় আসা বাতিল করতে হয়েছিল। তাঁর ব্যক্তিগত অনুরোধে জাতীয় অধ্যাপক শ্রদ্ধেয় ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায় রবীন্দ্র সদনের দ্বারোদঘাটন সভায় সভাপতিত্ব করেন।

রেডিওতে সেদিন সন্ধ্যায় দুইবার কবিকণ্ঠে 'বন্দে মাতরম' গানটি বাজানো হয়েছিল। ঘরে বসেই শুনেছিলাম। শান্তিনিকেতনে বসে আচার্য প্রবোধচন্দ্র সেনও সেই গান শুনে এত প্রীত হয়েছিলেন যে পরদিন ২৬ বৈশাখ তিনি আমাকে একখানি পত্র লেখেন যা আমার জীবনের সর্বশ্রেষ্ঠ পুরস্কার বলে মনে করি। বন্দে মাতরম গানের রেকর্ড বিষয়ে আমার একটি সাক্ষাৎকার নিয়েছিলেন রবীন্দ্রতত্ত্ববিদ্ সঙ্গীতশাস্ত্রী শ্রীযুক্ত অমিতাভ ঘোষ, সেটি তাঁর সম্পাদিত 'বিশ্ববীণা' পত্রিকায় এপ্রিল-জুন ১৯৬৭ সংখ্যায় প্রকাশিত হয়েছিল (পৃষ্ঠা ১০৯-১১৪)। তাতেও তিনি আচার্য প্রবোধচন্দ্রের সেই চিঠিখানি উদ্ধৃত করেছিলেন। চিঠিটি এই-

শান্তিনকেতন
২৬শে বৈশাখ, ১৩৭৩

কল্যাণীয়েষু সন্তোষ,

কাল তোমার লেখা (কবিকণ্ঠে বন্দে মাতরম্) আনন্দবাজারে পড়ে খুব খুশি হয়েছি। খুশি হয়েছি দুই কারণে (১) রবীন্দ্রনাথের কণ্ঠে বঙ্কিমচন্দ্রের বন্দে মাতরম্ গান এবং তার সুর ধরে রাখার এবং প্রচারের মূল্য অসীম। এত দিন পরে তার উদ্ধার, সংরক্ষণ ও প্রচার যে কত গৌরবের ও আশার কথা তা বলে শেষ করা যায় না। (২) আর তার মূলে রয়েছো তুমি। এটা আমার পক্ষে পরম গর্ব ও সৌভাগ্যের কথা।

কাল রাত্রে রেডিওতে কবিকণ্ঠে দুইবার বন্দে মাতরম্ গান শুনলাম, মনে হলো এত দিন বেঁচে থাকা সার্থক হলো। 'সার্থক জনম মাগো শুনেছি এই গান।'

শুভার্থী প্রবোধচন্দ্র সেন

ঐ দুষ্প্রাপ্য রেকর্ড পরে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের প্রদর্শশালায় স্থায়ীভাবে রাখবার ব্যবস্থা করা হয়, তাও তৎকালীন উপাচার্য ডঃ হিরণ্ময় বন্দ্যোপাধ্যায় রবিবাসরের সদস্য ছিলেন বলে করা সহজ হয়েছিল।

গেইসবার্গ উপাখ্যান

গ্রামোফোন কোম্পানীর জয়যাত্রা

ডিসক্ রেকর্ডের আবিষ্কর্তা এমিল বার্লিনারের সেরা সাগরেদ ফ্রেডারিক উইলিয়াম গেইসবার্গ, যিনি আমেরিকা থেকে লন্ডনে গিয়ে গ্রামোফোন কোম্পানীর প্রথম রেকর্ডিং এনজিনিয়ারের দায়িত্ব নেন এবং সারা ইউরোপের সেরা শিল্পীদের রেকর্ড করে সুনাম অর্জন করেন, তিনিই এলেন কলকাতায় রেকর্ড করতে। তাঁর সঙ্গে এলেন সহকারী জর্জ ডিলনাট, যিনি পরবর্তী জীবনে কলকাতায় রেকর্ডিং এনজিনিয়ার হয়ে অনেক কাল ছিলেন। আর এসেছিলেন সস্ত্রীক টম এডিস, যিনি মিঃ হড্ বিলাতে গেলে গ্রামোফোন কোম্পানীর কলকাতা অফিসের ম্যানেজার হন। তাঁদের সঙ্গে ছিল তিরিশটি ভারি ভারি প্যাকিং বাক্স ভরা ৬০০ মোমের ব্ল্যাঙ্ক ডিসক্ আর ভার ঝুলিয়ে চালাবার মোটর, যাতে স্প্রীং বা স্টোরেজ ব্যাটারি না থাকায় বিগড়োবার আশঙ্কা কম ছিল।

তাঁরা ২৮ সেপ্টেম্বর, ১৯০২ তারিখে লন্ডন টিলবারি ডক থেকে 'করমণ্ডল' নামক জাহাজে রওনা হয়ে ঠিক একমাস পরে ২৭ অক্টোবর হুগলী নদীর মোহনায় পৌঁছালেন। ২৮ অক্টোবর কলকাতায়।

ওয়াটসন হড্ রেকর্ড করবার প্রাথমিক বন্দোবস্ত যা করবার করেই রেখেছিলেন।

কিন্তু বয়স মাত্র ২৯ বছর হলেও গেইসবার্গ ইউরোপে নানা পরিস্থিতিতে রেকর্ডিং-এর অভিজ্ঞতা থেকে বুঝলেন, ভারতের সংগীত-রাজ্য সম্পর্কে এদেশের ইংরেজ প্রভুরা আদৌ ওয়াকিবহাল নন। এ বিষয়ে তাঁর ডায়েরিতে তিনি লিখেছিলেন—

"I soon discovered that the English whom we contacted and who were acting as our agents and factor, might be living on another planet for all the interest they took in Indian music. They dwelt in an Anglo-Saxon compound of their own creation, isolated from India. They had their own cricket and tennis clubs, tea parties and bridge, "sixteen annas to the rupee." The native bazars never saw them and even the Eurasians aped them to the extent of tabooing all Indian society."

গেইসবার্গের এই ডায়েরিটি পুস্তকাকারে তখনো এদেশে আমি পাই নি। আমি ১৯৭৫ খৃষ্টাব্দে প্রথম বার যখন আমেরিকায় ওয়েস্ট অরেঞ্জে এডিসন ল্যাবরেটরিতে যাই, সেখানে মিউজিয়ামের কিউরেটর আমাকে বইটির সন্ধান দেন। পরে নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি থেকে বইটি নিয়ে তার মধ্যে ভারতবর্ষ, বিশেষ করে কলকাতায় গেইসবার্গের বিচিত্র অভিজ্ঞতার কথা সব জেরকস্ কপি করে আনি। আমার লেখা *Gramophone in India* গ্রন্থে তার অনেকখানি তুলে দিয়েছি (পৃ. ১১-১২)। এখানে তার সারসংক্ষেপ বলছি।

গেইসবার্গ নিজেই গেলেন কলকাতার পুলিস সুপারিনটেন্‌ডেন্টের সঙ্গে দেখা করতে। তিনিও খাস ইংরেজ, তাই সহজেই তাঁর সহযোগিতা পাওয়া গেল। গেইসবার্গ একজন পুলিশ অফিসার সঙ্গী পেলেন যিনি তাঁকে নিয়ে যাবেন কলকাতার রঙ্গমঞ্চসমূহে ও গানবাজনার আসরে। তাঁকে প্রথম নিয়ে যাওয়া হলো হ্যারিসন রোডে ক্লাসিক থিয়েটারে, সেখানে তখন 'রোমিও-জুলিয়েট' নাটক চলছিল। এই থিয়েটারের অমরেন্দ্রনাথ দত্ত ভারতীয় রেকর্ডিং শিল্পের উন্নয়নে বিশেষ সহায়ক হয়েছিলেন, ফলে থিয়েটারের অভিনেতা-অভিনেত্রীই শুধু নন, যন্ত্রশিল্পীদের একক ও ঐকতান বাদনের বহু রেকর্ড গেইসবার্গ খুব সফলভাবেই করতে পেরেছিলেন।

গেইসবার্গকে সঙ্গে করে সেই পুলিশ অফিসার এক অভিজাত বাঙালী 'বাবু'র জলসাঘরে নিয়ে গিয়েছিলেন। সেখানে দু'জন নর্তকীর নাচ-গান দেখলেন গেইসবার্গ। তাঁদেরই মধ্যে একজন তাঁর দৃষ্টি আকর্ষণ করলেন। যেমন সুশ্রী চেহারা, তেমন তাঁর কণ্ঠমাধুর্য। তিনিই বিখ্যাত গায়িকা গহরজান—যিনি ভারতীয় ডিসক্ রেকর্ডের অবিসম্বাদিত সম্রাজ্ঞীর আসন অধিকার করেছিলেন। তিনি কুড়িটি

ভাষায় গান গাইতে পারতেন এবং প্রতিটি গান শেষ হবার পরেই রেকর্ডে সুস্পষ্ট ইংরাজীতে বলতেন "My name is Gauhar Jan" (সে যুগে কথাটি মুখে মুখে প্রচারিত হয়ে গিয়েছিল)।

গেইসবার্গের সঙ্গে আনা যন্ত্রপাতি গুছিয়ে তার কার্যকারিতা পরীক্ষা করবার জন্য তাঁরা একজন স্থানীয় ইংরাজকে দিয়ে একটি নমুনা রেকর্ড করেন। সেটিও পরে রেকর্ড হিসাবে প্রকাশিত হয়। ঐ গায়কের নাম W. S. Burke, তাঁর গানটি ছিল 'Villikens and his Dinah' ভারতে রেকর্ড করা প্রথম ডিসক্ হিসাবে তার কিছু ঐতিহাসিক মূল্য আছে তাই গ্রন্থে সে রেকর্ড লেবেলের ছবি দিলাম।

পরে মঙ্গলবার ৫ নভেম্বর (১৯০২) আসল রেকর্ডিং শুরু হয়। প্রথমে ক্লাসিক থিয়েটারের দুই তরুণী নর্তকীর গান, তাঁরা হলেন মিস্ শশীমুখী (বয়স ১৪ বছর) ও মিস্ ফণীবালা (বয়স ১৬ বছর)। কলকাতায় প্রথম বাংলা রেকর্ড মনে হয় ঐ শশীমুখীর গাওয়া 'কাঁহা জীবন ধন'। লেবেলে গানটি বাংলা হরফে ছাপা, ইংরাজীতে পরিচয়—

Bengali song from 'Srikrishna' sung by Miss Soshimukhi, Calcutta... রেকর্ড নং G. C. 13081.

এরপর হয় গহরজানের একটি গান। শুক্রবার ৮ নভেম্বর আবার গহরজানের রেকর্ড করা হয়। ক্রমে জানকীবাঈ, দুলারী পিয়ারাসাহেব প্রভৃতি অনেক যশস্বী কণ্ঠশিল্পী ও যন্ত্রশিল্পীর রেকর্ড করা হয়।

আর একজন শিল্পীর নামও এই প্রসঙ্গে অবশ্য স্মরণীয়, তিনি হলেন লালচাঁদ বড়াল। তাঁর প্রতিটি রেকর্ড অসম্ভব জনপ্রিয় হয়েছিল এবং সুদীর্ঘকাল তাঁর রেকর্ড চালু ছিল। রেকর্ডিং বিশেষজ্ঞদের মতে লালচাঁদ বড়াল ছিলেন ভারতের এন্‌রিকো ক্যারুসো (Enrico Caruso), যে ইটালিয়ান গায়কের উচ্চ কণ্ঠস্বর যান্ত্রিক রেকর্ডিংকে সর্বপ্রথম সাফল্যের সুদৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত করেছিল সমগ্র ইউরোপে। লালচাঁদের গানও ভারতে সেই ভূমিকা পালন করেছিল। তিনি স্বল্পায়ু না হলে তাঁর আরোও খ্যাতি প্রচারিত হোত।

কলকাতার করিনথিয়ান থিয়েটার Theatre) আর বম্বের পার্শী থিয়েটারের জামসেদজি ফ্রামজি ম্যাডান গেইসবার্গের সঙ্গে বিশেষ সহযোগিতা করেছিলেন। কালক্রমে জে. এফ. ম্যাডান সারা ভারতে তাঁর ফিল্ম্ সাম্রাজ্য বিস্তার করে স্বনামধন্য হয়েছিলেন। ভারতে ডিসক্ রেকর্ড প্রতিষ্ঠার মূলে ক্লাসিক থিয়েটারের অমরেন্দ্রনাথ দত্তের মতো ম্যাডানের নামও অবশ্য স্মরণীয়। অমরেন্দ্রনাথ দত্ত রিহার্সালের জন্যও সিলিন্ডার রেকর্ড ব্যবহার করতেন। অনেক অভিনয় প্রাইভেট রেকর্ড করে রেখেছিলেন।

প্রসঙ্গক্রমে উল্লেখ করা যায়—অমরেন্দ্রনাথ নিজেও গ্রামোফোন ডিস্‌কে তাঁর অভিনয়ের নির্বাচিত অংশ রেকর্ড করেছিলেন। করা হয় নি গিরিশচন্দ্রের। তবে তাঁর পুত্র সুরেন্দ্রনাথ (দানীবাবু) রেকর্ড করেছিলেন—কিন্তু গ্রামোফোন কোম্পানীতে নয়। শিশিরকুমার ভাদুড়ী পরবর্তীকালের শ্রেষ্ঠ অভিনেতা। তাঁর রেকর্ডিং করা হয়েছিল হিন্দুস্থান রেকর্ড কোম্পানীতে।

ভারতের বিভিন্ন স্থানে রেকর্ড করে গেইসবার্গ সেই প্রথম রেকর্ডিং অভিযানে মোট ২১৬টি ৭″ এবং ৩৩৬টি ১০″ রেকর্ড করেন (মোট ৫৫২টি)। তার পর ১০ ডিসেম্বর, ১৯০২ তারিখে কুষাণ জাহাজে চেপে চীন ও জাপানের দিকে রওনা হয়ে যান। দেশে ফেরেন ১৯০৩-এর আগস্টে। ১৯০৩ খৃষ্টাব্দের মধ্যেই এইসব রেকর্ড জার্মানিতে ছেপে কলকাতায় আসতে শুরু হলে হৈ হৈ পড়ে যায়। ব্যবসা বৃদ্ধির দরুন ১০ অক্টোবর কোম্পানীর কলকাতা দপ্তর তুলে নিতে হয় ৭ এসপ্লানেড ইস্টের বাড়ির প্রশস্ততর স্থানে।

গ্রামোফোনের দ্বিতীয় রেকর্ডিং অভিযান শুরু হয় ডিসেম্বর ১৯০৪-এ, তার কারণ ১৯০৪ খৃষ্টাব্দেই জন ওয়াটসন হড্ গ্রামোফোন কোম্পানীর চাকরি ছাড়বার পর নিকোল রেকর্ডিং কোম্পানীতে ডিরেক্টর হিসাবে যোগ দিয়ে চলে এসেছিলেন কলকাতায়। সঙ্গে এনেছিলেন অভিজ্ঞ রেকর্ডিং এক্সপার্ট স্টিফেন কার্ল পোর্টারকে। কলকাতায় নিকোল রেকর্ডের অফিস খোলা হয়েছিল ৩-৪ কাউনসিল হাউস স্ট্রীটে। হড্ অবিলম্বে মিস বিনোদিনী দাসী, যাদুমণি দাসীর গান ও তালিম হোসেন-এর শানাই তো রেকর্ড করলেনই, গহরজান, পিয়ারাসাহেব লালচাঁদ বড়াল, মিস কালী-জান প্রভৃতিকেও বাদ দিলেন না। তখনো গায়ক-গায়িকাদের সঙ্গে রেকর্ড কোম্পানীর চুক্তিপ্রথা চালু হয় নি, তাই হড্ সহজেই গ্রামোফোনের শিল্পীদেরও নিজের কুক্ষিগত করতে পেরেছিলেন। পূর্ব পরিচয়ের সুযোগ তাঁর ছিল। মনে হয় তাঁর জনসংযোগও ছিল অনেক বেশি জোরালো, যার ফলে থিয়েটার জগতের দিকপাল দানীবাবুকে তিনি নিকোল রেকর্ডে পেলেন, পরে যেমন 'বেকা' রেকর্ড পেয়েছিল স্যার সুরেন্দ্রনাথ বন্দোপাধ্যায়কে, যিনি রাষ্ট্রগুরুরূপে সমগ্র ভারতে বিখ্যাত ছিলেন। হড্ যে রবীন্দ্রনাথের দ্বারস্থ হন নি তা যেন বিশ্বাস হতে চায় না। কিন্তু রবীন্দ্রনাথের স্বদেশী শিল্পপ্রীতি ছিল এত গভীর যে মনে হয় কোনো বিলাতী কোম্পানীতে তিনি রেকর্ড করতে সম্মত হন নি। কিছুকাল অপেক্ষা করবার পর যখন হেমেন্দ্রমোহন বসু 'এইচ বোসের রেকর্ড' বের করলেন তখন তাঁর সঙ্গে কবি সোৎসাহে সহযোগিতা করেছিলেন।

গ্রামোফোনের দ্বিতীয় রেকর্ডিং অভিযান পরিচালনা করেছিলেন উইলিয়াম সিনক্লেয়ার ডারবি। তাঁর সহকারী ছিলেন ম্যাক্স্ হ্যামপ্। দু'জনই বার্লিন থেকে আসেন। তাঁদের কাজও হয়েছিল খুবই সুন্দর, অবশ্য যান্ত্রিক রেকর্ডিং যতটা (তখনোও বৈদ্যুতিক প্রথা চলে নি) সুন্দর হতে পারত। এই অভিযানেই ভারতবিখ্যাত আবদুল করিম খাঁ গ্রামোফোনে রেকর্ড করেছিলেন। এবারের রেকর্ডেরও খুব সুনাম হলো।

এদিকে প্রতিযোগিতা বাড়ছেই। এসেছেন এইচ. বোস। এসেছে বিদেশী বেকা রেকর্ড, ইনটারন্যাশান্যাল টকিং মেশিন কোম্পানী—দুইটিই বার্লিনের, আর নিউ ইয়র্কের কলম্বিয়া ফোনোগ্রাফ কোম্পানী।

গ্রামোফোনের তখন ম্যানেজার ছিলেন টমাস ডোম এডিস। তিনি বিলাতে গেলে ম্যানেজার হয়ে এলেন জি. ই. গিলপিন। তিনি কয়েক মাস পরেই চলে গেলেন, এলেন পার্সি রোজ। তারপর যখন এদেশে কারখানা স্থাপনের কথা চলছে (১৯০৭) তখন ম্যানেজার ছিলেন জেমস্ মুইর।

ম্যানেজমেন্টের এই অস্থিরতার মধ্যেই গ্রামোফোনের তৃতীয় রেকর্ডিং অভিযান নিয়ে এলেন ফ্রেডারিক গেইসবার্গের ছোটো ভাই উইলিয়াম কনরাড গেইসবার্গ (১৮৭৮-১৯১৮)। তিনিও আমেরিকায় থেকে বার্লিনারের কাছে কাজ শিখেছিলেন। তারপর চলে এসেছিলেন লন্ডনে, তাঁর দাদা ফ্রেডারিকের সহকারী হতে। তিনিও ইউরোপে অনেক রেকর্ডিং করে হাত পাকিয়েছিলেন। ভারতে এসে প্রতিযোগীদের বিরুদ্ধে অসীম উৎসাহ নিয়ে কাজ শুরু করলেন। সঙ্গে এনেছিলেন জর্জ ডিলনাটকে। উনিশ বছরের টগবগে যুবক। পরে কলকাতায় গ্রামোফোনের নিজস্ব রেকর্ডিং স্টুডিও প্রতিষ্ঠিত হলে ডিলনাট তার সর্বপ্রথম স্থায়ী রেকর্ডিং এনজিনিয়ার হন এবং তাঁর হাতেই একে একে ভারতীয় রেকর্ডিং এনজিনিয়াররা কাজ শিখে দক্ষ হয়ে ওঠেন। তাঁর সর্বপ্রথম ভারতীয় সহকারী ছিলেন ভগবতীচরণ ভট্টাচার্য যিনি স্বয়ং রবীন্দ্রনাথের রেকর্ডিংগুলি হিজ মাস্টার্স ভয়েস ও কলম্বিয়া রেকর্ডে বিধৃত করবার গৌরবলাভ করেছিলেন। উইলিয়াম কনরাড গেইসবার্গ যুদ্ধ চলাকালীন যুদ্ধের রেকর্ড করতে গিয়ে মারা যান।

এই তৃতীয় অভিযান ভারতবর্ষ ও দূরপ্রাচ্যের নানা স্থানের রেকর্ড করে বিলাতে নিয়ে গেলে আর কোন রেকর্ডিং অভিযান বিলাত থেকে আনা প্রয়োজন হয়নি। ক্রমে ক্রমে কলকাতা, বোম্বে, মাদ্রাজ, লাহোর প্রভৃতি অনেকগুলি স্থানে স্থায়ী রেকর্ডিং স্টুডিও প্রতিষ্ঠিত হওয়ায় গ্রামোফোন কোম্পানী নিজস্ব ব্যবস্থায় যাবতীয় রেকর্ডিং কাজ সুসম্পন্ন করত। এমন কি, সেখানে বার্মা, পার্শিয়া, ইরাক, থেকেও শিল্পীরা

এসে রেকর্ড করতেন। আর ব্রহ্মদেশ তো তখন ভারত সাম্রাজ্যের মধ্যেই ছিল।

তৃতীয় বার রেকর্ডিং থেকে ১০″ এবং ১২″ বজায় রেখে ৭″ রেকর্ড তুলে দেওয়া হয়।

ফ্রেডারিক গেইসবার্গ বেলেঘাটায় রেকর্ড কারখানা উদ্বোধন উপলক্ষ্যে আবার এসেছিলেন। শেষবার বেড়াতে আসেন ১৯৩২-এ।

কলকাতায় কলের গান

এম. এল. সাহা

রবীন্দ্রনাথের জীবৎকালে কলকাতায় কলের গানের কারবার যাঁরা করতেন তাঁদের মধ্যে সাহা পরিবারের কথা সর্বাগ্রে মনে পড়ে। এম. এল. সাহা, সি. সি. সাহা, আর. এল. সাহা আজও সমান প্রতাপে রেকর্ডের ব্যবসায়ে লিপ্ত আছেন। একসময়ে এল. সি. সাহা নামেও একটি ফার্ম ছিল। এম. এল. সাহার পুত্র চণ্ডীচরণ সাহা বিলাতে গ্রামোফোন কোম্পানীর হেইজ-এর কারখানায় গিয়ে রেকর্ডিং শিখে এসে হিন্দুস্থান মিউজিক্যাল প্রোডাকট্‌স্ অ্যান্ড ভ্যারাইটিস লিমিটেড প্রতিষ্ঠা করেন ১৯৩২ খৃষ্টাব্দে। তাঁদের সর্বপ্রথম রেকর্ডখানি H-1 করেছিলেন রবীন্দ্রনাথ। অতুলপ্রসাদ সেনও এই স্বদেশী কোম্পানীতে রেকর্ড করেছিলেন। উত্তরকালে চণ্ডীবাবুর পুত্র মোহনবাবু 'ইনরেকো' নামক রেকর্ডিং কোম্পানী প্রতিষ্ঠা করেন।

ডোয়ার্কিন অ্যান্ড সন্

অবশ্য ইতিহাসের দাবিতে সবার আগে বলতে হয় ডোয়ার্কিন অ্যান্ড সন্-এর কথা। ১৮৭৫ খৃষ্টাব্দ থেকে তাঁরা বাদ্যযন্ত্র নির্মাতা ও মেরামতকারী হিসাবে বিখ্যাত। ১৮৭৮ খৃষ্টাব্দে তাঁরাই হাত-হারমোনিয়াম প্রবর্তন করেন এবং অচিরে তা খুবই জনপ্রিয় হয়। একটি মেয়ে পিছনে পা-মুড়ে মেঝেতে বসে হারমোনিয়াম বাজাচ্ছে এই ছবি দিয়ে ডোয়ার্কিনের বিজ্ঞাপনে লেখা থাকত 'ডোয়ার্কিনই হাত-হারমোনিয়াম আবিষ্কারক এবং এই যন্ত্রের যাহা কিছু উন্নতি এ যাবৎ হইয়াছে তাহা ডোয়ার্কিনের বাড়ী থেকেই উদ্ভূত।' ক্রিক রো-তে তাঁদের ইন্ডিয়া হারমোনিয়া কোং নামে নিজস্ব কারখানা ছিল।

বাদ্যযন্ত্রের ব্যবসায়ীরাই যেমন কলের গান ও রেকর্ড ব্যবসায়ে আগ্রহী হন ডোয়ার্কিনও তার ব্যতিক্রম ছিল না। বরং তাঁরাই ভারতে প্রথম সিলিন্ডার রেকর্ড তৈরীতে হাত দেন এবং সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়ে ১৯০৪ খৃষ্টাব্দে তাঁদের তৈরী রেকর্ডের বিবরণ বের করেন। বিজ্ঞাপন বেশ কিছুদিন চলেছিল, তাতে লালচাঁদ বড়াল, কুসুমকুমারী, পিয়ারাসাহেব প্রভৃতির গানের কথা বলা হয়েছিল। কিন্তু

কোনো অজ্ঞাত কারণে তাঁরা নিজে আর রেকর্ড তৈরীর ব্যবসায়ে থাকেননি। ১৯০৬ খৃষ্টাব্দে যখন এইচ. বোস তাঁর সিলিন্ডার রেকর্ড বের করেন তখন ডোয়ার্কিন হয়েছিলেন তার প্রথম একমাত্র পরিবেশক (Sole Distributor)। পরে অবশ্য দেখা যায়, এইচ. বোস ভারতের দূর-দূর শহরেও তাঁদের নিজের এজেন্ট নিয়োগ করেছিলেন।

দ্বারিকানাথ ঘোষ প্রতিষ্ঠিত ডি. ঘোষ অ্যান্ড সন্ সেকালের ফ্যাশান অনুসারে ১৮৭৮ খৃষ্টাব্দে নাম পরিবর্তন করেন, ঐ ইংরেজিয়ানায় প্রভাবিত নতুন নাম হয় ডোয়ার্কিন অ্যান্ড সন্। আজও তাঁদের ব্যবসা ঐ নামেই চলছে।

এইচ. বোস

এইচ. বোস বাঙালি ব্যবসায়ীদের মধ্যে বিশেষভাবে স্মরণীয়। হেমেন্দ্রমোহন বসু সে যুগের একজন সুশিক্ষিত, উৎসাহী ও উদ্ভাবনশীল মানুষ ছিলেন। রবীন্দ্রনাথ, জগদীশচন্দ্র বসু প্রভৃতির তিনি অতি কাছের মানুষ ছিলেন। তাঁর প্রথম ও প্রধান ব্যবসায় ছিল কুন্তলীন কেশতৈল, দেলখোস গন্ধসার প্রভৃতি সুগন্ধীবস্তুর। তা নিয়ে রসরাজ অমৃতলাল বসু-রচিত একটি সেরা বিজ্ঞাপনের ছড়া পূর্বে উল্লেখ করেছি। শুধু 'দেলখোস' বিষয়ে আর-একটি ছড়াও ছিল—

সদ্য ফোটা সুধাগন্ধ শত পুষ্প পরিমল
ধরায় অমরা ভ্রম কি সুন্দর, কি নির্মল।

বাংলা সাহিত্যে কুন্তলীন পুরস্কার তিনিই প্রবর্তন করেন। কুন্তলীন প্রেস নামে তাঁর একটি ছাপাখানাও ছিল। ৬৩/১ হ্যারিসন রোডে ছিল রোভার সাইকেলের এজেন্সি এবং ট্যাংরা রোডে তাঁর সাইকেলের কারখানা ছিল, যেখানে বিদেশ থেকে আমদানি করা সাইকেল ফিট করে পরিপূর্ণ সাইকেলে পরিণত করা হোত। ৪৪ ফ্রি স্কুল স্ট্রীটে তাঁর মোটরগাড়ির দোকান, নাম ছিল গ্রেট ঈস্টার্ন মোটর কোম্পানী। তাছাড়া ছিল ক্যামেরার কারবার। নিজেও ছিলেন সুদক্ষ আলোকচিত্রী।

কিন্তু যেজন্য তিনি বিশেষ স্মরণীয় তা হলো তাঁর ফোনোগ্রাফের কারবার। শুধু এডিসনের কাছ থেকে যন্ত্রটি আনিয়ে শিল্পীদের রেকর্ড করেই তাঁর কর্তব্য শেষ করেন নি, রেকর্ড যে সিলিন্ডারের উপর করা হোত তিনি সেই ব্লাঙ্ক সিলিন্ডার নিজে তৈরী করতে শুরু করেন। ভারতে তিনিই সর্বপ্রথম ব্লাঙ্ক সিলিন্ডার তৈরী করেন, যাতে তা আর বিদেশ থেকে আমদানি করতে না হয়। সেই সিলিন্ডার অভিজ্ঞদের বিচারে এত

★ কেশে মাখো 'কুন্তলীন'।
রুমালেতে 'দেলখোস'।
পানে খাও 'তাম্বুলীন'।
ধন্য হউক এইচ. বোস।

ভালো মনে হয় যে কলকাতায় ১৯০৬ সালে অনুষ্ঠিত ইন্ডিয়ান ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড এগ্রিকাল্চারাল এগজিবিশনের প্রদর্শনী থেকে তিনি সুবর্ণ পদক পুরস্কার পান।

এইচ. বোসের রেকর্ডে তিনি রবীন্দ্রনাথ, দ্বিজেন্দ্রলাল রায়, সুরেন্দ্রনাথ মৈত্র প্রভৃতি সমাজের উচ্চস্তরের মানুষদের কণ্ঠস্বর রেকর্ড করেন। তাঁর ফোনোগ্রাফের ব্যবসায়ের সুসজ্জিত দোকান প্রথম ছিল ৪১ ধর্মতলা স্ট্রীটে বিখ্যাত 'মার্বেল হাউস'-এর অভিজাত জুয়েলার লাভচাঁদ মোতিচাঁদের শো-রুমের পাশেই। পরে ৬১ বৌবাজার স্ট্রীটে তাঁর নিজস্ব 'দেলখোস ভবন' তৈরী হলে সেখানে তুলে আনেন। পরবর্তী কালে সেখানে প্রবর্তক ফার্নিচারের দোকান হয়। অধুনা মেট্রোরেলের দরুন বাড়িটি ভাঙতে হয়েছে। ৬২ বৌবাজার স্ট্রীটে এইচ. বোস বৈদ্যুতিক সরঞ্জাম বিক্রির একটি দোকান করেছিলেন। তাঁর বিখ্যাত 'কুন্তলীন পুরস্কার' গ্রন্থের প্রকাশকের ঠিকানা ৬২ বৌবাজার স্ট্রীটও পাওয়া যায়। ৫ ফেব্রুয়ারি, ১৯০৬ খৃষ্টাব্দে প্রতিষ্ঠিত এইচ. বোসের দোকানের নাম ছিল দি টকিং মেশিন হল্। তাঁর সিলিন্ডার রেকর্ডের নাম এইচ. বোসেস রেকর্ড। পরে ডিসক্ রেকর্ডের সঙ্গে প্রতিযোগিতায় টিকে থাকবার জন্য সিলিন্ডার থেকে গান আবৃত্তি প্রভৃতি ডিসক্ রেকর্ডে রূপান্তরিত করেছিলেন ফ্রান্সের প্যাথি কোম্পানীর কাছ থেকে। তখন রেকর্ড লেবেলে 'প্যাথি' নামটাও উল্লেখ করা হোত। শুধু রবীন্দ্রনাথের কণ্ঠে 'বন্দে মাতরম্' গান নয়, সেবকদলের কণ্ঠে 'বন্দে মাতরম্' ও আরোও শিল্পীদের গাওয়া নানা স্বদেশী গান রেকর্ড করার জন্য তাঁর কারখানায় পুলিশী নির্যাতন সইতে হয়েছিল। তবু তিনি দমিত হন নি। বঙ্গভঙ্গ আন্দোলনের সমর্থনকারী হিসাবে পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে বঙ্গভঙ্গ আন্দোলনের প্রথম বার্ষিকী পালনের জন্য ১৬ অক্টোবর, ১৯০৬ তারিখে তাঁরা টকিং মেশিন হল বন্ধ থাকবে বলে ঘোষণা করেন। কলকাতায় গ্রামোফোন কোম্পানীর কারখানা প্রতিষ্ঠা (১৯০৭) করার ফলে ফ্রান্স থেকে রেকর্ড তৈরী করে এনে প্রতিযোগিতায় দাঁড়ানো সম্ভব নয় বুঝেই তিনি রেকর্ডের কারবার তুলে দিতে বাধ্য হয়েছিলেন। তবুও ভারতের রেকর্ডিং শিল্পের অগ্রণী পুরুষ হিসাবে তাঁর স্থান সুনির্দিষ্ট আছে।

২৮ আগষ্ট ১৯১৬ খৃষ্টাব্দে অকালে তাঁর মৃত্যু না হলে হয়তো তিনি এ বিষয়ে আবার কিছু পন্থা অবলম্বন করতে পারতেন। কেবল রেকর্ড তৈরী নয়, শিল্পী নির্বাচন ও রেকর্ডিং-এর কাজের তত্ত্বাবধানেও তার নৈপুণ্য বিদেশী কোম্পানীরাও স্বীকার করতেন এবং যখন প্যাথি কোম্পানী এদেশে রেকর্ডিং করতে চেয়েছিল, তিনিই হয়েছিলেন ব্যবস্থাপক ও পথ নির্দেশক।

মুখার্জী অ্যান্ড মুখার্জী

রেকর্ড জগতে উদ্যোগী আর এক বাঙালীর নাম সুরেন্দ্রনাথ মুখোপাধ্যায়। তাঁর প্রতিষ্ঠানের নাম ছিল মুখার্জী অ্যান্ড মুখার্জী। তাঁর রেকর্ডের নাম ছিল 'রয়াল

রেকর্ড'। তিন নম্বর ক্রিক রো ঠিকানায় তাঁদের রেকর্ড তৈরীর কারখানা ছিল। দোকান ছিল মুকিম নিবাস, ১৫২ হ্যারিসন রোডে। শাখা: ২২ পদ্মপুকুর রোডে।

১৯০৩ খৃষ্টাব্দে প্রতিষ্ঠিত মুখার্জীদের এই কারবারে ওয়াটস্‌ন হড্‌ এসে নিকোল রেকর্ডের ডিলারশিপ দিলেন ১৯০৪ খৃষ্টাব্দে। ১৯০৫ খৃষ্টাব্দে বিদেশ থেকে নিকোল রেকর্ডে এদেশী গান ছেপে এলো, মুখার্জীদের দোকানে ভিড় বাড়তে লাগল। মুখার্জী অ্যান্ড মুখার্জী নিকোল রেকর্ড এবং নিকোলফোন মেশিনের নিয়মিত বিজ্ঞাপন প্রচার করতেন। দেশী গানের ক্রমবর্ধমান চাহিদা দেখে মুখার্জীরা নিজেরাও রেকর্ড করতে আগ্রহী হন এবং ১৯০৬ খৃষ্টাব্দে তাঁদের তৈরী ডিসক্‌ রেকর্ডের বিজ্ঞাপন প্রকাশ করেন। তাঁরাও ঐ সময়ে কলকাতায় অনুষ্ঠিত প্রদর্শনীতে তাঁদের তৈরী 'রয়াল রেকর্ড' পাঠিয়ে একটি ফার্স্ট ক্লাস সার্টিফিকেট পেয়েছিলেন।

মুখার্জীদের তৈরী রয়াল রেকর্ডেও গহরজান, মিস নরীসুন্দরী বা নূরী প্রভৃতির গান বেরিয়েছিল। তাঁরা আর এক ধরনের রেকর্ড তৈরী করবার যন্ত্রের বিজ্ঞাপন দিতেন যা দিয়ে ব্লাঙ্ক ডিস্‌কের উপরে সরাসরি রেকর্ড করা যেত। তার জন্য ব্লাঙ্ক ডিসক্‌ ও ঐ রেকর্ডিং যন্ত্র তাঁদের কাছে পাওয়া যেত। কিন্তু ১৯০৭ খৃষ্টাব্দের পর তাঁরা রয়াল রেকর্ড বন্ধ করে দেন। তাঁদের ব্যবসা আরো বড়ো হয়। রেকর্ডের ব্যবসায়ের সঙ্গে বায়স্কোপের মেশিনের কারবার করতে থাকেন। সম্ভবত গ্রামোফোন, বেকা, নিকোল প্রভৃতি বিদেশী কোম্পানীর ব্যাপক রেকর্ডিং অভিযানের বিরুদ্ধে তাঁদের ক্ষুদ্র প্রচেষ্টা অসম প্রতিযোগিতা মনে করেই সে চেষ্টায় বিরত হন। তবে দেশীয় ডিসক্‌ রেকর্ড তৈরীতে মুখার্জী যে সর্বপ্রথম এটা স্বীকার করতেই হবে।

বীণাপাণি রেকর্ড

রবীন্দ্রনাথের জীবৎকালে আরোও দুটি বাঙালি রেকর্ড তৈরী করবার প্রতিষ্ঠান সৃষ্টি হয়, কিন্তু তা অঙ্কুরেই বিনষ্ট হয়ে যায় বলা চলে। একটির নাম বীণাপাণি রেকর্ড। জানুয়ারি ১৯০৮-এ মুখার্জীদের সেই ক্রিক রো ঠিকানাতেই এই স্বদেশী রেকর্ডের কারখানাটি স্থাপিত হয়। প্রতিষ্ঠাতা এস. সি. দাস মনে হয় সর্বতোভাবে নির্ভর করেছিলেন টি. সি. মুখার্জী অ্যান্ড কোং নামে বড়ো এক ইনজিনিয়ারিং ফার্মের যোগীন্দ্রনাথ মুখার্জী এবং এফ. ডি. ইউনিয়ন স্টোর-এর মালিক বিনোদবিহারী মুখার্জীর উপর। বিনোদবাবুই নিযুক্ত হন বীণাপাণি রেকর্ডের একমাত্র পরিবেশক।

জানুয়ারি ১৯০৮-এ বীণাপাণি রেকর্ডের বিজ্ঞাপন প্রথম প্রচারিত হয়। তাতে দাবি করা হয়, তাঁরাই সর্বপ্রথম সম্পূর্ণরূপে স্বদেশী উপাদানে সম্পূর্ণ স্বদেশী

ব্যবস্থাপনায় তৈরি খাঁটি স্বদেশী রেকর্ড বের করেছেন। আর প্রথম কিস্তিতেই থাকছে জাতীয় সংগীত বন্দে মাতরম্ গান।

জানুয়ারি-ফেব্রুয়ারি (১৯০৮) ধরে বীণাপাণি রেকর্ডে একমাত্র সরবরাহকারী হিসেবে বিনোদবিহারী মুখার্জীর নাম প্রচারিত হলো। অনেকে তাঁর ব্যবসায়িক শর্তাবলী চেয়েও নিলেন। কিন্তু মার্চ মাসেই জানানো হলো, কোম্পানীর সঙ্গে বিনোদ-বাবুর সম্পর্ক ছেদ করা হয়েছে, তখন রেকর্ড সবই পাওয়া যাবে একমাত্র মিঃ জে. এন. মুখার্জীর কাছে ৩৩ বিডন স্ট্রীটে। তিনি তখন বীণাপাণি রেকর্ড কোম্পানীর সেক্রেটারি।

কমলা রেকর্ড

এপ্রিলেই বীণাপাণি রেকর্ডের মালিক মিঃ এস. সি. দাস জানালেন ঐ রেকর্ড পাওয়া যাবে তাঁর নিজের বাড়ি ৬ গঙ্গারাম পালিত লেনের ঠিকানা থেকে। অচিরে ঘোষিত হল ৩ নং ক্রীক রো-তে অবস্থিত রেকর্ড তৈরীর কারখানা অধিগ্রহণ করেছেন কমলা রেকর্ড কোম্পানী। তাঁরা বিজ্ঞাপন দিলেন ১৯০৯ খৃষ্টাব্দের গোড়ার দিকেই কমলা রেকর্ড বেরুবে। কিন্তু সেটি আর বের হয় নি।

তবে কমলা রেকর্ডের বিজ্ঞাপনে অবিকল বীণাপাণি রেকর্ডের মতোই দাবি করা হতে লাগলো—যে তাঁরাই সর্বপ্রথম সম্পূর্ণ স্বদেশী রেকর্ড তৈরী করেছেন। সঙ্গে জে. এন. মুখার্জী ঘোষণা করলেন, বীণাপাণি রেকর্ডের সঙ্গে তাঁর কোনো সম্পর্ক নেই। তিনিই এখন কমলা রেকর্ডিং কোম্পানী প্রতিষ্ঠা করেছেন। ঘোষণাই মাত্র সার। বাজারে সে রেকর্ড আর বেরুলো না। ১৯০৮ থেকে বেলেঘাটায় গ্রামোফোন কোম্পানীর রেকর্ড তৈরীর কারখানা পুরো চালু হলে এইসব ক্ষুদ্র ক্ষুদ্র প্রচেষ্টা জল-বুদ্‌বুদের মতোই মিলিয়ে গেল।

সেনোলা, মেগাফোন, পাইওনীয়র, ভারতী প্রভৃতি প্রাইভেট রেকর্ড

তবে প্রাইভেট রেকর্ড কোম্পানী অর্থাৎ ব্যক্তিগত মালিকানায় শুধু রেকর্ডিং করে পরে গ্রামোফোন কোম্পানীর কারাখানা থেকে নিজেদের লেবেলে রেকর্ড করে বাজারে দিয়েছেন অনেকেই। তার মধ্যে গ্রামোফোন কোম্পানীর টুইন রেকর্ডের ফ্যাক্টর জে. এন. ঘোষ প্রতিষ্ঠা করেন মেগাফোন কোম্পানী, যাতে বহু বড়ো বড়ো ওস্তাদ এবং কানন দেবী প্রমুখ কিছু খ্যাতনামা শিল্পী রেকর্ড করেছেন। সেনোলা, পাইওনীয়র, ভারতী ইত্যাদি বহু প্রাইভেট লেবেল এভাবে গ্রামোফোন কোম্পানীর সহায়তা-পুষ্ট হয়ে বাজার ছেয়ে গেছে। গ্রামোফোন কোম্পানী তার তৈরী খরচ পেয়ে খুশী, আর

বাজারে বিদেশী কোম্পানীর আমদানির আশঙ্কাও তাতে কম থাকে। তাই শুধু কলকাতায় নয়, সারা ভারতে এমন প্রাইভেট রেকর্ড কোম্পানী অনেক হয়েছিল।

নিউ থিয়েটার্স তাদের অনেক হিট পিকচার্সের গান হিন্দুস্থান রেকর্ডে নিউ থিয়েটার্স-এর হাতিমার্কা লেবেলে বের করেছে। তবে ইনরেকো স্থাপিত হওয়ার আগে পর্যন্ত খোদ হিন্দুস্থান মিউজিক্যালের সব রেকর্ডও তৈরী হোত গ্রামোফোন কোম্পানীতেই। বোম্বাইতে পলিডোর রেকর্ডের কারখানা চালু হওয়ার পরে কিছু প্রাইভেট লেবেল সে কারখানা থেকে কাজ করিয়েছে। ঔরঙ্গাবাদে সি. বি. এস বোম্বের পলিডোর কি কলকাতার 'ইনরেকো', এ সবই স্বাধীন ভারতের প্রচেষ্টা। রবীন্দ্রনাথের জীবৎকালে গ্রামোফোন কোম্পানী সারা ভারতে একরকম একচেটিয়া ব্যবসাই চালাত। কিছুদিন বোম্বেতে ইয়ং ইন্ডিয়া নামে একটি দেশীয় প্রতিষ্ঠান স্থাপিত হয়েছিল। কিন্তু তাদের রেকর্ডের মান গ্রামোফোনের সমকক্ষ না হওয়ায় স্থায়ী হতে পারে নি।

হিন্দুস্থান রেকর্ড

রবীন্দ্রনাথের সক্রিয় সহযোগিতায় পুষ্ট হিন্দুস্থান মিউজিক্যাল প্রোডাক্টস-এর বিবরণ আগেই দিয়েছি। প্রতিষ্ঠাতা চণ্ডীচরণ সাহা নিঃসন্দেহে ভারতীয় ব্যবস্থাপনায় রেকর্ড তৈরীর কারবারে এক অবিস্মরণীয় নাম। কিন্তু তিনি পৃথক কারখানা স্থাপন না করে ম্যানুফ্যাকচারিং দিকটি নির্ভর করেছিলেন তাঁর সুদীর্ঘকালের বন্ধু গ্রামোফোন কোম্পানীর উপর।

কলকাতায় অন্য বিদেশী রেকর্ড কোম্পানী সমূহ

রবীন্দ্র-যুগে কলকাতা ও বোম্বাইয়ে আরোও দু একটি রেকর্ড কোম্পানী অবাঙালি ব্যবসায়ীরা চালিয়েছিলেন। তাছাড়া যেসব বিদেশী কোম্পানী এদেশে রেকর্ডিং করে বিদেশ থেকে রেকর্ড তৈরি করে এদেশে এনে প্রবল প্রতাপে ব্যবসায় করেছিলেন, যেমন নিকোল, বেকা প্রভৃতি লেবেলে, তাঁদের বিষয়ও সংক্ষেপে কিছু বলছি। আমরা তাহলে দেখতে পাব রবীন্দ্র-যুগে অজস্র নামের, দামের ও প্রকারের, রেকর্ড ভারতবর্ষে, বিশেষ করে কলকাতায়, প্রচলিত থাকা সত্ত্বেও কবি কিন্তু কারো প্রস্তাবে, কোনো প্রলোভনে দেশীয় ছাড়া বিদেশী কোম্পানির প্রতি সদয় হন নি। একমাত্র ব্যতিক্রম গ্রামোফোন কোম্পানী। তাঁদের সঙ্গে কবির অজ্ঞাতসারেই যে সম্বন্ধ গড়ে উঠেছিল নানা কণ্ঠে বেনামী নয়, অনামী রবীন্দ্রসংগীতের রেকর্ড প্রচারে, তাদের প্রতি কবি অবিচার করেন নি। সে অনিচ্ছাকৃত সম্বন্ধ স্বীকার করে নিয়েছিলেন যার ফলে 'হিজমাস্টার্স ভয়েস এবং 'কলম্বিয়া' লেবেলে সারা পৃথিবীতে বিপুল পরিমাণে রবীন্দ্রসংগীত প্রচারিত হতে পেরেছিল।

নিকোল রেকর্ড

প্রথমে বলি কিছু বিদেশী কোম্পানীর কথা যারা ভারতে রেকর্ড ব্যবসায়ে লিপ্ত ছিল।

নিকোল রেকর্ডের কথা প্রথমেই মনে আসে যাদের সঙ্গে যোগ দিয়েছিলেন গ্রামোফোন কোম্পানীর ভারতীয় শাখার প্রতিষ্ঠাতা ও প্রথম ম্যানেজার জন ওয়াটসন হড্। নিকোল জেনেভার একটি পুরাতন ফার্ম যারা পরে এডিসনের ফোনোগ্রাফের এজেন্সি নিয়ে রেকর্ডের কারবারে আগ্রহী হয়। তারা নিজেরাই রেকর্ডিং করবে স্থির করে ১৯০৩ খৃষ্টাব্দে ৩ জুলাই লন্ডনে 'দি নিকোল রেকর্ড কোং লিঃ' রেজেষ্ট্রী করে এবং মিঃ হড্ সেখানে একজন ডাইরেক্টর হিসাবে যোগ দেন। ইউরোপে তাঁরা রেকর্ডিং শুরু করে দেন।

তাঁদের রেকর্ড তৈরী হোত লালচে বাদামী জমানো কার্ডবোর্ডের উপর ল্যাকার করে, তার উপর রেকর্ডের ছাঁচ থেকে ছাপ তুলে। এই হালকা অ-ভঙ্গুর রেকর্ড তৈরীর উপাদান আবিষ্কার করেছিলেন ঐ কোম্পানীর আর দুই ডাইরেক্টর জর্জ হেনরী বার্ট এবং কার্ল হিউগো ক্রিগার।

ওয়াটসন নিকোলে যোগ দেন মার্চ ১৯০৪-এ। অবিলম্বে জুলাই মাসে স্টিফেন কার্ল পোর্টারকে রেকর্ডিং একস্পার্ট হিসাবে সঙ্গে নিয়ে চলে আসেন কলকাতায়। শুরু হয় তাঁর রেকর্ডিং অভিযান। ওঁরা দুজনে কলকাতার উঠলেন ৩-৪ কাউনসিল হাউস স্ট্রীটে ভিকটোরিয়া অ্যাপার্টমেন্টে। সেখানেই খোলা হলো নিকোল রেকর্ডের কলকাতা অফিস। হডের মতো সুদক্ষ এবং ভারতীয় রেকর্ড ব্যবসায়ে অভিজ্ঞ ব্যক্তি একদিকে যেমন বাছা বাছা শিল্পীদের দিয়ে রেকর্ড করালেন, তেমনি গড়ে তুললেন বাছাই করা ডিলারদের একটি দল। লন্ডন থেকে যখন নতুন রেকর্ড তৈরী হয়ে কলকাতায় পৌঁছাল, ডিলাররাই কাগজে বিজ্ঞাপন দিতে লাগলেন তাঁদের শর্ত অনুসারে। ফলে অল্পদিনের মধ্যেই নিকোল রেকর্ড খুবই জনপ্রিয় হয়ে উঠেছিল।

কার্ল পোর্টার বহু মূল্যবান রেকর্ড করে নিকোলের ভাণ্ডার পূর্ণ করে দিয়েছিলেন। কিন্তু বিলাতে কোম্পানী স্বেচ্ছায় লিকুইডিশানে গেলে হড্ তখন আর একটি কোম্পানী গঠন করলেন, নাম : ডিস্ক্ রেকর্ড কোং লিঃ। লন্ডনে বসেই তিনি রেকর্ড তৈরী করে ভারতে নিকোল রেকর্ড সরবরাহ করতে লাগলেন, কারণ এদেশে তখনো নিকোল রেকর্ড (ইন্ডিয়া) লিমিটেড্ নামে কোম্পানী কাজ করে যাচ্ছিল। বিখ্যাত ডিলার এম. এল. সাহা ১৯০৪ খৃষ্টাব্দ থেকে নিকোলের প্রথম পরিবেশক ছিলেন। আর বোম্বাইতে পার্শিবাজার স্ট্রীটে নিকোলের নিজস্ব অফিস থেকে পশ্চিম ভারতে রেকর্ড বিতরণ করা হোত।

নিকোল রেকর্ডই ভারতে সর্বপ্রথম দু-পিঠ বাজাবার রেকর্ড নিয়ে আসে, তা ছাড়া তাদের রেকর্ডের দামও ছিল সস্তা । নানা শ্রেণীর রেকর্ডও নিকোলে বেরুত, ফলে বহুদিন তা ভারতের বাজারে প্রচলিত ছিল ।

নিকোলের মজুত ম্যাট্রিক্স্ থেকে হড্ ব্রিটিশ সনোগ্রাম কোম্পানীকে অনেক রেকর্ড সরবরাহ করতেন, তাও অন্য হাত ঘুরে ভারতেই আসত । হড্ নিকোল রেকর্ড হতে বিচ্ছিন্ন হবার পর আর বেশিদিন সে রেকর্ড চালু ছিল না । ১৯০৮ খৃষ্টাব্দে তাদের কলকাতার অফিস উঠে যায় ।

নিওফোন

এর পর এলো নিওফোন রেকর্ড । তারাও একসময়ে, বিশেষ করে দক্ষিণ ভারতে, অনেক এজেন্ট নিযুক্ত করেছিল । বম্বেতে কিছু চলত, কলকাতায় কম । ১৯০৮ খৃষ্টাব্দে নিওফোনও উঠে যায় ।

'বেকা'

'বেকা' রেকর্ড কোম্পানী (The Beka Record G.m.b.H.) প্রতিষ্ঠিত হয় বার্লিনে । তখন তার নাম ছিল বাম্ব অ্যান্ড কোয়েনিগ (Bumb and Koenig G.m.b.H) । এরাই আগে জেনোফোন (Zenophone) কোম্পানী করেন । এবার তাঁরা আমেরিকার 'ইউনিভার্সাল টকিং মেশিন কোম্পানী' থেকে এজেন্সি নেন । ১৯০৫ খৃষ্টাব্দে তাঁরা কোম্পানীর নাম পালটে রাখেন 'বেকা রেকর্ড' এবং ১৯০৬ থেকে শুরু করেন তাঁদের রেকর্ডিং অভিযান । ঘুরতে ঘুরতে তাঁরা বোম্বে এসে পৌঁছান ।

বোম্বের রেকর্ড-বাজারে বড়ো ব্যবসায়ী ছিলেন বল্লভদাস লছমীদাস । 'বেকা' রেকর্ডিং করবার জন্য স্থানীয় এজেন্ট হিসাবে বল্লভদাসের সহায়তা নেওয়া হয়, পরে তাঁরাই হন 'বেকা' রেকর্ডের প্রধান পরিবেশক । শুনেছি 'বেকা'র দুই কর্তা হাইনরিক বাম্ব আর ম্যাক্স্ হ্যাডার্ট (Heinrich Bumb and Max Hadert) কলকাতায়ও এসেছিলেন এবং অনেক বাংলা গানও রেকর্ড করেছিলেন ।

'বেকা' রেকর্ড বিপণনের বিপুল ব্যাপার সামলাবার জন্য বল্লভদাস লছমীদাস পৃথক একটি কোম্পানী স্থাপন করলেন, নাম দিলেন—দি টকিং মেশিন অ্যান্ড ইন্ডিয়ান রেকর্ডিং কোং । ১৯০৬ খৃষ্টাব্দের মার্চ মাসে প্রতিষ্ঠিত এই কোম্পানী শীঘ্রই বড়ো হয়ে উঠল । কলকাতায় ৭ বৌবাজার স্ট্রীটে আবদুল হামিদ গজনভির বাড়িতে তার পূর্বভারতীয় শাখা খোলা হল । মে ১৯০৬ থেকে 'বেকা' রেকর্ড বাজারে আসতে শুরু হল । কলকাতায় একজন বড়ো এজেন্ট নিযুক্ত হলেন স্ট্যানলি ওক্স্

অ্যান্ড কোং, ঠিকানা ৬ ম্যাঙ্গো লেন । তাঁরা সারা পূর্বভারত, মাদ্রাজ প্রোভিন্স, ইউ. পি. এবং সিংহলেরও সোল এজেন্ট নিযুক্ত হলেন ।

'বেকা'-র ডিরেকটর আর্নেস্ট লো কলকাতায় এসে স্ট্যানলি ওকস্-এর ভারতীয় রেকর্ডের এজেন্সি বাতিল করে দেন । তাঁদের হাতে রইল শুধু ইংরাজি রেকর্ড । ভারতীয় রেকর্ড আবার বোম্বের এজেন্টের হাতে ফিরে গেল । তারা সারা বাজার 'বেকা' রেকর্ড দিয়ে ভাসিয়ে দিল বলা যায়, কারণ কলকাতার ধনী ব্যবসায়ী গজনভি বল্লভদাসের তরফে কাজ দেখতেন । বস্তুত তখন এ. এইচ. গজনভি হলেন পূর্বভারতের সোল এজেন্ট । আর এলফিনস্টোন কোং পেলেন মাদ্রাজ প্রদেশের সোল এজেন্সি ।

বেকা রেকর্ড বার্লিনে তৈরী হয়ে আসত । ওরাই কম দামের 'ফোন-ও-ফোন' নামে আর একটি লেবেলে পুরাতন টাইটেলগুলি ছাড়তেন ।

'বেকা' রেকর্ড এতদূর প্রতিপত্তি লাভ করেছিল যে রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের কণ্ঠে ভাষণ 'বন্দে মাতরম-স্বদেশিজিম্' (রেকর্ড নং ২০২৯০) এবং 'পার্টিশন অব বেঙ্গল' (রেকর্ড নং ২০২৯১) মার্চ ১৯০৮ খৃষ্টাব্দের রিলিজে বের করে নাম দেয় 'ন্যাশানাল গ্র্যান্ড রেকর্ড' । কিন্তু সুরেন্দ্রনাথ সম্মত হলেও মনে হয় রবীন্দ্রনাথ 'বেকা'য় রেকর্ড করতে সম্মত হন নি ।

ভায়েল-ও-ফোন

একসময়ে বল্লভদাসের সঙ্গেও 'বেকা'র এজেন্সি শেষ হয়ে যায় । লোকে কিন্তু 'বেকা' বলতে তাদেরই বুঝত, তাই তাঁরা খরিদ্দার রাখতে নিজেদের 'ভায়েল-ও-ফোন' (Viel-o-Phone) নামে রেকর্ড বের করেন । 'ভায়েল-ও-ফোন' নামে মেশিনও বার্লিনের কার্ল লিন্ডস্ট্রম (Carl Lindstrom A.G.)-কে দিয়ে করিয়ে আনতে শুরু করেন । পরে 'বেকা' কোম্পানী কার্ল কিনে নেন । ফলে আবার 'বেকা' ফিরে আসে বল্লভদাসের সেই টকিং মেশিন অ্যান্ড ইন্ডিয়ান রেকর্ডিং কোম্পানীর পরিবেশনায় । সেযুগে তাই 'বেকা' রেকর্ড অনেকদিন বাজারে চালু ছিল । ভায়েল-ও-ফোন রেকর্ডে কিছু রবীন্দ্রসংগীতও বেরিয়েছিল ।

লাইরোফোন

১৯০৬ খৃষ্টাব্দে যত বিদেশী রেকর্ড কোম্পানী ভারতে ব্যবসা করছিল তাদের মধ্যে জার্মান ফার্ম লাইরোফোন যদিও সাধারণ রেকর্ড-খরিদ্দারদের কাছে সম্পূর্ণ অপরিচিত ছিল কিন্তু তাদের ব্যবসা ছিল নেপথ্যচারী । কোম্পানীটির নাম

লাইরোফোন-হের্ক অ্যাডল্‌ফ্‌ লেইবান অ্যান্ড কোং (Lyrophone-Werke Adolf Laiban and Co.) সংক্ষেপে শুধু 'লাইরোফোন' । এঁরা এদেশের বাদ্যযন্ত্র বিক্রেতা, টকিং মেশিন ও রেকর্ড ডীলারদের সঙ্গে যোগাযোগ করে তাদের 'অফার' দিতেন, 'বিনা খরচে আপনি নিজস্ব লেবেলে রেকর্ড বের করবার গৌরব অর্জন করুন'। ডীলারদের শুধু করতে হবে, তাঁদের পছন্দমতো আর্টিস্ট সংগ্রহ । লাইরোফোন নিজ খরচায় তাদের রেকর্ড করে বার্লিনে নিয়ে গিয়ে রেকর্ড তৈরী করে ইনিশিয়াল অর্ডার মতো ডীলারদের কাছে পাঠাবেন । সে রেকর্ডে লেবেল হত ডীলারদের পছন্দমতো নাম ও ডিজাইনের । রেকর্ড চালাবার দায়িত্ব ডীলারের । তার জন্য পত্রপত্রিকায় বিজ্ঞাপন দেওয়া থেকে শুরু করে যতরকমে প্রচার করা যায় ডীলাররাই তা করবেন । অন্য বিক্রেতাদের রেকর্ড পৌঁছে দেবেন, যাতে জনসাধারণ সহজেই তা কিনতে পারে । এতে রেকর্ড তৈরীর আগাম খরচ ডীলারদের বইতে হত না । যে রেকর্ড পাইকারি দামে কিনতেন তা পেতেন একেবারে নিজস্ব লেবেলে, নিজের পছন্দমতো গায়ক-গায়িকার ।

'রামাফোন' ও 'রামাগ্রাফ'

এই শর্তে অনেক ছোটো ছোটো কারবারি উৎসাহিত হওয়ায় লাইরোফোনের মোট ব্যবসা বেশ ভালোই জমে উঠেছিল । এই পদ্ধতিতেই একটি লেবেল খুব জনপ্রিয় হয়েছিল, বোম্বাই-এর ২৬ কলবাদেবী রোডের টি. এস. রামচন্দ্র অ্যান্ড ব্রাদার্স-প্রবর্তিত 'রাম-আ-ফোন' ডিস্‌ক্‌ রেকর্ড । মুখের উচ্চারণে 'রামাফোন' প্রায় 'গ্রামোফোনে'-র মতোই শোনায়, তা ছাড়া রেকর্ড লেবেলে কথাটা লেখাও হয়েছিল গ্রামোফোনের লেবেলের অনুকরণে । ফলে অচিরে গ্রামোফোন কোম্পানী তা নিয়ে মামলা করে এবং কোর্টের আদেশে 'রাম-আ-ফোন' তাদের লেবেল ও নাম পালটাতে বাধ্য হয় । নতুন নাম রাখা হয় : রামাগ্রাফ ডিসক্‌ রেকর্ড । ১৯০৬ খৃষ্টাব্দে প্রবর্তিত নাম পালটাতে হয় ১৯০৮ খৃষ্টাব্দে । ঐ রামাগ্রাফে ১৯২০ পর্যন্ত নতুন রেকর্ড করা চালু ছিল । শেষ পর্যন্ত শুধুই 'রামাগ্রাফ' লেখা হত ।

রামাগ্রাফ রেকর্ডের বিষয়বস্তু সবই ছিল দেশীয় কিন্তু রেকর্ড কখনোই ভারতে তৈরী হয় নি । প্রথম শর্ত অনুসারে মূল রেকর্ডার ছিল লাইরোফোন । পরে তাদের নতুন মালিক কার্ল লিন্‌ডস্ট্রম এ. জি. । ১৯৩০ খৃঃ রামাগ্রাফ একেবারে বন্ধ হয়ে যায় । আবার তারা ফিরে যায় তাদের পৈত্রিক বাদ্যযন্ত্র ব্যবসায়ে ও হারমোনিয়াম তৈরীর কারবারে ।

জেম্‌স অপেরা রেকর্ড এবং সিঙ্গার রেকর্ড

একই পদ্ধতিতে বোম্বাই-এর জেম্‌স্‌ ম্যানুফ্যাকচারিং কোং 'জেম্‌স্‌-অপেরা রেকর্ড'

বের করেন । তাঁদের এক অংশ বেরিয়ে একই পদ্ধতিতে লাইরোফোনের সহায়তায় করে 'সিঙ্গার' রেকর্ড ।

ওডিওন,

১৯০৬ খৃঃ কলকাতায় 'টকিং মেশিন কোম্পানী অব ইন্ডিয়া' নামে একটি প্রতিষ্ঠান ৫১ বেন্টিঙ্ক স্ট্রীটে 'ওডিঅন' নামে একটি জার্মান রেকর্ড ও মেশিন আমদানি করেন । 'ওডিঅন' লেবেলটি ছিল বার্লিনের দি ইনটারন্যাশনাল টকিং মেশিন কোং এম.বি.এইচ. প্রতিষ্ঠানের লেবেল । ঐ কোম্পানীর প্রেসিডেন্ট মিঃ প্রেসকট রেকর্ড ব্যবসায়ে চিরস্মরণীয় হয়ে আছেন সর্বপ্রথম দুই-পিঠ বাজাবার উপযোগী রেকর্ড তৈরী করে । ১৯০৪ খৃঃ এই বিশেষ সাশ্রয়কর আবিষ্কারটি তিনি ঘটিয়েছিলেন । তাঁর আগে পর্যন্ত সব রেকর্ডের শুধু এক পিঠ বাজত ।

ইনটারন্যাশন্যাল টকিং মেশিন কোম্পানীর তরফে বার্লিন থেকে একজন সুদক্ষ 'রেকর্ড এক্স্পার্ট' দূর প্রাচ্য দেশ সমূহে রেকর্ড অভিযানে বেরিয়ে ভারতবর্ষেও আসেন । তিনি বাংলা গানও রেকর্ড করেন । তার মধ্যে কিছু রবীন্দ্রসংগীতও ছিল ।

'ওডিঅন' সুদীর্ঘকাল ভারতে চালু ছিল, এখনো আছে । এই প্রসঙ্গে বলা প্রয়োজন কলকাতার এই 'টকিং মেশিন কোম্পানী অব ইন্ডিয়া'র মালিকও ছিলেন বোম্বাইয়ের বল্লভদাস রণছোড়দাস—যাঁরা বল্লভদাস লছমীদাস নামে রেকর্ডের কারবার করতেন ।

কলম্বিয়া গ্রাফোফোন কোং লিঃ কালক্রমে ওডিঅন রেকর্ডের মালিক হন, আর কলম্বিয়াও চলে আসে গ্রামোফোন কোম্পানীর আওতায় । ফলে ভারতবর্ষে প্রকাশিত ওডিঅন রেকর্ড গ্রামোফোন কোম্পানীই তৈরী করতেন ।

এলিফোন,

'এলিফোন' নামে আরো একটি লেবেল কিছুদিন চালু হয়েছিল । তবে তাতে দক্ষিণী ভাষাই বেশি, কিছু হিন্দুস্থানী ছিল । বাংলা ছিল না ।

প্যাথি,

প্যাথি রেকর্ড চিরস্মরণীয় হয়ে আছে এইচ. বোসের রেকর্ডের সঙ্গে তাদের সংযোগের সুবাদে । অবশ্য ফরাসী কোম্পানী হলেও ভারতবর্ষে তার ব্যবসা বহুদিন চলেছিল । শুধু রেকর্ড নয়, সদ্য-আবিষ্কৃত ফিল্ম্-বিষয়ক যন্ত্রে তারা ছিল বিশেষজ্ঞ । তারা পৃথক প্যাথি রেকর্ডও বের করেছিল, যার একটার লেবেলে থাকত একটি মোরগের ছবি, অনেকটা 'শনিবারের চিঠি'র প্রচ্ছদের মোরগের মতো ।

পরে প্যাথি কোম্পানীর রেকর্ডও গ্রামোফোন কোম্পানী ভারতে তৈরী এবং প্রচার করেন ।

নভেল রেকর্ড : জে. ফ্লেমিং অ্যান্ড কোং

কলকাতায় উদ্যোগী হয়ে আরো একটি কোম্পানী কিছু রেকর্ড করেছিলেন । সে রেকর্ডের নামটি যদিও খুব সুপরিচিত নয় তবে তাঁদের অন্য বিষয়ে গুরুত্ব ছিল । ১৯০৪ খৃষ্টাব্দে ১৭০ ধর্মতলা ষ্ট্রীটে জে. ফ্লেমিং অ্যান্ড কোং নামে একটি প্রতিষ্ঠান ইলেকট্রোপ্লেটিং এবং ইলেকট্রিক এনজিনিয়ারিং-এর ব্যবসা করতেন । সঙ্গে ছিল তাঁদের আর একটি বিভাগ—দি অ্যাঙ্গলো আমেরিক্যান বায়স্কোপ কোম্পানী । তাঁদের কাজ ছিল বায়স্কোপের যন্ত্রপাতি নিয়ে । এখন যেটা চৌরঙ্গীর রক্‌সি সিনেমা, ওটার আগে নাম ছিল—এম্‌পায়ার থিয়েটার । ওখানে তাঁরা প্রতি রবিবার সন্ধ্যায় বায়স্কোপ দেখাতেন ।

তাঁদেরই একটি বিভাগের নাম ছিল ইউনিভার্সাল টকিং মেশিন ডিপো, যেখানে এডিসন ফোনোগ্রাফ, কলম্বিয়া গ্রামোফোন আর ভিকটর টকিং মেশিন বিক্রয় হতো । ভিকটর ছিল জনসনের নিজের কোম্পানী—যে জনসন গ্রামোফোন অ্যান্ড টাইপরাইটার লিমিটেডের গ্রামোফোন মেশিনের স্প্রীং-মোটর সরবরাহ করতেন । ভিকটর টকিং মেশিনের সঙ্গে কিছু জোনোফোন টকিং মেশিনও জনসন্ ঐ ইউনিভার্সাল টকিং মেশিন ডিপোতে পাঠাতেন ।

মেশিন বিক্রির সঙ্গে রেকর্ড বিক্রির অঙ্গাঙ্গী সম্বন্ধ তাই ফ্লেমিং-এর কলকাতার ঐ উদ্যোগী প্রতিষ্ঠানটি 'নভেল' রেকর্ড বের করলেন দু শ্রেণীর, ডিসক্ এবং সিলিণ্ডার', তাও আবার এডিসনের দেখাদেখি 'গোল্‌ড্ মোলডেড সিলিণ্ডার' । ১৯০৫ খৃষ্টাব্দে অক্টোবরে বেরুল তাঁদের সিলিণ্ডারে মিস ডালিমবালার বাংলা গান, ১৯০৬ খৃষ্টাব্দের ফেব্রুয়ারীতে বিখ্যাত মিস চারুবালার বাংলা গান । তাঁদের আর কোনও রেকর্ডের হদিশ পাওয়া যায় নি, নভেল (Novel) লেবেলও তাই সুপরিচিত হবার সুযোগ পায় নি ।

কিন্তু ইউনিভার্সাল টকিং মেশিন ডিপোর মালিক মিঃ ফ্লেমিং কম দামে মেশিন এবং তার মোটর দিয়ে কলকাতার বাজারে গ্রামোফোন কোম্পানিকে কোন্‌ঠাসা করে ফেলেছিলেন । সে বিষয়ে গ্রামোফোনের কলকাতা অফিসের ম্যানেজার ওয়াটসন হুডের একখানি চিঠির বিষয় এবারে আলোচনা করছি— যাতে সে সময় কলকাতায় কলের গানের কারবারের হালচাল কিছুটা বোঝা সহজ হবে ।

তার আগে জানাই, 'ইউনিভার্সাল টকিং মেশিন ডিপো'র এমন প্রতিপত্তি ছিল যে ভিকটর টকিং মেশিন কোং তাঁদের 'মনার্ক' রেকর্ডের লেবেলের উপরে গোল করে

ঘুরিয়ে ছেপে দিত— ইউনিভার্সাল টকিং মেশিন ডিপো, ক্যালকাটা । এতেই তাঁদের এজেনসির প্রেসটিজ কত উচ্চস্তরের ছিল তা বোঝা যায় । বেশি পরিমাণে প্রতিটি রেকর্ডের অর্ডার দিত বলেই তারজন্য পৃথক লেবেল ছাপা সম্ভব হত ।

ওয়াটসন হড্-এর একখানি চিঠি

ওয়াটসন হডের স্বহস্তে লেখা ২১ জানুয়ারি, ১৯০৩ তারিখের মূল চিঠিখানি রয়েছে গ্রামোফোন কোম্পানীর লন্ডন আর্কাইভে । এতে অনেক কৌতূহলপ্রদ বিষয়ে আছে যা বিশ্লেষণ করলে তখনকার ব্যবসায় জগৎ সম্বন্ধে নানা তথ্য জানা যায় । চিঠিটির প্রতিলিপি এই সঙ্গে দিলাম (দ্র. পরিশিষ্ট ১৭ এবং চিত্র) ।

যে কোম্পানীর নামই 'গ্রামোফোন অ্যান্ড টাইপরাইটার লিমিটেড' তাদের খোদ ম্যানেজারের চিঠি কিন্তু টাইপ করা নয়, হাতে লেখা । শুধু এই একখানি চিঠি নয়, আর্কাইভে এমন হাতে লেখা চিঠি অনেক আছে । এতে মনে হয় তখন টাইপিস্ট খুব বেশি পাওয়া যেত না ।

চিঠিটি লন্ডনে পৌঁচেছে ১৯-২-১৯০৩ তারিখে, প্রায় এক মাস পরে । শ্লথগতি পালখাটানো জাহাজে পাঠানো চিঠি । চিঠিতে যে ফ্লেমিং সায়েবের বিরুদ্ধে কম দামে জিনিস বিক্রির অভিযোগ করা হয়েছে তিনি নিঃসন্দেহে ইউনিভার্সাল টকিং মেশিন ডিপোর মালিক মিঃ জেমস্ ফ্লেমিং । তিনি এডিসন, কলম্বিয়া আর ভিক্টর— তিনটি বড়ো বড়ো কোম্পানীর মেশিন বিক্রয় করতেন এবং তা গ্রামোফোন কোম্পানীর মেশিনের থেকে কমদামেই । এক মনার্ক মোটরের দামই গ্রামোফোনের মোটরের থেকে ৪৫ টাকা কম । অন্য বস্তুর দাম, রেকর্ডের ডজন পনেরো টাকা, টাকায় তিনশ নিড্ল্ বা রেকর্ড বাজাবার পিন ।

চিঠিতে হড্ বললেন গ্রামোফোন মেশিনের দাম না কমিয়ে বরং ফ্লেমিংকে যিনি মেশিন সরবরাহ করেন সেই এলড্রিজ রীভ্স্ জনসনকে অনুরোধ করা দরকার ফ্লেমিংকে মাল সরবরাহ বন্ধ করতে । স্মরণ করা যেতে পারে এই জনসন গ্রামোফোনের স্প্রীং-মোটর ও নানা যন্ত্রাংশ দীর্ঘকাল হতে বার্লিনারকে সরবরাহ করতেন । বার্লিনারের তিনি ঘনিষ্ঠ বন্ধু ছিলেন ।

শুধু কি মোটর ? কনসার্ট সাউন্ড বক্স্ বিকোচ্ছে মাত্র ১০ টাকায় । গ্রামোফোনের সাউণ্ড বক্স্ ২২॥ টাকা । বাজারে আরও ভালো সাউণ্ড বক্স্ মাত্র ১৫ টাকায় বিকোচ্ছে । ফ্লেমিং-এর সস্তা দামে মাল বিক্রয় তামাসার ব্যাপার নয় ।

হ্যানোভার থেকে রেকর্ড যা আসছে তার 'ধার' গুলি উঁচু থাকে । হয় গোটা রেকর্ড আরো পুরু করা হোক, না হয় 'ধার' চেঁছে মোলায়েম করা হোক । আর

রেকর্ডের ট্রেডমার্ক রয়েছে পিছনদিকে । তাতে অনেক রেকর্ড একসঙ্গে রাখলে বাজাবার দিকের গ্রুভ নষ্ট হয়ে যায় (তখন সব রেকর্ডই এক-পিঠ বাজত) । ভারতের গরম কি ভীষণ ! একখানি খাম যদি দুটি রেকর্ডের মধ্যে থাকে তার লেখার ছাপ পড়ে যাবে রেকর্ডের গায়ে, আর তাতে ঘর্ষণের কর্কশ আওয়াজ বাড়বে ।

'লন্ডনে এখন টাইপরাইটারের পাইকারি দাম কি যাচ্ছে ? আমরা নিই ৫ পাউণ্ড দশ শিলিং' । কত তথ্য !! হড্‌সাহেবের হস্তাক্ষরও বেশ পরিষ্কার । তবু পরিশিষ্টে চিঠিখানির অনুলিপি দিলাম ।

গেইসবার্গের স্মরণীয় উক্তি

খ্যাতনামা রেকর্ডিং বিশেষজ্ঞ ফ্রেডারিক গেইসবার্গ ১৯০২ খৃষ্টাব্দে প্রথমবার ভারতবর্ষে এসেছিলেন, পরেও কয়েকবার এসেছিলেন । তিনি তাঁর *Music on Record* গ্রন্থের চতুর্থ পরিচ্ছেদের শিরোনাম দিয়েছিলেন "' The Gramaphone Goes East " । তাতে ভারতে কলের গানের বৃত্তান্ত অনেক জানা যায় । একস্থানে তিনি এদেশে কি পরিমাণে রেকর্ডিং করা হয়েছে তারও বিবরণ দিয়েছেন । তিনি লিখেছেন—

"Thirty years have elapsed since my first visit to India. We found music there static and after a few years there was very little traditional music left to record. Songs for festivals and weddings were already in our catalogues and new artists were learning their repertoire from gramophone records. Practically speaking, there is no written Indian music and there are no publishers of Indian (music). What copyright fees the companies had to pay were on the words or poems of some of the songs which had been published in books. The Company therefore founded training centres in Calcutta, Delhi, Lahore, Madras and Rangoon and engaged musicians to train artistes and to set tunes to selected poems. **Almost every year thereafter from two to three thousand songs have been recorded in all parts of India, in most of the six hundred dialects and languages"***.

এই উক্তির সময় ১৯৩২, যখন রবীন্দ্রনাথের বয়স প্রায় সত্তর । তবু তিনি সোৎসাহে সদ্য প্রতিষ্ঠিত হিন্দুস্থান মিউজিক্যাল প্রোডাক্টস অ্যান্ড ভ্যারাইটিস লিমিটেডের হিন্দুস্থান রেকর্ডে রেকর্ড করেছেন (H-1) ।

ঐ সময়েও প্রায় প্রতি বছরে গ্রামোফোন কোম্পানীতেই দুই থেকে তিন হাজার

* স্থূলাক্ষর লেখকের

টাইটেল ভারতের ৬০০টির-ও বেশি ভাষায় রেকর্ড করা হয়েছে । এই বিপুল সংখ্যক রেকর্ডের মধ্যে রবীন্দ্রসংগীতের বিশিষ্ট স্থান ছিল ।

এই সময় কেবল সেইসব গানের কথাগুলির জন্য রয়ালটি দেওয়া হোত যা কোনও গ্রন্থে প্রকাশিত হয়েছে । পাঠকের মনে থাকতে পারে মাত্র ছয় বছর আগে ৫.১০.১৯২৬ তারিখে রবীন্দ্রনাথের সঙ্গে গ্রামোফোন কোম্পানীর চুক্তি স্বাক্ষরিত হয়েছিল । গীতিকার হিসাবে রবীন্দ্রনাথ সর্বপ্রথম রয়ালটি পেয়েছিলেন । তারপর থেকে সব গীতিকারই পারিশ্রমিক পান । গায়ক হিসাবে সর্বপ্রথম রয়ালটি পেয়েছিলেন কৃষ্ণচন্দ্র দে । তার আগে পর্যন্ত সব শিল্পীকেই এক-কালীন পারিশ্রমিক দেওয়া হোত ।

কবি নিজেই গেয়েছিলেন— 'আমি যে গান গেয়েছিলেম, মনে রেখো ।' তাঁর তিরোধানের অর্ধ শতাব্দী পরেও আমরা তাঁকে ভুলতে পারি নি । ভোলা দূরে থাক, এই অর্ধ শতাব্দীতে রবীন্দ্রসংগীতের প্রচার প্রসার আরো বহুগুণ বৃদ্ধি পেয়েছে ।

প্রসঙ্গত মনে পড়ে, কবির মহাপ্রয়াণের সঙ্গে সঙ্গেই কাজী নজরুল ইসলাম-সহ যেসব গীতিকার প্রাণস্পর্শী ভাষায় কবির প্রতি শ্রদ্ধা নিবেদন করেছিলেন তার রেকর্ডসমূহ এখন বিস্মৃতপ্রায় । কবির জন্মশতবার্ষিকীতেও রেকর্ডে কয়েকটি শ্রদ্ধাঞ্জলি গীতি পরিবেশিত হয়েছিল । সেই রেকর্ডগুলির একটি তালিকা ("রেকর্ডে কবি-বন্দনা") পরিশিষ্টে দিয়েছি ।

রবীন্দ্রনাথ ভারতের স্বাধীনতা দেখে যান নি, দেশ বিভাগও দেখে যান নি । স্বাধীন ভারতে বিদেশী কোম্পানীর অবাধ বাণিজ্য চলে না । তাই কোনো বিদেশী রেকর্ড কোম্পানী এখন আর এদেশে আসে না । তবে ক্যাসেট প্রবর্তনের ফলে ছোটো বড়ো অনেক রেকর্ডিং প্রতিষ্ঠান গড়ে উঠেছে এবং তারা প্রায় সবাই রবীন্দ্র-সংগীতের জনপ্রিয়তা সম্বন্ধে সচেতন । তাই নিত্য নতুন শিল্পীর কণ্ঠে একদিকে যেমন পরিচিত গান শোনা যাচ্ছে, তেমনি কিছু নতুন রবীন্দ্রসংগীতেরও সাক্ষাৎ মিলছে—যা আগে রেকর্ডে বের হয় নি ।

তবু রবীন্দ্রসংগীতের ভাণ্ডার এখনো অফুরন্ত । 'গীতবিতানে' তাঁর গানের সংখ্যা দুই হাজার পঁচাত্তর (২০৭৫), আর 'রবীন্দ্ররচনাবলী'তে তাঁর কবিতার সংখ্যা তিন হাজার পাঁচশত পঁচাত্তর (৩৫৭৫), পশ্চিমবঙ্গ সরকার প্রকাশিত পূর্ববর্তী সংস্করণ অনুসারে । আজ পর্যন্ত রবীন্দ্রনাথের যত কবিতায় সুর আরোপ করে গানে পরিণত করা হয়েছে তার সংখ্যাও কম নয় । তাঁর বহু গান এখনো একবারও রেকর্ড করা হয় নি । মনে হয় তাঁর সব গান রেকর্ড করা সম্পূর্ণ করতে আরো বহু বহু শিল্পীর সাধনা প্রয়োজন হবে ।

রবীন্দ্র-রচনার কপিরাইটের মেয়াদ ৩১ ডিসেম্বর, ১৯৯১ তারিখে শেষ হবার কথা ছিল । বিশ্বভারতীর পক্ষ থেকে এবং পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ঐ মেয়াদ বৃদ্ধির জন্য ভারত সরকারের কাছে আবেদন করা হয় । ফলে ঐ মেয়াদ আরো দশ বছর বাড়িয়ে দিয়ে অর্ডিনান্স জারি করা হয়েছে । আন্তর্জাতিক গ্রন্থস্বত্ব আইন যাঁরা মেনে চলেন তাঁদের মধ্য থেকেও ফেডারেল রিপাবলিক অব জার্মেনী এবং অস্ট্রিয়া প্রভৃতি অনেক দেশ গ্রন্থস্বত্বের মেয়াদ গ্রন্থকারের মৃত্যুর পর ৭০ বছর পর্যন্ত করেছেন । ভারত সরকার রবীন্দ্রনাথের গ্রন্থস্বত্বের মেয়াদ আরো দশ বছর বাড়িয়েছেন । তাতে ৩১ ডিসেম্বর ২০০১ তারিখ পর্যন্ত গ্রন্থস্বত্বে বিশ্বভারতীয় অধিকার বজায় থাকবে । তার পরেও যাতে রবীন্দ্ররচনার কোনো বিকৃতি না ঘটানো হয় সে বিষয়ে দেশবাসীর সতর্ক থাকতে হবে । রবীন্দ্রসংগীত বিষয়ে সে সতর্কতা আরও বেশি প্রয়োজন, কারণ গানের কথা এবং সুর কোনোটারই যেন বিকৃতি না ঘটে, তা দেখা দরকার ।

'কলের গান' প্রসঙ্গ শেষ করবার আগে পুনরায় উল্লেখ করতে চাই, রবীন্দ্রসংগীতের আজ যে সর্বব্যাপী সমাদর লক্ষ করা যায় তার জন্য কলের গানেরও নিশ্চয়ই কিছু পরিমাণে কৃতিত্ব বিগতদিনেও ছিল, আজও আছে ।

১৪৬ কবি নবীন সেন রোড
কলকাতা-২৮

সন্তোষকুমার দে
২২ শ্রাবণ, ১৩৯৯

পরিশিষ্ট

(১)

রবীন্দ্রনাথের চুক্তিপত্র

AGREEMENT

The Gramophone Company Limited
and
Dr. Rabindra Nath Tagore D.L.
Dated 5th October 1926.

AN AGREEMENT made the fifth day of October One thousand nine hundred and twenty-six BETWEEN THE GRAMOPHONE COMPANY LIMITED a Company incorporated under the English Companies Acts and having its Registered Office at Hayes in the County of Middlesex in England and carrying on business at amongst other places 139, Belliaghatta Road in the suburbs of Calcutta (hereinafter called "the Company") of the one part and DOCTOR RABINDRA NATH TAGORE D.L. of No. 6, Dwarka Nath Tagore Lane in the town of Calcutta aforesaid (hereinafter called "the Composer") of the other part WHEREBY IT IS AGREED as follows :—

1. The Company shall for the consideration herein-after stated have the exclusive right for ever to manufacture, multiply, publish and sell all records for use on Talking Machines already made by the Composer of the songs and recitations mentioned in the Schedule hereunder and shall for a period of five years from the date hereof have such exclusive right to manufacture, multiply, publish and sell all further records which may hereafter be made by the Composer of the said songs and recitations.

2. The Company shall have the exclusive property in and the sole right for ever to manufacture and multiply all records so made or to be made by the Composer of the said songs and recitations and the Composer shall not during the continuance of this Agreement talk or sing or carry out any performance for the purpose of making talking machine records of the said songs and recitations.

3. The Company shall pay to the Composer or his nominee royalty of eight annas for each double sided record of any of the

Composer's said songs or recitations manufactured or to be manufactured by the Company PROVIDED ALWAYS that the Company shall at all times be at liberty to determine the selling price for all records the subject of this Agreement.

THE SCHEDULE ABOVE REFERRED TO

Serial Nos.	Language	Title
BD. 1222	Bengali Talking	আবির্ভাব (Abirbhab)
1223	English Talking	Readings from "Gitanjali" No. 11, 35 and 36 (Prayer)
1224	,, ,,	Readings from "Crescent Moon".
1225	Bengali Talking	আজি ঝড়ের রাতে (Aji Jharer rate)
1231	Bengali Song	শেষ পারানির কড়ি কণ্ঠে নিলেম গান "Shesh Paranir Kari Kanthe Nilem Gan"
1232	,, ,,	অন্ধজনে দেহ আলো Andha Jane deha alo
1233	,, ,,	তুমি যেয়োনা এখনি Tumi Jeyona ekhoni
1234	,, ,,	অমল ধবল পালে লেগেছে Amala dhabala pale legechhe
1235	,, ,,	আমারে কে নিবি ভাই Amare ke nibi bhai
1236	,, ,,	কখন যে বসন্ত গেল Kakhan je Basanta galo
1237	,, ,,	আমি সংসারে মন দিয়েছিনু Ami sansare mana diechhinu
1238	,, ,,	নাই বা এলে যদি সময় নাই Nai ba eley jadi samay nai
1239	,, ,,	গানের সুরের আসনখানি Ganer Surer Asan Khani
1240	,, ,,	অনেক দিয়েছ নাথ Anek diechha nath

1241	,,	,,	বেলা গেল তোমার পথ চেয়ে Bela galo tomar patha cheye
1242	,,	,,	ভালো বেসে সখি নিভৃতে যতনে Bhalo beshe sakhi nibhrite jataney
1243	Bengali Talking		আজি হতে শতবর্ষ পরে Aji hote shatabarsha pare
1244	,,	,,	সোনার তরী (Sonar Tari)
1245	Bengali Talking		কৃষ্ণকলি (Krishna Kali)
1246	,,	,,	ভ্রষ্টলগ্ন (Bhrasta Lagna)
1247	,,	,,	নৈবেদ্য (Naibedya)
BD 1248	,,	,,	কর্ণ ও কুন্তী সংবাদ প্রথম খণ্ড Karna O Kunti Sambad Part I
1249	,,	,,	ঐ দ্বিতীয় খণ্ড do II
1250	,,	,,	ঐ তৃতীয় খণ্ড do III
1251	,,	,,	ঐ চতুর্থ খণ্ড do IV

IN WITNESS where of the parties hereto have hereunto set their respective hands the day and year first above written.

WITNESSES

(Sd) N.W. Innes
Accountant
8/1, Loudon Street
Calcutta

The Gramophone Company Ltd.
By their Calcutta Manager

(Sd) Illegible

(Sd) P.C. Mahalanobis
Meteorologist, Calcutta
The Observatory, Alipore

(Sd) Rabindranath Tagore

(Sd) Rathindranath Tagore
Zeminder,
6, Dwarkanath Tagore Lane
Calcutta

Agreement প্রস্তুতকারক Morgan & Co., Calcutta

(২)

'কবিকণ্ঠ' গ্রন্থের ভূমিকা বিষয়ে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য শ্রদ্ধেয় শ্রীসুধীরঞ্জন দাস মহোদয়ের পত্র ।

VISVA-BHARATI
Founded by
RABINDRANATH TAGORE

Sri S.R.Das
Vice-Chancellor

Santiniketan
West Bengal

ক্যাম্প : স্বপনপুরী, কালিম্পং
৩০.৫.১৯৬১

সবিনয় নিবেদন,

আপনার ২৭ মে তারিখের চিঠিখানি পেলুম । 'রবীন্দ্রসদনে' আপনি কাজ করবার সুযোগ পেয়ে তথ্যাদি সংগ্রহ করেছেন জেনে সুখী হলুম । রবীন্দ্রনাথের রেকর্ড-তালিকা যে সম্পূর্ণ নয় সে কথা লিখে আপনি ভালোই করেছেন । আমাদের তালিকাটি সংশোধিত করা প্রয়োজন । আশা করি রবীন্দ্রসদনের কার্যভার যাঁদের উপর রয়েছে তাঁরা এ বিষয়ে অবহিত হবেন ।

আপনার প্রস্তাবিত পুস্তকের একটি ভূমিকা লেখবার জন্য আমাকে অনুরোধ করে খুবই সম্মানিত করেছেন । তবে এ সব কাজে আমার অপটুতা জানি বলেই এই দায়িত্বভার নিতে সাহস করি না । সাহিত্য-জগতে এবং বিশেষ করে রবীন্দ্র-প্রসঙ্গে শ্রীপ্রবোধচন্দ্র সেন মহাশয়ের খ্যাতি সর্বজনবিদিত । তিনি ভূমিকাটি লিখে দিলে আরও সুন্দর ও শোভন হবে ।

গ্রামোফোন কোম্পানি হতে আপনাদের যে শতবার্ষিকী সংখ্যা বের করেছেন তা এখনও পাই নাই । পেলে পরে নিশ্চয়ই পড়ে নেব । নমস্কারান্তে ইতি

ভবদীয়
শ্রীসুধীরঞ্জন দাস

শ্রীসন্তোষকুমার দে
৪৫ আমহার্স্ট ষ্ট্রীট, কলিকাতা-৯

(৩)

কবিকণ্ঠ

প্রবোধচন্দ্র সেন

...বাংলাদেশ চিরকালই নদীজলধারা ও গীতসুধাধারার দেশ। কিন্তু নদীর ধারা যেমন বাংলাদেশকে উত্তরে-দক্ষিণে ও পূর্বে-পশ্চিম বিভক্ত করেছে, বাংলা গানের ধারাও তেমনি বাঙালিকে বৈষ্ণব, শাক্ত, বাউল, এমন-কি ব্রাহ্ম প্রভৃতি নানা ভাগে বিচ্ছিন্ন করেছে। কোনো গানের ধারাই সমস্ত ভেদকে অস্বীকার ক'রে সমগ্র বাঙালি জাতির সাধারণ সম্পদ বলে গণ্য হতে পারে নি। এই মহৎ মর্যাদার প্রথম অধিকারী রবীন্দ্রসংগীত। বাংলার ইতিহাসের চরম অভিপ্রায়টি তার সার্থক পরিণতি লাভ করেছে রবীন্দ্রসংগীতের পুণ্যতীর্থে। বাঙালি-চিত্তের সমস্ত ধারা এসে মিলিত হয়েছে এই গীতসংগমের তীর্থক্ষেত্রে।

রবীন্দ্রসংগীতের শেষ সার্থকতা এখানেও নয়। রবীন্দ্রসংগীতের সুরব্যঞ্জনা যেমন তার বাণীকে অতিক্রম করে যায়, তেমনি অতিক্রম করে যায় বাংলাভাষার তথা বাঙালিত্বের সংকীর্ণ সীমাকেও। কেননা, এই গানগুলির সুরব্যঞ্জনা তথা তার ভাবব্যঞ্জনা উভয়েরই প্রবণতা বিশ্বজনীনতা তথা চিরন্তনতার অভিমুখে। এই অভিমুখীনতার জন্যই 'গীতাঞ্জলি' বিশ্বচিত্তজয়ে সমর্থ হয়েছে। এই চিত্তবিজয়ের ক্রিয়া আজও সম্পূর্ণ হয় নি। রবীন্দ্রসংগীতের সুরব্যঞ্জনা তথা ভাবব্যঞ্জনার অদৃশ্যসূত্রে বাঙালির হৃদয় শুধু যে ভারতহৃদয়ের সঙ্গে মিলিত হচ্ছে তা নয়, বিশ্বহৃদয়ের সঙ্গে মিলিত হবারও শুভ লক্ষণ দেখা যাচ্ছে। বাংলাভাষাকে আশ্রয় করে রবীন্দ্রসংগীত এক মহাসুরতীর্থ রচনা করেছে। যেদিন

জগতের লোক সুধার আশায়
সে ভাষা করিবে পান।

এবং যেদিন

হেথায় সবারে হবে মিলিবারে
আনতশিরে।

সেদিন হয়তো খুব দূরবর্তী নয়।

সেদিনের দূরবর্তিতা ঘোচাবার জন্যে যেসব উপায় অবলম্বিত হয়েছে তার মধ্যে অন্যতম, হয়তো প্রধানতম, হচ্ছে গ্রামোফোন রেকর্ড। এই রেকর্ডগুলি শুধু যে রবীন্দ্রসংগীতের সুরবৈশিষ্ট্যের স্থায়িত্ববিধান করেছে তা নয়, এই সুরসম্পদ্ দেশে-বিদেশে বিতরণেরও সহায়তা করেছে। আর, এই রেকর্ডগুলির মধ্যেও সেইগুলির'ই

মূল্য সবচেয়ে বেশি যেগুলিতে স্বয়ং রবীন্দ্রনাথেরই কণ্ঠস্বর বিধৃত হয়ে আছে। এই কণ্ঠস্বরের মধ্যেই রবীন্দ্রসংগীতের সুর ও ভাব একসঙ্গে ধরা দিয়েছে তার অপূর্ব পরিপূর্ণতা নিয়ে।

কবির মর্যাদা অনেক সময়েই স্বদেশের চেয়ে বিদেশেই আগে স্বীকৃতি লাভ করে। তেমনি সে মর্যাদা কবির স্বকালের চেয়ে পরবর্তীকালেই অধিকতর গৌরব লাভ করে। বিক্রমাদিত্যের রাজসভায় কালিদাসের যে গৌরব যে মর্যাদা ছিল, আজ কি সে মর্যাদা সে গৌরব বহুগুণে বেশি নয়? রবীন্দ্রনাথের জীবিতকালে তাঁর গীতধারার যা আদর ছিল, এখনই সে আদর অনেক বেড়েছে— একথা বোধ করি কেউ অস্বীকার করবেন না। ভাবী কালে সে আদর আরও বাড়বে, সে লক্ষণও সুস্পষ্ট। রবীন্দ্রনাথের জীবিতকালে তাঁর কণ্ঠনিঃসৃত গীতসুধাপানের আগ্রহ যত ছিল, ভাবী কালের জন্যে তা সঞ্চিত করে রাখবার আগ্রহ তত ছিল না। যদি থাকত তবে আজকাল আমরা এমন করে বঞ্চিত হতাম না। অবশ্য শুধু আগ্রহ নয়, সে কণ্ঠসুধাকে ধরে রাখবার যান্ত্রিক ব্যবস্থাদিও ছিল অ-যথেষ্ট। তবু মনে হয়, যতটুকু ব্যবস্থা ছিল তাতেও যদি ওই কণ্ঠস্বরকে ধরে রাখবার ঐকান্তিক আগ্রহ থাকত তা হলে ভাবী কাল এমনভাবে বঞ্চিত হত না।

তার চেয়েও দুঃখের বিষয় এই যে, তৎকালীন যান্ত্রিক অসম্পূর্ণতা এবং আগ্রহের অপ্রতুলতা সত্ত্বেও রবীন্দ্রনাথের কণ্ঠস্বর বিভিন্ন সময়ে যন্ত্রযোগে যতখানি সংরক্ষিত হয়েছিল তার সন্ধানও আমরা রাখি না। রাখবার আগ্রহও আমাদের নেই। সুখের বিষয়, আমার স্নেহভাজন প্রাক্তন ছাত্র শ্রীমান সন্তোষকুমার দে এ-বিষয়ে অগ্রণী হয়েছেন। এই অগ্রণীত্বের মর্যাদা চিরকালের জন্য তাঁর প্রাপ্য হয়ে থাকবে। বহু বৎসর পূর্বে তিনি যখন এ বিষয়ে তাঁর পরিকল্পনা ও কার্যক্রমের কথা আমাকে জানান তখন তাঁর নিষ্ঠা, অনুরাগ ও অনুসন্ধানস্পৃহা দেখে বিস্ময়বোধ করি। আরো অনুভব করি যে, এ কার্যের পক্ষে দীর্ঘকালের অভিজ্ঞতা ও প্রচেষ্টার ফলে তিনি যে যোগ্যতা ও অধিকার অর্জন করেছেন সে যোগ্যতা ও অধিকার বোধকরি আর কারও ছিল না। এক্ষেত্রে তিনি অদ্বিতীয়। যে বিপুল অধ্যবসায় ও পরিশ্রম সহকারে তিনি মাসের পর মাস, বৎসরের পর বৎসর এই কার্যে অনুসন্ধান করে চলেছেন, তা বনেদি গবেষক সমাজেও দুর্লভ। তাঁর ঐকান্তিকতা দেখে আমি শুধু বিস্ময় নয়, শ্রদ্ধাবোধও করেছি। তাঁর এই নিষ্ঠা ও আগ্রহ, অনুসন্ধানের বিভিন্ন পর্যায়ে তাঁকে দেশবিদেশের বহু ব্যক্তি ও প্রতিষ্ঠানের সঙ্গে যোগস্থাপনে প্রণোদিত করেছে। বিশ্বভারতী রবীন্দ্রসদনের উপাদান সংগ্রহও তাঁকে পুনঃপুনঃ শান্তিনিকেতনের প্রতি আকৃষ্ট করেছে। বহুকাল ধরে তাঁকে উৎসাহ ও উপদেশ দেবার ও সময়ে সময়ে কিছু

সহায়তা করার যে সুযোগ আমি পেয়েছি, তার জন্যে আজ আমি বিশেষ আনন্দ অনুভব করছি। তাঁর দীর্ঘকালের নিষ্ঠা ও শ্রম এতদিনে সার্থকতা লাভ করল এই 'কবিকণ্ঠ' গ্রন্থখানির মধ্যে। আপাতদৃষ্টিতে গ্রন্থখানিকে বড়োই নিরীহ, এমন-কি, তুচ্ছ বা অপাংক্তেয় বলেও বোধ হতে পারে, মনে হতে পারে, এ কাজ অতি অনায়াসসাধ্য ও অবলীলাসঞ্জাত। কেননা, এই গ্রন্থপ্রকাশের উদ্‌যোগ আয়োজনের মধ্যে কোথাও সাড়ম্বর ঘোষণা বা সমারোহের কোনো অবকাশ রাখা হয় নি। বরং এ কাজে অগ্রসর হয়ে শ্রীমান্ সন্তোষকুমারকে যে কঠোর শ্রম স্বীকার করতে হয়েছে, তাকে অতি সযত্নে প্রচ্ছন্ন রাখা হয়েছে। এর নেপথ্য প্রক্রিয়ার সঙ্গে কিছু পরিচয় থাকাতে এই কাজের যথার্থ স্বরূপ উপলব্ধির সুযোগ আমার হয়েছে। তবু আশা করি গবেষণার সত্যরূপের সঙ্গে যাঁদের পরিচয় আছে, এই কাজের মূল্য নিরূপণে তাঁদের কিছুমাত্র বিলম্ব ঘটবে না।

এই গ্রন্থ একটি অনতিলক্ষিত সামান্য বিষয়ের উপরে কিছু আলোকপাত করে সাধারণ পাঠকের কৌতূহলনিবারণের প্রয়াস মাত্র নয়। এটি বস্তুত রবীন্দ্রনাথের জীবনচরিত তথা সাহিত্যকৃতির একটি মুখ্য অঙ্গ নিয়ে ঐতিহাসিক গবেষণার একটি উৎকৃষ্ট নিদর্শন। এই গবেষণায় পরোক্ষ অনুমান বা কল্পনার কোনো স্থান নেই। আধুনিক পদ্ধতি অনুসারে যুক্তিপ্রমাণ এবং দলিলাদি প্রত্যক্ষ নিদর্শনের ভিত্তির উপরে প্রতিষ্ঠিত। প্রায় প্রত্যেক পদক্ষেপেই প্রত্যক্ষ নিদর্শনের প্রমাণ উপস্থাপিত হয়েছে এটাই এই গ্রন্থের অন্যতম শ্রেষ্ঠ বৈশিষ্ট্য। আর, যে বিষয়টির উপরে এই আদর্শ গবেষণাপদ্ধতির প্রয়োগ করা হয়েছে সে বিষয়টিও উপেক্ষণীয় নয়। রবীন্দ্রনাথের জীবনচরিত এবং তাঁর সাহিত্য ও সংগীতের ইতিহাস নিয়ে যাঁরা গবেষণা করবেন তাঁদের সকলের পক্ষেই এই গ্রন্থ অপরিহার্য হয়ে থাকবে।

যে বিষয়ে যাঁর প্রত্যক্ষ ঘনিষ্ঠতা থাকে সে বিষয়টা যত ক্ষুদ্র হোক, সে বিষয় নিয়ে নিষ্ঠাসহকারে গবেষণা করলে সে কাজ যে কত মূল্যবান্ হতে পারে তার একটি প্রকৃষ্ট নিদর্শন এই গ্রন্থ।

শুধু জ্ঞানের দিক্ দিয়ে নয়, এই পুস্তকের ব্যবহারিক দিকটাও কম মূল্যবান্ নয়। হয়তো শেষ বিচারে সে দিকটাই গুরুতর বলে স্বীকৃত হবে। সংগীত বা আবৃত্তির চরম সার্থকতা তার প্রয়োগের মধ্যেই, তার ইতিহাসচর্চার মধ্যে নয়। সে দিকটার প্রতি গ্রন্থকার স্বভাবতই তাঁর দৃষ্টি বিশেষভাবে নিবদ্ধ রেখেছেন। গবেষক সমাজের কাছে এ দিক্‌টার মূল্য অপেক্ষাকৃত কম হতে পারে। কিন্তু সাধারণ পাঠকসমাজ বা সংগীতানুরক্ত সমাজের কাছে এই ব্যবহারিক দিক্‌টারই মূল্য বেশি। একথা মনে রাখা উচিত যে, গবেষকদের গুরুত্ব যতই হোক না কেন, তাঁদের নিয়ে দেশ

নয়, তাঁরা অসাধারণ মাত্র ; কিন্তু সাধারণদের নিয়েই দেশ, তাঁরাই দেশের অধিকাংশ ।

এ প্রসঙ্গে আর-একটা কথা বলা প্রয়োজন মনে করি । কোনো বিষয়েরই গবেষণার কাজ কখনো নিঃশেষে সমাপ্ত হয় না, গবেষক-ও কখনো পূর্ণ তৃপ্তি পান না । শ্রীমান সন্তোষকুমারেরও তাই হয়েছে । গ্রন্থরচনা ও মুদ্রণের মাঝে মাঝে যেসব নূতন তথ্য তাঁর দৃষ্টিগোচর হয়েছে সেগুলিকেও তিনি এই গ্রন্থে স্থান দিতে কার্পণ্য করেন নি । মুদ্রণসমাপ্তির পরেও তাঁর সন্ধানস্পৃহা অতৃপ্ত রয়েছে এবং কিছু কিছু নূতন তথ্যও তাঁর জ্ঞানগোচর হয়েছে । কিন্তু মুদ্রক ও প্রকাশকের তাড়নায় তিনি এবারের মতো নিবৃত্ত হয়ে পরবর্তী সংস্করণের অপেক্ষায় থাকতে বাধ্য হয়েছেন । রবীন্দ্রসংগীত তথা রবীন্দ্রকণ্ঠশ্রুতির প্রতি যে আগ্রহ সম্প্রতি দেশের চিত্তে জাগ্রত হয়েছে, তাতে আশা করা যায় শ্রীমান সন্তোষকুমারকে এজন্য দীর্ঘকাল অপেক্ষা করতে হবে না ।

পরিশেষে বক্তব্য এই, রবীন্দ্রসংগীত দেশের ঘরে ঘরে এবং প্রত্যেক নরনারীর হৃদয়ে যতই ধ্বনিত ও অনুরণিত হতে থাকবে তত মঙ্গল । রবীন্দ্রসংগীতকে আশ্রয় করে বাংলাদেশের চিত্তক্ষেত্রে যে গীততীর্থ রচিত হচ্ছে, তার কেন্দ্রস্থলেই উৎসারিত হচ্ছে কবিকণ্ঠের অফুরন্ত পূত নির্ঝরিণীধারা । কবি নিজেই একদিন গেয়েছিলেন—

শুধু তোমার বাণী নয়গো, হে বন্ধু, হে প্রিয়,
মাঝে মাঝে প্রাণে তোমার পরশখানি দিয়ো ।।

একথা স্বয়ং কবির প্রতিও প্রযোজ্য । শুধু তাঁর বাণী নিয়ে আমাদের চিত্ত পরিতৃপ্ত হয় না, মাঝে মাঝে তাঁর প্রত্যক্ষ স্পর্শলাভের জন্যও হৃদয় ব্যাকুল হয়ে ওঠে । এই স্পর্শলাভের একমাত্র উপায় হৃদয় দিয়ে তাঁর সজীব কণ্ঠের সাক্ষাৎ-লাভ । কবি তো আজ আর নেই, চিরকালের মতো তিনি চলে গেছেন, রেখে গেছেন কতকগুলি পরোক্ষ স্মৃতিচিহ্নমাত্র । 'চিহ্ন তব রেখে গেছ, তুমি হেথা নাই ।' কিন্তু হায়, সেসব চিহ্নও পরোক্ষ, প্রাণহীন । তবু একেবারে নিরাশ হবার কারণ নেই । তাঁর প্রত্যক্ষ ও সজীব উপস্থিতি অনুভব করারও একটি উপায় তিনি রেখে গেছেন—সে তাঁর কণ্ঠস্বর । সে কণ্ঠস্বরের সামগ্রিক ও পরিপূর্ণ পরিচয় দিতে যিনি প্রয়াসী হয়েছেন, তিনি শুধু বর্তমান নয়, ভাবী কালেরও কৃতজ্ঞতাভাজন হয়ে রইলেন । এখানেই 'কবিকণ্ঠ' গ্রন্থের চরম সার্থকতা ।

শ্রীমান্ সন্তোষকুমার তো পরম নিষ্ঠা ও শ্রদ্ধাসহকারে তাঁর কর্তব্য সম্পন্ন করেছেন, এখন আমাদের কর্তব্য তাঁর ইঙ্গিত অনুসরণ করে কবির কণ্ঠস্বরকে

বিলুপ্তির হাত থেকে উদ্ধার ও রক্ষা করে আমাদের পুণ্য গীততীর্থের কেন্দ্রস্থলে পূর্ণমর্যাদায় প্রতিষ্ঠিত করা । অতঃপর আমরা যদি কবিকণ্ঠকে যথোচিতভাবে সংরক্ষণ করে বাংলার ঘরে ঘরে তথা ভাবী কালের নরনারীর কাছে পৌঁছিয়ে দেবার ব্যবস্থা করি তবেই সন্তোষকুমারের অভিপ্রায় সিদ্ধির সহায়তা করা হবে এবং গীতগুরু রবীন্দ্রনাথের প্রতি আমাদের কর্তব্যপালন করা হবে ।

প্রবোধচন্দ্র সেন

রবীন্দ্রভবন
বিশ্বভারতী, শান্তিনিকেতন, ২৭ চৈত্র ১৩৬৯

(৪)

আকাশবাণী ও কবিকণ্ঠের রেকর্ড

অল ইণ্ডিয়া রেডিওর রেকর্ড-লাইব্রেরীতে কবিকণ্ঠের অনেক উৎকৃষ্ট রেকর্ডিং রক্ষিত আছে, তার মধ্যে ১৯৩৮ সালের ৮ মে (রবিবার, ২৫ বৈশাখ, ১৩৪৫) তারিখ কালিম্পঙ্ থেকে সরাসরি টেলিফোন লাইনযোগে কলকাতা বেতার স্টেশনে প্রেরিত এবং সেখান থেকে বেতারে প্রচারিত কবিকণ্ঠের আবৃত্তির রেকর্ডিংটি বিশেষ গুরুত্বপূর্ণ । ৭৭ বৎসর পূর্ণ হয়ে কবি ঐ দিন ৭৮ বৎসরে পদার্পণ করেন । অধুনা কবির 'সৈঁজুতি' নামক কাব্যগ্রন্থের অন্তর্গত "জন্মদিন" শীর্ষক সুদীর্ঘ কবিতার আবৃত্তির রেকর্ড ঐটি । ঐ দিনে ঐ নূতন কবিতাটি বেতারে আবৃত্তি করবার উদ্দেশ্যেই কবি ঐ সময়ে সদ্য রচনা করেন । আঠারো মাত্রার পংক্তি বিশিষ্ট (দীর্ঘ পয়ার) সুদীর্ঘ একশো আট পংক্তির কবিতা । (সে সময়ে অবশ্য সামান্য দু'চারটি পংক্তি কম ছিল এবং পাঠেও স্থানে স্থানে অতি সামান্য ভিন্নতা ছিল । তা, পরে অল্পস্বল্প পরিবর্তিত করা তো কবির বরাবরই অভ্যাস ছিল। (কবিতাটির আরম্ভ—'আজ মম জন্মদিন ।···)

এ আবৃত্তিতে তাঁর কণ্ঠের যে সতেজতা, উচ্চারণের যে স্পষ্টতা এবং পাঠের যে সাবলীলতা লক্ষিত হয়, তাতে এ আবৃত্তিতে আটাত্তর বৎসর বয়সের জরার চিহ্নমাত্রও অনুপস্থিত দেখে বিস্মিত না হয়ে পারা যায় না ।

সেদিন কবির সে আবৃত্তি একসঙ্গে কলকাতা, দিল্লী, বোম্বাই, লক্ষ্ণৌ, লাহোর এবং পেশোয়ার এই ছয়টি বেতার স্টেশনের সুবিস্তৃত নেট-ওয়ার্ক মারফৎ রিলে করে সারা ভারতের আকাশে বাতাসে ছড়িয়ে দেওয়া হয়েছিল । কলকাতায় বসে আমরা সেদিন একটানা বারো-তেরো মিনিট ধরে আনন্দ-রোমাঞ্চিত দেহে বিস্ময় বিমুগ্ধচিত্তে

পৃথিবীর সর্বশ্রেষ্ঠ কবি এবং ভারতের সর্বোত্তম পুরুষের সুস্পষ্ট উদাত্ত কণ্ঠে উচ্চারিত দীর্ঘ বিলম্বিত লয়ের সেই আবৃত্তির ঝঙ্কার যখন শুনছিলুম তখন মনে হচ্ছিল যে, হ্যাঁ, আজ ভারতের আকাশ-বাতাস তার শ্রেষ্ঠ মানুষের কণ্ঠে অনুরণিত হচ্ছে বটে ! একবার বাধলো না, গলা পড়ে গেল না, সুর কাটলো না, দম নিতে কষ্ট হল না । অতবড় দীর্ঘ কবিতার বিভিন্ন স্থানের বিভিন্ন ভাবানুষঙ্গের উপযোগী কবিকণ্ঠের সেই অননুকরণীয় নাটকীয় আবৃত্তি আগাগোড়া নিখুঁত সাবলীল গতিতে চলে অবশেষে সম্-এ এসে থামলো, আর রসিক শ্রোতাদের মনে তার পরেও দীর্ঘকাল ধরে চললো তারই অনুরণন । সে আবৃত্তি যাঁরা শোনেন নি তাঁদের মনে ঐ বয়সে জরাগ্রস্ত কবির কণ্ঠের ও আবৃত্তির কতখানি শক্তি থাকা সম্ভব-বিষয়ে যদি বিন্দুমাত্রও সন্দেহ থাকে তাহলে তাঁদের আমি অনুরোধ করবো বেতারে যখন আবার প্রচারিত হবে তখন যেন তাঁরা তা শোনেন । শুনলে তাঁরা বুঝবেন, বাজার চালু কমার্শিয়াল রেকর্ডগুলির মাধ্যমে কবিকণ্ঠের যে-নমুনার সঙ্গে তাঁরা পরিচিত— তার সঙ্গে এ রেকর্ডের পার্থক্য কতখানি !

কবির ঐ দিনের ঐ বেতার-আবৃত্তির পশ্চাৎপটে আয়োজনের কাহিনীটুকুর উল্লেখ এখানে অপ্রাসঙ্গিক বিবেচিত না হতে পারে এই ভরসায় দু-চার কথায় সেই কাহিনী বিবৃত করছি ।

বিংশ শতাব্দীর তিনের দশক শুরু হবারও আগে, ব্রিটিশ আধিপত্যের সেই যুগে, বেতারে যখন ইউরোপীয় অনুষ্ঠানেরই সবদিক দিয়ে প্রাধান্য দেওয়া হতো, এবং ভারতীয় অনুষ্ঠান ছিল সর্বরকমেই সেই ইউরোপীয় অনুষ্ঠানের পশ্চাদগামী বিড়ম্বিতভাগ্য কুণ্ঠিতচরণ দুয়োরানী মাত্র, তখন থেকেই বেতারের ভারতীয় অনুষ্ঠানের স্বল্পসংখ্যক কর্তারা প্রতি বছরই ২৫ বৈশাখ তারিখটিতে সাধ্যমতো কবির জন্মজয়ন্তীর উৎসবানুষ্ঠান প্রচার করতেন । সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও ঐ দিন প্রিয় কবির উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদনের কর্তব্যপালনে তাঁদের ত্রুটি ছিল না ।

তদনুসারে প্রতি বছরের মতন ঐ বছরও (১৯৩৮) ২৫ বৈশাখ আসবার মাস দুয়েক আগে থেকেই ঐ তারিখের সান্ধ্য-আসরের ভারতীয় অনুষ্ঠানের জন্য দুইঘণ্টাব্যাপী রবীন্দ্র-জয়ন্তীর অনুষ্ঠান-তালিকা প্রস্তুত হয়ে গেল । এত আগে অনুষ্ঠান-তালিকা প্রস্তুতের একাধিক কারণ ছিল । অনুষ্ঠান-তালিকায় যাঁরা অংশ গ্রহণ করবেন সেইসব শিল্পী ও বক্তাদের সঙ্গে পূর্বে যোগাযোগ স্থাপন করে তাঁদের সম্মতি পেয়ে তদনুসারে লিখিত স্বীকৃতিপত্র (Contract) তাঁদের দিয়ে সই করিয়ে নিয়ে তবে তারই বলে পক্ষকালব্যাপী অনুষ্ঠান পত্রিকা 'বেতার-জগৎ' আগে থেকে ছাপিয়ে সেই বই উক্ত পক্ষ আরম্ভ হবার আগেই শ্রোতা তথা পত্রিকা গ্রাহকদের বাড়ি

পৌঁছে দেওয়ার দায় ছিল । তার ওপর দিল্লী থেকে সর্বভারতীয় বিভিন্ন বেতার-স্টেশনগুলির সবকয়টিরই অনুষ্ঠানলিপি একত্রে ইংরাজি পাক্ষিক অনুষ্ঠান পত্রিকা *Indian Listener*-এ ছাপবার জন্যে অনেক আগেই দিল্লীতে পাঠিয়ে দিতে হতো । তাছাড়া অনুষ্ঠানলিপির একটি কপি দিল্লীর হেড্‌কোয়ার্টারে অর্থাৎ কন্ট্রোলার অব ব্রডকাস্টিং-এর অফিসে (অগ্রিম পর্যবেক্ষণ ও অনুমোদনের উদ্দেশ্যে) পাঠাবার নিয়ম ছিল ।

যাই হোক, ঐ বছর ২৫ বৈশাখের সান্ধ্য-অনুষ্ঠানে যে রবীন্দ্র-জয়ন্তীর ব্যবস্থা হয় সেই তালিকায় রাখা হয়েছিল পণ্ডিত (এখন স্বর্গত) অশোকনাথ শাস্ত্রী-কর্তৃক রবীন্দ্র-বন্দনা ও স্বস্তিবাচন, 'কবি-স্তুতি' শীর্ষক চল্লিশ মিনিটব্যাপী একটি 'বেতার-বিচিত্রা', ক্ষিতিমোহন সেনশাস্ত্রী মহাশয়ের একটি বক্তৃতা—"ভক্তি অর্ঘ্য", রামানন্দ চট্টোপাধ্যায়ের একটি বক্তৃতা—"আমি রবীন্দ্রনাথকে যেমন জানি", রবীন্দ্র-সংগীতবিশেষজ্ঞ অনাদিকুমার দস্তিদার মহাশয়ের পরিচালনায় রবীন্দ্র-গীতি-বাসরের সদস্যগণ-কর্তৃক গুটি ছয়েক রবীন্দ্র-সংগীত এবং এরই মধ্যে মধ্যে আগে পরে ছড়িয়ে সাজিয়ে দেওয়া হয়েছিল যন্ত্রীসঙ্ঘ কর্তৃক সমবেত যন্ত্র-সংগীতের মাধ্যমে নিবেদিত "অভিনন্দন" ও "কবি-প্রশস্তি" এবং এ.আই.আর. আর্টিস্টবৃন্দ কর্তৃক পরিবেশিত জাতীয় সংগীত—"জনগণমনঅধিনায়ক" ।

যাই হোক, প্রতিবর্ষের মতোই সাধ্যমতো যাহোক একটা কিছু অনুষ্ঠানের ব্যবস্থা হলো ভেবে কলকাতা স্টেশনের প্রোগ্রাম পরিচালক শ্রীনৃপেন্দ্রনাথ মজুমদার (অধুনা স্বর্গত) ও তাঁর সহকারীবৃন্দ যখন একরকম নিশ্চিন্ত সেই সময়ে একদিন তখনকার স্টেশন-ডাইরেক্টর শ্রীঅশোককুমার সেন, মজুমদার মহাশয়কে বললেন, "কবির জয়ন্তী করছেন, তা, ঐ দিন ব্রডকাস্ট করবার জন্যে কবির কাছ থেকে কোনও বাণী আনতে পারেন না ? কবি এখন কালিম্পঙ-এ । একবার গিয়ে দেখুন না চেষ্টা করে । যদি আনতে পারেন তো ঐ দিনে কোনও সুবক্তাকে দিয়ে সেটি বেতারে পড়িয়ে দেওয়া যেতে পারে ।"

মিঃ সেনের উৎসাহে নৃপেন্দ্রবাবু বাণী সংগ্রহের উদ্দেশ্যে কালিম্পঙ্ যাত্রা করেন । কিন্তু সেখানে গিয়ে যখন দেখলেন যে কালিম্পঙ-এ কবির সেই প্রবাস-ভবনে (ময়মনসিংহ-গৌরীপুরের জমিদার শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরীর বাড়ি-"গৌরীপুর লজ্"-এ) টেলিফোন-লাইন বসেছে তখনই তাঁর মনে হল—"তাই যদি হল, তাহলে আর শুধু লিখিত বাণী নিয়ে কলকাতায় গিয়ে অন্যকে দিয়ে পড়ানো কেন ? কবি যদি সম্মত হন তাহলে তাঁর বাণী তাঁর নিজকণ্ঠে পঠিত হয়ে টেলিফোন-লাইন মারফত কলকাতা বেতারে পৌঁছে, বেতার-মারফত প্রচারিত তো হতে পারে ।"

তিনি কবিকে তাঁর মনোভাব ব্যক্ত করলেন । কবিও সানন্দে সম্মতি দিলেন । মজুমদার মহাশয়* তখনই উল্লাসে অধীর হয় কালিম্পঙ্ থেকে কলকাতায় মিঃ সেনকে প্রথমে একখানা টেলিগ্রাম পাঠালেন কিন্তু তাতে ঠিক তৃপ্ত না হয়ে পরক্ষণেই ট্রাঙ্ককল 'বুক' করে টেলিফোনে তাঁর সঙ্গে বিশদভাবে কথাবার্তা বলে নিলেন ।

মিঃ সেন নৃপেনবাবুর প্রস্তাবে উৎসাহিত হয়ে টেলিগ্রাফ বিভাগের কর্তৃপক্ষের সঙ্গে যাবতীয় ব্যবস্থা দ্রুতগতিতে সম্পন্ন করলেন । সোদপুরের তৎকালীন সাব-ডিভিশন্যাল অফিসার সে সময়ে এ বিষয়ে যথেষ্ট সাহায্য করেছিলেন । যে দিন কবির বাণী (ঐ কবিতাটি) কালিম্পঙ্ থেকে রিলে করা হয় সেদিন কলকাতা থেকে কালিম্পং পর্যন্ত সমগ্র টেলিফোন লাইনটির ওপর বিভাগীয় এঞ্জিনিয়াররা তীক্ষ্ণ দৃষ্টি রেখেছিলেন যাতে দৈব দুর্বিপাকে লাইনের যে-কোনও জায়গা খারাপ হলে মুহূর্তের মধ্যে তা মেরামত করা যায় । কারণ কয়েকদিন পূর্বেও ঐ লাইন খারাপ হয়েছিল এবং ৮ মে তারিখেও একটি স্থানের অবস্থা সুবিধাজনক ছিল না । এঞ্জিনিয়ারদের ত্বরিত ব্যবস্থায় রিলে আরম্ভ হবার সময় লাইনটি একেবারে নিখুঁত করা হয়েছিল । এসব ব্যবস্থাই স্টেশন ডাইরেক্টর মিঃ এ.কে.সেন টেলিগ্রাফ বিভাগের কর্তৃপক্ষকে অনুরোধ করে সুসম্পন্ন করিয়েছিলেন । সেই সঙ্গে দিল্লী এবং ভারতবর্ষের অন্য সকল স্টেশনকেও তিনি আগে থাকতে এই সুসংবাদটি জানিয়ে দিয়েছিলেন যাতে নির্দিষ্ট দিনে কবির জন্মদিনের বাণী যুগপৎ ভারতের সকল স্টেশন থেকেই রিলে করে ভারতের সর্বাংশে তা প্রচার করা সম্ভব হয় ।

তারপর ৬ মে তারিখে কলিকাতা থেকে অ্যাসিস্টান্ট ডাইরেক্টর মিঃ জে. কে. মেহেরা এঞ্জিনিয়ারিং বিভাগের সহকর্মী মিঃ পি. দেবকে সঙ্গে নিয়ে কালিম্পঙ্ যান এবং ৮ মে তারিখ পর্যন্ত স্বয়ং উপস্থিত থেকে সমগ্র ব্যবস্থাটি পরিচালনা করেন ।

সেদিন যেন অষ্টবজ্র সম্মেলনের ফলেই ঐ রিলেটি সর্বাঙ্গসুন্দরভাবে সাফল্যমণ্ডিত হয়েছিল । কবির সানুকম্প সম্মতি এবং সঙ্গে সঙ্গে অমন একটি সুদীর্ঘ অনবদ্য কবিতা রচনা, তাঁর অতুলনীয় কণ্ঠস্বরে অপূর্ব ব্যঞ্জনায় আবৃত্তি, যাবতীয়

---

* শ্রদ্ধেয় শ্রীপ্রভাতকুমার মুখোপাধ্যায় তাঁর রবীন্দ্র-জীবনীর চতুর্থ খণ্ডে১৩৬৩তে প্রকাশিত সংস্করণের ১৩১ পৃষ্ঠায়) নৃপেন্দ্রবাবুকে "অল্ ইন্ডিয়া রেডিওর কলিকাতা শাখার অধ্যক্ষ নিরঞ্জন মজুমদার" বলে বিবৃত করেছেন । তথ্যনিষ্ঠ জীবনীকার শ্রদ্ধেয় শ্রীমুখোপাধ্যায় যে অসাধারণ অধ্যবসায় ও মনীষা সহযোগে সুদীর্ঘ অর্ধশতাব্দী প্রায় কাল ধরে রবীন্দ্র-জীবনের নানা খুঁটিনাটি তথ্য সম্ভারে গ্রন্থটিকে সাজিয়েছেন তার তুলনা হয় না । তবে কলকাতা বেতার স্টেশনের তৎকালীন অধ্যক্ষের এবং মজুমদার মহাশয়ের প্রকৃত পরিচয় কোনও ভাবে তাঁর মনোযোগ এড়িয়ে গিয়ে থাকবে । হয়ত ইতিমধ্যে এ প্রমাদ তাঁর গোচরে এসেছে । যদি নাও এসে থাকে তাহলে আমি এটি তাঁর গোচরে আনছি যাতে পরবর্তী সংস্করণে এ ভ্রমটি সংশোধিত হয় ।

—লেখক

ব্যবস্থা সুনির্বাহিত করার জন্যে মিঃ সেনের সাগ্রহ তৎপরতা ও ক্ষিপ্রকারিতা, কালিম্পঙ্-এ গিয়ে মিঃ মেহেরার সর্বব্যাপারের সুপরিচালনা, মিঃ দেবের দ্বারা যথাযথস্থানে মাইক্রোফোন স্থাপনা এবং যথাযথ দূরত্ব এবং স্বরের উচ্চাবচ হ্রাসবৃদ্ধির সঙ্গে সমতারক্ষা করে কবির কণ্ঠস্বর নিক্ষেপের ব্যবস্থা, টেলিফোন বিভাগের লাইন পর্যবেক্ষণ, কলকাতার স্টুডিওর কন্ট্রোলরুমের এঞ্জিনিয়ারদের সুনিপুণ শব্দনিয়ন্ত্রণ এবং কাশিপুর ট্রান্সমিটিং স্টেশনের এঞ্জিনিয়ারদের ত্রুটিহীন ব্রডকাস্টিং ব্যবস্থা—এই এতগুলি ব্যাপারের সমন্বয়েই সেদিনকার রিলে অমন সর্বাঙ্গসুন্দর হতে পেরেছিল । তবে নৃপেনবাবু-কর্তৃক প্রত্যুৎপন্নমতিত্বের সঙ্গে ঐ প্রায়-অসাধ্যসাধনের সঙ্কল্প এবং কবির সানুগ্রহ সম্মতি ও তদনুসারে কবিতা রচনার আয়াস ব্যতিরেকে যে অমন জিনিসটি পাওয়া সেদিন সম্ভব হতো না এ-ও নিশ্চিত । বলা বাহুল্য কবির ঐ কণ্ঠস্বরকে সেদিন একদিকে যেমন বেতারে প্রচার করা হয়েছিল, অন্যদিকে তেমনি রেকর্ড করেও রাখা হয়েছিল ।

এর পরের বছর অর্থাৎ ১৯৩৯ সালেও কবির জন্মদিন উপলক্ষে বিশেষভাবে গৃহীত কণ্ঠের রেকর্ড বেতারের সঞ্চয় ভাণ্ডারে রাখা হয় । এবারে জন্মদিনের সময় কবি ছিলেন পুরীতে । কাজেই কবির জন্মদিনের বাণী রেকর্ড করে আনবার জন্যে কলকাতা স্টেশন থেকে যন্ত্রপাতি নিয়ে দায়িত্বশীল কর্মীরা জন্মদিনের পূর্বেই সেখানে প্রেরিত হন । তাঁরা কবির বাণী রেকর্ড করে এনেছিলেন । এবারে প্রাতঃকালীন ও সান্ধ্য আসরে ভারতীয় অনুষ্ঠানে প্রায় সারাক্ষণই রবীন্দ্রজন্মদিবসোৎসব পালনের বিপুল আয়োজন করা হয়েছিল । তাতে শিশিরকুমার ভাদুড়ী মহাশয়ের রবীন্দ্র-কবিতা আবৃত্তি, ক্ষিতিমোহন সেনশাস্ত্রী মহাশয়ের প্রশস্তি-বন্দনা ও কবিকথা, 'রক্তকরবী' নাট্যাভিনয়, পূর্বে অন্যত্র গৃহীত কবিকণ্ঠের নানাবিধ আবৃত্তি ও গান ইত্যাদির মধ্যে মধ্যমণিস্বরূপ প্রচারিত হয়েছিল এবারের জন্মদিন উপলক্ষে বেতারের জন্যে বিশেষভাবে প্রদত্ত তাঁর বাণীর রেকর্ড—কয়েকটি আবৃত্তি ও গান ।

তাঁর এবারের জন্মদিনের বাণীতে ছিল "ভারততীর্থ", "অঞ্জলি" এবং "যাত্রাশেষ" কবিতার দুটি স্তবকের আবৃত্তি । সেই সঙ্গে আরও ছিল তাঁর খালি-গলার গান । কলকাতা থেকে যাবার সময় সহকারী এঞ্জিনিয়ার মিঃ দেব রিজার্ভ হিসাবে প্রয়োজনের অতিরিক্ত অনেকগুলি ডিস্ক (Disc) সঙ্গে নিয়ে গিয়েছিলেন । এবারে রেকর্ড করবার সময় কবির মন খুব বেশিরকম উৎফুল্ল ছিল তাই তিনি মিঃ দেবের প্রতি অত্যন্ত প্রসন্নতাবশে খুব বদান্য হয়ে উঠে অক্লান্তভাবে একটার পর একটা, ক্রমান্বয়ে অনেকগুলি গানই গেয়েছিলেন এবং মিঃ দেবও পরমানন্দে তার সবগুলিই রেকর্ড করে নিয়েছিলেন ।

উনআশি বছরের এই জন্মদিনের বাণী রেকর্ড করাবার সময় কবির মনে হয়ে থাকবে– যে বেতারের মারফত তাঁর প্রিয় পৃথিবীর মানুষদের উদ্দেশে নিবেদিত এই-ই বোধহয় তাঁর শেষ দান । তাই এসব বিষয়ে কবি পরম নৈপুণ্যের সঙ্গেই তাঁর আবৃত্তির বিষয় নির্বাচন করেছিলেন, যথা :

অঞ্জলি

এই তীর্থ-দেবতার ধরণীর মন্দির-প্রাঙ্গণে
যে-পূজার পুষ্পাঞ্জলি সাজাইনু সযত্ন চয়নে
সায়াহ্নের শেষ আয়োজন ; যে পূর্ণ প্রণামখানি
মোর সারা জীবনের অন্তরের অনির্বাণ বাণী
জ্বালায়ে রাখিয়া গেনু আরতির সন্ধ্যাদীপমুখে,
সে আমার নিবেদন তোমাদের সবার সম্মুখে
হে মোর অতিথি যত ! তোমরা এসেছ এ জীবনে
কেহ প্রাতে, কেহ রাতে, বসন্তে শ্রাবণ-বরিষনে ।
কারো হাতে বীণা ছিল, কেহ বা কম্পিত দীপশিখা
এনেছিলে মোর ঘরে ; দ্বার খুলে দুরন্ত ঝটিকা
কেহ মোর এনেছ প্রাঙ্গণে । যখন গিয়েছ চলে
দেবতার পদচিহ্ন রেখে গেছ মোর গৃহতলে ।
আমার দেবতা নিল তোমাদের সকলের নাম,
রহিল পূজায় মোর তোমাদের সবারে প্রণাম ।

"যাত্রাশেষ" কবিতার যে দুটি স্তবক তিনি এবারে আবৃত্তি করেছিলেন তা এই :

হে মোর সন্ধ্যা, যাহা কিছু ছিল সাথে,
রাখিনু তোমার অঞ্চলতলে ঢাকি,
আঁধারের সাথী তোমার করুণ হাতে
বাঁধিয়া দিলাম আমার হাতের রাখী ।
কত যে প্রাতের আশা ও রাতের গীতি
কত যে সুখের স্মৃতি ও দুখের প্রীতি
বিদায়-বেলায় আজিও রহিল বাকী ।

যা কিছু পেয়েছি যাহা কিছু গেল চুকে,
চলিতে চলিতে পিছে যা রহিল পড়ে,
যে মণি দুলিল, যে ব্যথা বিঁধিল বুকে,
ছায়া হয়ে যাহা মিলায় দিগন্তরে,
জীবনের ধন কিছুই যাবে না ফেলা
ধুলায় তাদের যত হোক অবহেলা
পূর্ণের পদ-পরশ তাদের 'পরে ।

জন্মদিনের বাণীর মধ্য দিয়ে তাঁর এই করুণ বিদায় গ্রহণের অন্তর্নিহিত আকূতি সেদিনের বেতার-শ্রোতাদের চোখে অশ্রুর প্লাবন বইয়ে দিয়েছিল । কিন্তু এ-কথাও ঠিক যে সেই সঙ্গে তখনও তাঁর কণ্ঠের সতেজতা ও আবৃত্তির স্ফূর্তি লক্ষ্য করে, তাঁদের মনে এ-আশাও জেগেছিল যে—এর পরেও বহু বৎসর অক্ষুণ্ণ তেজে জীবিত থাকাও তাঁর পক্ষে অসম্ভব নয় ।

যাই হোক, শ্রদ্ধেয় প্রভাত মুখোপাধ্যায় মহাশয়ের রবীন্দ্রজীবনীতে পুরীতে ঐ বছর কবির জন্মদিনের উৎসবের কথা আছে বটে, কিন্তু তাতে এই রেকর্ডিং-এর উল্লেখ নেই ।

এরও পরে বেতার শ্রোতাদের উদ্দেশ্যে প্রচার করার জন্য তাঁর বাণীর তৃতীয় দফা রেকর্ডিং নেওয়া হয় ঐ বছরেরই শেষের দিক, নব প্রতিষ্ঠিত ঢাকা বেতার স্টেশনের উদ্বোধনের দিনে অর্থাৎ ১৬ ডিসেম্বর, ১৯৩৯ তারিখে ঢাকা থেকে প্রচার করার উদ্দেশ্যে ।

ঢাকা স্টেশন খোলবার মাসাধিককাল আগে থেকেই সেখানকার স্টেশন ডাইরেক্টর নিযুক্ত হয়েছিলেন 'বুদ্ধকথা'-প্রণেতা ও কবির স্নেহভাজন ডক্টর অমূল্যচন্দ্র সেন মহাশয় । কবির প্রতি বিশেষ শ্রদ্ধান্বিত ছিলেন তৎকালীন ভারতীয় বেতারের সর্বময় কর্তা (তখনকার কন্ট্রোলার অব ব্রডকাস্টিং) বি. বি. সি.-র ভূতপূর্ব কর্মী, দিল্লীর মিঃ লায়োনেল ফিল্‌ডেন্ । কবির বাণী দিয়ে ঢাকা স্টেশনের উদ্বোধন করার সিদ্ধান্ত শ্রীযুক্ত অমূল্যচন্দ্র সেন ও মিঃ ফিল্‌ডেনের মিলিত পরামর্শক্রমেই স্থির হয়েছিল এবং যথাকালে কবির সম্মতিও পাওয়া গিয়েছিল ।

রেকর্ডিং-এর তারিখটা ঠিক মনে নেই, তবে ১৬ ডিসেম্বরের বেশ কিছু আগেই পূর্বব্যবস্থামতো ডক্টর সেন কলকাতা বেতার স্টেশনে এসে হাজির হলেন । কবি কলকাতায় এসে জোড়াসাঁকোর বিচিত্রা ভবনে আছেন । যন্ত্রপাতি সমেত রেকর্ডিং এঞ্জিনিয়ার সঙ্গে নিয়ে সেখানে গিয়ে কবির বাণী রেকর্ড করে আনতে হবে । মস্ত

পণ্ডিত ও সুযোগ্য ব্যক্তি হলেও বেতার সম্পর্কে ডক্টর সেনের অভিজ্ঞতা তখন নতুন। তাই তিনি এই অভিযানে এঞ্জিনিয়ার ছাড়াও প্রোগ্রাম তরফের কোনো একজনকে সঙ্গী হিসাবে চাইলেন। নৃপেন মজুমদার মহাশয় আমাকে নির্দেশ দিলেন ডক্টর সেনের সঙ্গী হয়ে যথাকর্তব্য সম্পাদন করে দিতে। এই উপলক্ষে আর একবার কবির সান্নিধ্যে আসবার সুযোগ পেয়ে মহোল্লাসে আমি রেকর্ডিং ইউনিটসহ ডক্টর সেনের সঙ্গী হলুম।

বিচিত্রা ভবনের দোতলায়, কিছুদিন আগে যেখানে বিশ্বভারতীর গ্রন্থন বিভাগ ছিল, তখন ওখানে ওসব ছিল না, পূর্ব-পশ্চিমে দীর্ঘ খোলামেলা 'হল' আর তার দক্ষিণদিকে প্রশস্ত বারান্দা এবং বারান্দার পূর্ব ও পশ্চিম দুইপ্রান্তে দু'খানি নাতিবৃহৎ হলেও বেশ মাঝারি আয়তনের ঘর। তারই পশ্চিম প্রান্তের ঘরখানিতে কবি এসে একটি চেয়ারে বসলেন। ডক্টর সেন, মিঃ দেব এবং আমি আগেই কবির চরণবন্দনা সেরে নিলুম। কবির কাছে যাঁরা ছিলেন তাঁরা আমাকে জিজ্ঞাসা করলেন, "কেমন, এই ঘরে রেকর্ডিং হতে পারবে?"

দেখলুম ঘরটির আয়তন, উচ্চতা ও গঠন ইত্যাদি ভালো accoustic condition-সম্মত হওয়া সত্ত্বেও তার দরজা জানলাগুলি বন্ধ করে দিলে কয়েক জায়গায় বেশ বড়রকম ফাঁক থেকে যায়—তাতে বাইরের আকস্মিক কোনো চড়া আওয়াজ এসে রেকর্ডিং-এর ত্রুটি ঘটাতে পারে। তা ছাড়া পশ্চিমের ঘরখানি নিয়ত ট্রাম-বাস চলা চিৎপুর রোডের অপেক্ষাকৃত কাছে। তাই চট করে বারান্দা অতিক্রম করে পুবদিকের ঘরটি দেখতে গেলুম। সবদিক পরীক্ষা করে চিৎপুর রোড থেকে আরও কিছুটা দূরের পুবদিকের ঐ একই ধাঁচে তৈরী ঘরটিকেই রেকর্ডিং-এর পক্ষে যোগ্যতর বলে আমার মনে হল। কারণ দেখলুম, এ ঘরের দ্বার-জানলাগুলিও বেশ চেপে বন্ধ হয়। সুদক্ষ এঞ্জিনিয়ার ও পাকা রেকর্ডিস্ট মিঃ দেবেরও সমর্থন পেলুম। তখন কিছুটা পর্দাটর্দা টাঙিয়ে ঘরটিকে স্টুডিও বানিয়ে এবং বাইরের গলি থেকে কম্পাউণ্ডের দিকে হঠাৎ কোনো গাড়ি না এসে পড়ে সে জন্য পাহারার ব্যবস্থা করে কিছুটা সঙ্কোচের সঙ্গে কবিকে গিয়ে পুবের ঘরের কথা বলামাত্রই তিনি তৎক্ষণাৎ উঠে এ পাশের ঘরে চলে এলেন। নির্দিষ্ট স্থানে page mark দেওয়া একখানি বাংলা ও একখানি ইংরাজি স্বরচিত কাব্যগ্রন্থ আগে থাকতেই তাঁর কোলের উপর রক্ষিত দেখেছিলুম। বইগুলি তিনিই হাতে করে নিয়ে এলেন। মিঃ দেব যথাস্থানে কবির চেয়ার ও তাঁর সামনে টিপয়ের ওপর মাইক্রোফোন স্থাপন করে কবিকে বসিয়ে নিজে তাঁর যন্ত্রপাতি নিয়ে ওই অস্থায়ী স্টুডিওর বাইরে 'হলে' গিয়ে বসলেন। সঙ্কেতের ব্যবস্থা করাই ছিল। ডক্টর সেন সমেত অন্য সকলে নিজেরা আগে

থেকেই চলে গিয়েছিলেন । একবার কবিকণ্ঠের একটু test শুনে নিয়ে রেকর্ডিং করতে উদ্যত হয়ে মিঃ দেব বৈদ্যুতিক তার মারফত আলোক-সঙ্কেত দিলেন । আমিও রুমাল নেড়ে কবিকে শুরু করবার সঙ্কেত দিলুম । কবিও একটু গলা ঝেড়ে নিয়ে আবৃত্তি শুরু করলেন । প্রথম গুটি-তিন-চার বাংলা এবং পরে গুটি তিনেক (ঠিক সংখ্যা মনে নেই) ইংরেজি কবিতা পড়লেন । কবিতাগুলি অপেক্ষাকৃত ছোট । নির্বিঘ্নে রেকর্ডিং হয়ে গেল ।

দুর্ভাগ্যক্রমে এখন আমি মনে করে বলতে পারি না কী কী কবিতা তিনি সেদিন রেকর্ডিং করেছিলেন । তবে "In one salutation to Thee"-কথাগুলি যেন ক্ষীণভাবে স্মরণপথে উদিত হতে চায় । কিন্তু তাও জোর করে বলতে পারি না । এও হতে পারে যে তাঁর অন্যসময়ে গৃহীত কোনো রেকর্ডিং-এর সঙ্গে গুলিয়ে ফেলেছি ।

রেকর্ডিং হয়ে যাওয়া মাত্রই কবি ভিতরে চলে গেলেন । প্রত্যাগমনের উদ্যোগ করবার সময়ে আমি মিঃ দেবকে জিজ্ঞাসা করলুম, কবির গলা ঝাড়াদেওয়ার শব্দটুকু রেকর্ডে ধরা গেছে কিনা । কবির একান্ত ভক্ত মিঃ দেব সোল্লাসে বলে উঠলেন : "অমন জিনিস ছাড়ি কখনো ?"

কবির এই রেকর্ডিং ঢাকা বেতার স্টেশনের উদ্বোধনের দিন ১৬ ডিসেম্বর ১৯৩৯ সালে সেখান থেকে ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড টাইম সন্ধ্যা ৭-৩৩ মিঃ থেকে ৭-৪৮ মিঃ পর্যন্ত পনের মিনিটকাল প্রচারিত হয়েছিল ।

শেষোক্ত রেকর্ডখানি ছাড়া কলকাতা বেতার কর্তৃক গৃহীত কবিকণ্ঠের ওই সমস্ত রেকর্ডই ১৬" ব্যাস অ্যালুমিনিঅম্ disc-এর ওপর গৃহীত ; এই disc-গুলির প্রত্যেক পিঠে ১৭/১৮ মিনিট পর্যন্ত একটানা রেকর্ডিং করা চলতো । তখনও টেপ রেকর্ডিং-এর যন্ত্র এদেশে আসেনি । ১৯৪২ সালে কলকাতায় জাপানী বোমা পড়ার আগে পর্যন্ত কলকাতা স্টুডিওতেই ঐ রেকর্ডগুলি সযত্নে রক্ষিত ছিল । তারপর যখন বোমা পড়ার সম্ভাবনা আসন্ন হয়ে পড়ল তখন আচার্য প্রফুল্লচন্দ্রের কণ্ঠস্বরের একমাত্র রেকর্ডখানি সমেত ঐ সমস্ত বহুমূল্য রেকর্ড বোমার আঘাতে সম্ভাব্য ধ্বংসের হাত থেকে রক্ষা করবার উদ্দেশ্যে কলকাতার তৎকালীন স্টেশন ডাইরেক্টর মিঃ ভিক্টর পরানজ্যোতি সযত্নে প্যাক করিয়ে দিল্লীতে পাঠিয়ে দেন । ঐ রেকর্ডগুলি পাঁচ ছয়বার বাজাবার পর আর নিখুঁত থাকতো না বলে সহজে বাজানো হত না । এখন টেপ রেকর্ডিং এসেছে, এখন ঐ কণ্ঠস্বর-গুলিকে টেপ্-এ ট্রান্সফার করে নেওয়া সম্ভব এবং মনে হয় তাইই করা হয়েছে ।

শ্রীমনোমোহন ঘোষ (চিত্রগুপ্ত)

—('দেশ'-১৯ আগস্ট, ১৯৬১)

(৫)

প্র ব ন্ধ প ঞ্জী -(ক)

রবীন্দ্রসংগীত ও কবিকণ্ঠের রেকর্ড প্রসঙ্গে ('কবিকণ্ঠ' গ্রন্থ প্রকাশের আগে প্রকাশিত) বিগত বারো বৎসরে বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত আমার কতিপয় প্রবন্ধের তালিকা উৎসাহী পাঠকের জন্য এখানে দিলাম । এছাড়া নিখিল ভারত বঙ্গ সাহিত্য সম্মেলনের জামসেদপুর শাখায় রবীন্দ্র-শতবার্ষিকী উৎসবের দ্বিতীয় দিনে (২ জ্যৈষ্ঠ, ১৩৬৮), গ্রামোফোন ডীলার্স অ্যাসোসিএশনের রবীন্দ্র-শতবার্ষিকী উৎসবে (৭ জানুআরি, ১৯৬১), গ্রামোফোন কোম্পানীর রিক্রিয়েশন ক্লাবের রবীন্দ্র-উৎসবে (১৭/১৮ মার্চ, ১৯৬২), পঠিত প্রবন্ধত্রয় এবং 'রবি-বাসর'-এর দুটি অধিবেশন (৬ ফাল্গুন, ১৩৬০ এবং ৩ আষাঢ়, ১৩৬৮) প্রবন্ধদ্বয় এ তালিকায় নেই ।)

১) "রবীন্দ্রসংগীত ও আধুনিক গান"—"চিত্রবাণী" রবীন্দ্র সংখ্যা, ১৩৫৭

২) "রেকর্ডে রবীন্দ্রনাথ"—"আনন্দবাজার পত্রিকা", ২৫ বৈশাখ, ১৩৬০

৩) "রবীন্দ্রসংগীতের প্রসার চাই"—"কথাসাহিত্য", বৈশাখ, ১৩৬০

৪) "রবীন্দ্রনাথের রেকর্ড"—"উত্তরা", বৈশাখ, ১৩৬০
ঐ, পুনর্মুদ্রণ, "উত্তরা", রবীন্দ্র শতবার্ষিকী সংখ্যা, ১৩৬৮

৫) "রেকর্ডে রবীন্দ্রনাথ"—"গল্পভারতী", বৈশাখ, ১৩৬১

৬) "রবীন্দ্রসংগীতের রেকর্ড"—"গল্পভারতী", বৈশাখ, ১৩৬৭

৭) "রেকর্ডে রবীন্দ্রনাথ"—"বসুধারা", ভাদ্র, ১৩৬৭

৮) "Women in Tagore Songs"—*Women's World*, Puja, 1961

৯) "রেকর্ডে কবিকণ্ঠ"—"আনন্দবাজার পত্রিকা", ২৫ বৈশাখ, ১৩৬৮

১০) "আমি যে গান গেয়েছিলেম মনে রেখো"—রবীন্দ্র-শতবার্ষিকী *

১১) "চলচ্চিত্রে রবীন্দ্রসংগীত"—"উল্টোরথ", রবীন্দ্র-জন্মশতবার্ষিকী সংখ্যা, ১৩৬৮

১২) "কবিকণ্ঠ"—"অমৃত", ১৯ শ্রাবণ, ১৩৬৮

১৩) "স্বরসন্ধান"—"শনিবারের চিঠি", পূজা, ১৩৬৮

১৪) "Recordings of Rabindranath"—*Amrita Bazar Patrika*, Puja, 1962

১৫) "রেকর্ডে রবীন্দ্রনাথ"—"বাণী বিতান" (বার্ষিকী), বৈশাখ, ১৩৬৯

১৬) "চলচ্চিত্রে রবীন্দ্রসঙ্গীত"—"অমৃত", ৪ মাঘ ১৩৬৯

* মৎ-সম্পাদিত এবং গ্রামোফোন কোম্পানী কর্তৃক প্রকাশিত রবীন্দ্র-শতবার্ষিকী গ্রন্থের ভূমিকা

(৬)

প্র ব ন্ধ প ঞ্জী - (খ)

('কবিকণ্ঠ' গ্রন্থ প্রকাশের পরে প্রকাশিত)

১) "কবিকণ্ঠে বন্দে মাতরম"—'আনন্দবাজার পত্রিকা', ২৫ বৈশাখ ১৩৭৩ (৯ মে, ১৯৬৬) (কলকাতায় 'রবীন্দ্র সদন' উদ্বোধন দিবসে)

২) "রবীন্দ্রনাথের অপ্রকাশিত রেকর্ড প্রসঙ্গে"—'যুগান্তর', ২৩ বৈশাখ, ১৩৭৪

৩) "কবিকণ্ঠের একটি অজ্ঞাত রেকর্ড"—'দেশ', ২৫ নভেম্বর, ১৯৮০

৪) "রবীন্দ্রসঙ্গীতের এক অবিস্মরণীয় শিল্পী"—'কথাসাহিত্য', আশ্বিন, ১৩৮৮

৫) "ভারতে রেকর্ড শিল্পের অতীত, বর্তমান, ভবিষ্যৎ"—'পরিবর্তন' (পূজা), ১৩৯২

৬) "রবীন্দ্র-রচনাবলীর মতো কবিকণ্ঠের সংকলন এখন বের করা দরকার"—'পরিবর্তন', ৭ মে, ১৯৮৬

৭) "Tagore singing Vande Mataram"—
—*Amrita Bazar Patrika*, 14th Aug, 1966

৮) "রবীন্দ্রনাথ নে জব বন্দে মাতরম গায়া"
হিন্দি অনুবাদ : সর্দার রাম অবতার সিং, 'বিশ্বামিত্র', ১৪ জুলাই, ১৯৬৬

৯) "বন্দে মাতরম ও রবীন্দ্রনাথ"—'রবিবাসর বার্ষিকী' ১৩৬৮

১১) "Rabindranath and the National Anthem of India", *Women's World*, Puja, 1966

১২) "Women in Tagore songs II", *Women's World*, Puja, 1967

১৩) "কবিকথা"—'রবীন্দ্রপ্রসঙ্গ', বৈশাখ, ১৩৭১

১৪) "কবিকণ্ঠে দ্বৈত সংগীতের রেকর্ড"—'জাতীয় সমচিন্তন', বৈশাখ ১৩৯৮

১৫) "রেকর্ডে অতুলপ্রসাদ"—অতুলপ্রসাদ সংখ্যা, 'তত্ত্বকৌমুদী', ১৩৭৯
পুনর্মুদ্রণ—'উত্তিষ্ঠত', ফেব্রুয়ারি, ১৯৯০

১৬) "বাংলা রেকর্ডের বিবর্তন"—'কথাসাহিত্য', আশ্বিন ১৩৯৮

১৭) "কবিকণ্ঠের 'বন্দেমাতরম' রেকর্ড"—'যুবমানস', মে, ১৯৯১ (পশ্চিমবঙ্গ সরকার)

১৮) "কবির গানের গলা কেমন ছিল"—'জাতীয় সমচিন্তন', রবীন্দ্র সংখ্যা, ১৩৯৯

১৯) "Tagore's Voice"—*'Initiations'*, Bruxelles, Belgium, Spring Issue, 1992 (in the press)

(৭)

কবিকণ্ঠ

চপলাকান্ত ভট্টাচার্য

সৃষ্টিকর্তা রবীন্দ্রনাথকে যে সকল লোকাতীত ঐশ্বর্য দিয়াছিলেন, তাহার মধ্যে একটি তাঁহার অপূর্ব কণ্ঠস্বর । গীতের রচয়িতা বলিয়া তাঁহার যে প্রসিদ্ধি, গায়ক বলিয়া প্রসিদ্ধি তাহা অপেক্ষা কোন অংশ কম নহে । এই অপূর্ব কণ্ঠস্বর এবং সঙ্গীতে সহজাত দক্ষতা সমসাময়িক সমাজে তাঁহাকে অসাধারণ প্রতিষ্ঠা দিয়াছে ।

আলোচ্য 'কবিকণ্ঠ' বইটির লেখক ও সংগ্রাহক কবির সেই কণ্ঠের পরিচয় দিবার চেষ্টা করিয়াছেন । যে মাধুর্যময় কণ্ঠস্বর শুনিবার সৌভাগ্য সকলের হয় নাই তাহার যতটুকু পরিচয় কোন উপায়ে সংগৃহীত ও রক্ষিত হইয়াছে তাহার বিবরণ এই গ্রন্থে আছে । গ্রন্থটি দুইটি খণ্ডে বিভক্ত । প্রথম খণ্ডে সংক্ষেপের মধ্যে দেওয়া হইয়াছে রবীন্দ্রনাথের কণ্ঠস্বরের পরিচয় । দ্বিতীয় খণ্ডে আছে রেকর্ডভুক্ত রবীন্দ্রসঙ্গীতের তালিকা । রবীন্দ্রনাথের গান প্রথম বয়স হইতেই যাঁহারা শুনিয়াছেন সে গান কি রকম ছিল সে বিষয় তাঁহাদের অভিমত প্রথম খণ্ডে সংগৃহীত হইয়াছে । রবীন্দ্রসঙ্গীতের রেকর্ড কি ভাবে আরম্ভ হইল এবং রবীন্দ্রনাথ কিভাবে রেকর্ড করিতে আকৃষ্ট হইয়াছিলেন তাহার পরিচয়ও প্রথম খণ্ডটিতে আছে ।

এই পরিচয়গুলি সংগ্রহ করিতে প্রচুর পরিশ্রম ও সন্ধান করিতে হইয়াছে । একটা বিশেষ সুযোগ ছিল বলিয়াই এই সন্ধানে সাফল্যলাভ হইয়াছে । শ্রীসন্তোষকুমার দে দীর্ঘকাল গ্রামোফোন কোম্পানীতে কাজ করিতেছেন । সেই সূত্রে গ্রামোফোন কোম্পানীর অফিসের পুরানো চিঠি ও অন্যান্য কাগজপত্র দেখিবার সুযোগ তিনি পাইয়াছিলেন । তাহাতেই এই সংগ্রহ সম্ভব হইয়াছে ।

যে কণ্ঠস্বর চিরকালের মত হারাইয়া গিয়াছে তাহার পরিচয় দিতে হইলে রেকর্ড ছাড়া আর অন্য কোনো সম্বল নাই । সংগ্রাহকের চেষ্টায় সেই পরিচয় যথাসাধ্য পাওয়া গিয়াছে, এমন কি রবীন্দ্রনাথের সুখ্যাত 'বন্দে মাতরম্' রেকর্ডের সন্ধান পর্যন্ত 'কবিকণ্ঠ' গ্রন্থে দেওয়া আছে । রবীন্দ্রনাথের এই গানটির ঐতিহাসিক বৈশিষ্ট্য আছে । জাতীয় কংগ্রেসের ইতিহাসে বিশেষভাবে উল্লেখিত হইয়া আছে—যে রবীন্দ্রনাথই প্রথমে কংগ্রেসে 'বন্দে মাতরম' সঙ্গীত গাহিয়াছিলেন । ১৮৯৬ সালে বিডন উদ্যানে (বর্তমানে রবীন্দ্রকাননে) কংগ্রেসের যে অধিবেশন হয় তাহার উদ্বোধনে 'বন্দে মাতরম' গীত হইয়াছিল । গাহিয়াছিলেন রবীন্দ্রনাথ । সঙ্গে অর্গান বাজাইয়াছিলেন জ্যোতিরিন্দ্রনাথ । রবীন্দ্রনাথের কণ্ঠ সেদিন কংগ্রেসের এক প্রান্ত হইতে অপর প্রান্ত

পর্যন্ত সঞ্চারিত হইয়াছিল । এত উচ্চগ্রামের অথচ এত মধুর কণ্ঠ মানুষে সম্ভব হইতে পারে দেখিয়া লোকে সেদিন বিস্মিত হইয়াছিল ।

পরলোকগত শ্রদ্ধেয় নেপালচন্দ্র রায় মহাশয়ের নিকট রবীন্দ্রনাথের কণ্ঠ সম্বন্ধে যাহা শুনিয়াছিলাম তাহাও এখানে উল্লেখ করিতে চাই । শান্তিনিকেতনে দীর্ঘকাল রবীন্দ্রনাথের সহকর্মীরূপে তিনি কবিকে জানিবার বিশেষ সুযোগ পাইয়াছিলেন । তিনি বলিয়াছিলেন, কোনো একটা উপলক্ষ্যে রবীন্দ্রনাথ স্কটিশ চার্চ কলেজে গান গাহিতে আহূত হন । কলেজের অভ্যন্তরে রবীন্দ্রনাথ গান গাহিয়াছিলেন আর সেই গান বাহিরে ফুটপাথ হইতে শোনা গিয়াছিল । স্মরণ রাখিতে হইবে, তখন মাইক বা লাউডস্পীকার ছিল না ।

রবীন্দ্রনাথের সঙ্গীত রেকর্ডের ব্যাপারে একটি দুঃখের কাহিনী দেওয়া হইয়াছে, সেটি উল্লেখযোগ্য । কবির সঙ্গীত প্রথমে রেকর্ড করেন তাঁহার বন্ধু হেমেন্দ্রমোহন বোস, যিনি এইচ. বোস নামে পরিচিত । অনেকগুলি সঙ্গীতের রেকর্ডকে আধুনিক আকার দিবার জন্য শ্রীযুক্ত বোস প্যারিসে পাঠাইয়াছিলেন । সেই রেকর্ডগুলি ফেরত পাওয়া যায় নাই । অনেক চেষ্টা করিয়াও সেগুলির উদ্ধার সম্ভব হয় নাই । কবির প্রথম দিককার গানের সেই রেকর্ডগুলি থাকিলে আজ আমাদের অমূল্য সম্পদ হইত । সেগুলি হারাইয়া যাওয়া ভারতের সংস্কৃতি ও সঙ্গীতকলার পক্ষে অপূরণীয় ক্ষতি । এই প্রসঙ্গে আরও একটি উল্লেখ করিবার বিষয় আছে । যাহা লোকে একেবারে ভুলিয়া গিয়াছিল এবং যাহার সন্ধান পাইবার কোন উপায় ছিল না, রবীন্দ্রনাথের কণ্ঠস্বর রেকর্ড করিবার যন্ত্রটির সন্ধান পর্যন্ত পাওয়া সম্ভব হইয়াছে ।

গ্রন্থের দ্বিতীয় খণ্ড যাহা গ্রন্থের বৃহত্তর অংশ, প্রধানতঃ রবীন্দ্রসঙ্গীতের রেকর্ডের তালিকা । কণ্ঠস্বর ও সঙ্গীত এই দুইটির ন্যায় রবীন্দ্রনাথের আর এক বিভূতি তাঁহার সুরসৃষ্টিতে । এত বিচিত্র ও বহুরূপময় সুরের সৃষ্টি কম শিল্পী করিতে পারিয়াছেন । সুরসাধনায় রবীন্দ্রনাথের সে সিদ্ধিও কম লোকের জীবনে ঘটিয়াছে, তাঁহার সুরে কেবলই যে সকলকে মুগ্ধ করিয়াছেন তাহা নহে, সেই সুরের সাধনা করিয়া অন্যান্য বহু শিল্পী গুণী সমাজকে আনন্দ দিয়াছেন ও আপনারা খ্যাতি লাভ করিয়াছেন । সুরসাধনায় রবীন্দ্রনাথের উত্তর সাধকগণের যে কৃতিত্ব, গ্রন্থের দ্বিতীয় খণ্ডে তাহার সংগ্রহ । ইহাতে আছে কবির নিজের কণ্ঠে গীত গ্রামোফোন রেকর্ডের পরিচয়* এবং বিভিন্ন ছায়াছবিতে তাঁহার যেসকল গান গৃহীত হইয়াছে তাহার তালিকা । তাহা ছাড়া অন্যান্য শিল্পীর কণ্ঠে রবীন্দ্রনাথের গানের যে সকল রেকর্ড হইয়াছে তাহারও তালিকা এই খণ্ডের মধ্যে আছে ।

* শুধু কবিকণ্ঠের রেকর্ডের তালিকাটি প্রথম খণ্ডের অন্তর্ভুক্ত, চপলাকান্ত সেটি লক্ষ্য করেন নাই । -স.

গ্রন্থের প্রথমে শ্রীপ্রবোধচন্দ্র সেনের একটি ভূমিকা এবং গ্রন্থের শেষে আছে শ্রীমনোমোহন ঘোষ লিখিত একটি পরিশিষ্ট । এ দুটিও উল্লেখযোগ্য । রবীন্দ্রসঙ্গীতের পরিচয় এবং রেকর্ডের বিবরণ এই দুইটির মধ্যে যাহা দেওয়া হইয়াছে, তাহাও গ্রন্থখানিকে সমৃদ্ধ করিয়াছে ।

('বিশ্ববীণা', পূজাসংখ্যা, ১৯৬৭)

(৮)

সন্তোষকুমার দে-কে লিখিত পত্রাংশ

ভুবনডাঙ্গা, বোলপুর
২৩· ৩· ১৯৬৬

প্রিয়বরেষু,

'কবিকণ্ঠ' সম্বন্ধে লিখিলাম । যদি বিশেষ কিছু লিখিতে হয় জানাইবেন, আমি পুনরায় লিখিব । বইখানি গবেষণা গ্রন্থ একথা অস্বীকার করি না ।

আমি তো revised edition-এ রবীন্দ্রজীবনীতে আপনার গ্রন্থ হইতে অনেক কিছু অপহরণ করবো, অবশ্য ঋণস্বীকৃতি করে ।

আপনার মঙ্গল হোক ।

প্রভাতকুমার মুখোপাধ্যায়

(৯)

54B Hindusthan Park,
Calcutta-29
June 20, 1963

প্রীতিনমস্কারান্তে,

আপনার বইটি (কবিকণ্ঠ) এখনো আদ্যোপান্ত পড়ার সুযোগ পাইনি কিন্তু তৎসত্ত্বেওএ কথা বুঝতে বাধা হয় না, বইটি বহু জ্ঞাতব্য তথ্যে পূর্ণ, যা সংগ্রহ করতে আপনাকে বিশেষ শ্রমস্বীকার করতে হয়েছে ।

পুলিনবিহারী সেন

(১০)

রাজ্যেশ্বর মিত্র (শার্ঙ্গদেব)-এর অভিমত

'কবিকণ্ঠ' গ্রন্থটি রবীন্দ্রসঙ্গীতের ইতিহাসে একটি বিশিষ্ট সংযোজন । এই গ্রন্থটি কয়েক বৎসর পূর্বে প্রকাশিত হলেও সম্প্রতি দুষ্প্রাপ্য হয়ে পড়েছে বলে জানা গেল । এর পুনঃপ্রকাশ কিন্তু নিতান্তই বাঞ্ছনীয়, কেননা এটি এমন একটি গবেষণা যা সকলের পক্ষে করা সম্ভব নয় । সন্তোষবাবু রেকর্ড জগতে থাকায় তাঁর পক্ষে এটি সম্ভব হয়েছে এবং অধ্যাপক প্রবোধচন্দ্র সেন মহাশয়ের ভূমিকা থেকে জানা গেল যে, তিনি বৎসরের পর বৎসর যে ভাবে এ কার্যে অনুসন্ধান করেছেন তা বনেদি গবেষক সমাজেও দুর্লভ । বস্তুত এই নাতিবৃহৎ গ্রন্থটিতে আমাদের দেশে রেকর্ডবিজ্ঞানের ক্রমবিকাশ কি করে ঘটেছে সেইটিও জানানো হয়েছে । এই ইতিহাস খুবই চিত্তাকর্ষক । রবীন্দ্রনাথের বিভিন্ন বয়সে কি কি গান কি ভাবে রেকর্ড করা হয়েছে তার ইতিবৃত্ত জানতেও সকলেরই বিশেষ ঔৎসুক্য থাকবার কথা । সন্তোষবাবু অতি যত্নের সঙ্গে সেই সব তথ্য আমাদের গোচর করেছেন । রবীন্দ্রসঙ্গীতের (রেকর্ডের) একটি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন করাও হয়েছে । রবীন্দ্রনাথের সাঙ্গীতিক পরিচয় জানতে গেলে এই গ্রন্থটি অবশ্যপাঠ্য । যেসব প্রতিষ্ঠান রবীন্দ্রসঙ্গীতের ডিগ্রী ডিপ্লোমা প্রদান করেন তাঁরা এটিকে পাঠ্য তালিকার অন্তর্ভুক্ত করেছেন কিনা জানি না । অন্তত করাটা খুবই আবশ্যক বলে আমাদের মনে হয় । গ্রন্থের চিত্রগুলিও তথ্যের প্রমাণ হিসাবে অত্যন্ত প্রয়োজনীয় । এইগুলি জোগাড় করতেও কম পরিশ্রম করতে হয়নি । এই ভাবে আরও অনেক খ্যাতনামা কবি ও গায়কের গান সম্বন্ধে আলোকপাত করতে পারা যাবে ।

সন্তোষবাবুর কাছে আমাদের অনুরোধ, কবি অতুলপ্রসাদ সেনের যে সব গান রেকর্ড করা হয়েছে তার একটি পূর্ণাঙ্গ তালিকা তিনি প্রস্তুত করুন । বর্তমানে আমরা এর বিশেষ প্রয়োজনীয়তা অনুভব করছি ।*

—'দেশ', ২৫ আশ্বিন ১৩৭৫ (12.10.68)

পৃ. ১৬৩০

এই অনুরোধের অনেক আগে থাকতেই শ্রদ্ধেয় পুলিনবিহারী সেনও অতুলপ্রসাদী সঙ্গীতের রেকর্ডের তালিকা তৈরীর জন্য মৌখিক ও পরে পত্রেও তাগাদা দিয়েছিলেন (দ্রষ্টব্য.-তাঁর শান্তিনিকেতনের নিম্নোক্ত পত্র (তারিখ ১১ অক্টোবর, ১৯৭১) । তাঁর ইচ্ছা, প্রবন্ধটি যেন অতুলপ্রসাদ সংখ্যা 'তত্ত্বকৌমুদী'তে যায় ।

(১১)

"আপনাকে অতুলপ্রসাদ সেনের পুরাতন ও নূতন disc record-এর বিবরণ সংগ্রহ করতে অনুরোধ করেছিলাম, আপনি স্বীকৃতও হয়েছিলেন । এখন বোধহয় একটু অবসর আছে । এই সময় কাজটাতে হাত দিতে ও সমাপ্ত করতে পারলে ভাল হয় ।

যখন পাঠাবেন রেজেষ্ট্রি ডাকে পাঠাবেন কলকাতার ঠিকানায় 54B, Hindusthan Park, Calcutta 29. নকল রেখে পাঠাবেন ।

—পুলিনবিহারী সেন

এ চিঠির উত্তরে প্রেরিত অতুলপ্রসাদ বিষয়ক দীর্ঘ প্রবন্ধটি 'অতুলপ্রসাদ সংখ্যা' 'তত্ত্বকৌমুদী'তে বেরিয়েছিল (ভাদ্র-অগ্রহায়ণ, ১৩৭৯) ।

(১২)

রবীন্দ্রনাথের কণ্ঠে বন্দে মাতরম গান

প্রাণতোষ ঘটক

এবার রবীন্দ্রজন্মোৎসবটি একটি বিশেষ কারণে চিরস্মরণীয় হয়ে থাকবে, কারণটি হল বহুদিন প্রতীক্ষার পর এবার পঁচিশে বৈশাখ 'রবীন্দ্র স্মরণী' (বর্তমান নাম 'রবীন্দ্র সদন') ভবনের উদ্বোধনের সময় রবীন্দ্রনাথের নিজকণ্ঠে গীত 'বন্দে মাতরম' গানটির রেকর্ড বাজিয়ে শোনানো হয়েছে, পরে ঐ দিন রাতের প্রোগ্রামে আকাশবাণী কলকাতা কেন্দ্র হতে সেই রেকর্ডটি দুইবার বাজিয়ে শোনানো হয়েছে ।

কবিকণ্ঠে 'বন্দে মাতরম' গান বহুকাল আগে একবার কংগ্রেস অধিবেশনে শোনা গিয়েছিল, অর্ধশতাব্দীরও অধিক কাল পরে সেই গান আবার শুনবার কথা চিন্তার অতীত ছিল । সেই মহামূল্য রেকর্ডখানি বিস্মৃতির গহ্বর থেকে উদ্ধার করে পশ্চিমবঙ্গ সরকার সমগ্র দেশবাসীর কৃতজ্ঞতাভাজন হয়েছেন । আমরা সরকারের এই মহৎ প্রচেষ্টার অকুণ্ঠ প্রশংসা করি ।

কিন্তু এই রেকর্ডখানি যাঁর ঐকান্তিক চেষ্টায় পুনরুদ্ধার করা সম্ভব হয়েছে তাঁর নাম কর্তৃপক্ষের ভাষণে বা আকাশবাণীর ঘোষকের মুখে কোথাও না শুনে কিছুটা বিস্মিত হয়েছি । হয়তো ব্যাপারটা পশ্চিমবঙ্গ সরকারের গোচরীভূত করা হয় নি । এজন্য এখানে তা উল্লেখ করছি ।

এই অমূল্য জাতীয় সম্পদটির সন্ধান যাঁর নিষ্ঠা ও শ্রমের ফলে আমাদের কাছে এসে পৌঁচেছে তিনি সাহিত্যজগতে সুপরিচিত 'রবিবাসর'-এর সম্পাদক সন্তোষকুমার দে, কর্মজীবনে যিনি সুদীর্ঘকাল গ্রামোফোন শিল্পের সঙ্গে সংশ্লিষ্ট

আছেন এবং তার জন্যই তিনি রবীন্দ্রসঙ্গীতের রেকর্ড এবং রবীন্দ্রনাথের নিজকণ্ঠের রেকর্ড সম্পর্কে সুদীর্ঘকাল গবেষণা করবার সুযোগ পেয়েছেন । তার ফল তিনি 'কবিকণ্ঠ' নামক গ্রন্থে লিপিবদ্ধ করেছেন । রবীন্দ্রনাথের কণ্ঠে বন্দে মাতরম গানের রেকর্ড বিষয়ে বিস্তারিত তথ্য, ঐ রেকর্ডখানির চিত্র, এমন কি টমাস অ্যালভা এডিসনের আবিষ্কৃত যে ফোনোগ্রাফ যন্ত্রে রবীন্দ্রনাথের গান রেকর্ড করা হয়েছিল তার চিত্রও 'কবিকণ্ঠ' গ্রন্থের প্রথম খণ্ডে দেওয়া আছে । দ্রষ্টব্য পৃষ্ঠা ২৪ এবং ৪৪ পৃষ্ঠার সম্মুখস্থ আলোকচিত্র ।

এই প্রসঙ্গে উল্লেখযোগ্য, 'কবিকণ্ঠ' গ্রন্থখানি ১৯৬৩ সালের মার্চ মাসে প্রকাশিত হয় । উহার প্রথম খণ্ডে কবির কণ্ঠের গান, আবৃত্তি, বক্তৃতা প্রভৃতির রেকর্ড বিষয়ে যে বিস্তারিত ইতিহাস দেওয়া আছে সেটি সন্তোষবাবুর একক রচনা । গ্রন্থের প্রারম্ভে বিশ্বভারতীর অধ্যাপক শ্রীযুক্ত প্রবোধচন্দ্র সেনের সুদীর্ঘ ভূমিকাতেও সে কথা স্বীকৃত হয়েছে । কবিকণ্ঠের দ্বিতীয় খণ্ডে নানা শিল্পীর কণ্ঠে রবীন্দ্রসংগীতের রেকর্ডের বিশাল তালিকা দেওয়া আছে ।

'কবিকণ্ঠ' প্রকাশিত হওয়ার দুই বৎসর পূর্বে ১৯৬১ সালে রবীন্দ্র-শতবার্ষিকী উপলক্ষে নিখিল ভারত বঙ্গসাহিত্য সম্মেলনের জামসেদপুর শাখার দুই দিনব্যাপী অনুষ্ঠানে আমি এবং সন্তোষবাবু আমন্ত্রিত হয়েছিলাম । সেখানেও সন্তোষবাবুর বক্তৃতার বিষয় ছিল— 'রবীন্দ্রনাথের নিজকণ্ঠের রেকর্ড' । তার সঙ্গে কবিকণ্ঠের অনেকগুলি রেকর্ড বাজিয়ে শোনানো হয়েছিল ।

ট্রেনে একসঙ্গে যাওয়া এবং ফেরা, আর একই সঙ্গে আতিথ্য গ্রহণ কালে সন্তোষবাবুর নিকট রবীন্দ্রনাথের কণ্ঠে 'বন্দে মাতরম্' গানের রেকর্ডের বিষয়ও শুনেছিলাম । পরে তিনি রবিবাসরেও এ বিষয়ে বলেন । রবিবাসরের অন্যতম সদস্য শ্রীযুক্ত চপলাকান্ত ভট্টাচার্য মহাশয় একজন এম. পি. । তিনি বিষয়টি পার্লামেন্টে উত্থাপন করায় মনে হয় সরকারি তৎপরতা দেখা দেয় । অতএব রেকর্ডখানির তথ্য এবং এই অমূল্য জাতীয় সম্পদটির আবিষ্কারের কৃতিত্ব যে সন্তোষকুমার দে মহাশয়ের, এতে কোন দ্বিমত থাকতে পারে না । এ বিষয়ে আমরা পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও বেতার বিভাগের দৃষ্টি আকর্ষণ করি ।

—প্রাণতোষ ঘটক (সম্পাদক : 'মাসিক বসুমতী')
সম্পাদকের নিকট পত্র, 'দৈনিক বসুমতী', ৬ জ্যৈষ্ঠ, ১৩৭৩
২৬ মে, ১৯৬৬, পৃষ্ঠা চার ।

(১৩)

'অমৃতবাজার পত্রিকা'র প্রতিবেদন

MUCH VALUED NATIONAL TREASURE

A much valued national treasure belonging to the world of music, which was so long supposed to have been totally lost, has been restored.

This is the recorded version of national song of 'Bande Mataram' as sung by Rabindranath. The disc was taken exactly sixty years ago through a voice-recording machine built and patented by the American scientist and technologist Edison.

The famous song of Bankim Chandra, it is traditionally believed, was once sung by Rabindranath from the rostrum of an open and early session of the Indian National Congress when the Poet had already been acclaimed both as a music composer and artiste.

But only the memory of that tradition lingered in close circles from one generation to other. For every enthusiast took it for granted that poet's writing the score for the national song once defined as an example of 'Stately Diction, fine musical rhythm and earnest patriotism' by Surendranath Banerjee could not have been rendered by a voice-recording machine at that distant past age.

Such a notion was further strengthened because of the open dislike that Rabindranath developed during a later phase of his life against machine recorded music.

To Mr. Santosh Kumar De, a popular literary man and a leading figure of the 'Rabi Basar', goes the credit of discovering a record—a Pathe disc piece—featuring Bande-Mataram sung by 'Mr. Rabindranath Tagore' on its one side and a recitation of 'Sonar Tari' by Mr. R. N. Tagore on the other.

The worth and genuineness of Mr. De's interesting discovery was further supported by other documents. These include two catalogues of records issued in 1906 by the Company which reproduced the Poet's voice. It is interesting to note how the Company owned by a personal and intimate friend of the Poet, during the stirring days of Swadeshi Movement in Bengal when a comparatively young Rabindranath was whipping up people's enthusiasm by composing and some-time singing inspiring songs, one after another.

About the particular record Bande Mataram, (Record No. 36250) the introduction in the catalogue is as follow : "The soul-stirring

national song composed by immortal Bankimchandra, pride of Bengal. Over and above that it is sung by Rabi babu himself."

: ENTERPRISE :

The discovery of the particular record also shows how Bengali business instinct was progressive during the beginning of the century when it could be bold enough to import from America in 1899 or 1900 the phonograph machine, possibly the first one of its kind in this country. The remnant of the machine is a good as a relic of the past as is the particular record of Bande Mataram sung by the Poet. The copper plate attached to the broken machine announces that it was manufactured under the patent of Thomas A. Edison of America and the first & the last dates that the plate bears are May 6, 1888 and May 31, 1898. 'The Machine', the manufacturer announces, 'is sold on the condition that it is licensed to be used or vended only so long as this serial number C 6616 is not removed or changed in whole or part and that every possessor of the machine admitted the validity of the above enumerated patents.'

The owner of the machine, a well-known industrialist of the Swadeshi days and personal friend of Rabindranath Tagore and Jagadish Chandra Bose, is the late Mr. Hemendra Mohan Bose (popularly known as H. M. Bose). The establishment set up by Mr. Bose on Bowbazar Street was labelled : "The Talking Machine Hall" and there Rabindranath went in 1906 to record Bande Mataram and songs composed by him. There are other interesting details of this ventures of Mr. Bose and they are referred to in a book "Kabi Kantha", complied by Mr. De.

But what is of greater significance is that although Bande Mataram record of Tagore was discovered months back and a reference about it made in parliament and Prime Minister Nehru had personal interest on it, the disc recording the voice of the Poet could not be recovered so long because of the apathy and indifference of the unimaginative administrative officials.

This however, has now been overcome specially because of the pressure from New Delhi and it can now be expected that the voice of Rabindranath singing Bande Mataram when he was hardly 46 and in his own style, would greet the Indian audience on the birthday of the Poet.

Amrita Bazar Patrika, Monday—9.5.1966.

(১৪)

রবীন্দ্রনাথের কণ্ঠে বন্দে মাতরম গানের রেকর্ড বিষয়ে প্রশ্নোত্তর

'বিশ্ববীণা' পত্রিকা, এপ্রিল-জুন ১৯৬৭

একটি সাক্ষাৎকার (নিজস্ব প্রতিনিধি)

১৩৭৩ সালের ২৫ বৈশাখ রবীন্দ্রানুরাগীদের কাছে একটি অবশ্য স্মরণীয় দিন । ঐ দিন দীর্ঘ প্রতীক্ষার পর কলকাতায় 'রবীন্দ্র-স্মরণী' ('রবীন্দ্র-সদন') ভবনটির উদ্বোধন করা হয় এবং সেখানে উপস্থিত দর্শকমণ্ডলী বিস্ময়-বিমুগ্ধ চিত্তে শুনতে পান, রবীন্দ্রনাথের কণ্ঠে গীত ভারতের অন্যতম জাতীয়-সংগীত 'বন্দে মাতরম' ।

আমাদের স্বাধীনতা সংগ্রামের মন্ত্র হিসাবে আমরা 'বন্দে মাতরম'কে দেখেছি । যাঁরা হাসি মুখে ফাঁসির মঞ্চে গিয়েছেন তাঁরাও 'বন্দে মাতরম' গান গেয়ে জীবন বিসর্জন করেছেন । আসমুদ্র হিমাচল বিস্তৃত এই বিশাল দেশের হৃদয়তন্ত্রী 'বন্দে মাতরম' ধ্বনিতে একই সুরে বেজে উঠত । ঋষি বঙ্কিমচন্দ্রের অমর লেখনী প্রসূত সেই মহামন্ত্রটিতে এক সময়ে রবীন্দ্রনাথ নিজে সুর দিয়েছিলেন এবং কংগ্রেসের প্রকাশ্য অধিবেশনে গেয়েছিলেন, তাও ইতিহাসে পাওয়া যায় । কিন্তু এই সুদীর্ঘ ৭০ বছর পরে সেই গানটি আবার শুনতে পাওয়া যাবে এ কথা কেউ প্রত্যাশাই করেনি । সেই বিস্ময়কর ঘটনা গত বছর ২৫শে বৈশাখ কলকাতায় ঘটেছিল, কয়েকবার রেডিও-তে গানটি বাজাবার ফলে সারা দেশময় তা ছড়িয়েছিল কিন্তু তা নিয়ে আর কোন আলোড়ন জাগেনি, কিভাবে রেকর্ডটি সন্ধান পাওয়া গেল তা নিয়েও বড় একটা কেউ মাথা ঘামায় নি ।

পশ্চিমবঙ্গ সরকার হতে যখন এই বিস্ময়কর রেকর্ডখানি প্রচারিত হল তখন তাঁরাও জানানো প্রয়োজন বোধ করেন নি,—কোথায়, কি ভাবে, কার সন্ধান অনুসারে কার কাছ থেকে এই রেকর্ডখানি এতকাল পরে পাওয়া গেল । যে দুর্লভ বস্তুটি আমরা পেলাম তার সম্পর্কেও যথোচিত স্বীকৃতি দেখাতে পারিনি, বরং সত্য চাপা দেওয়ার অপচেষ্টার কথাই পত্রিকান্তরে অভিযোগ করা হয়েছিল ("Much Valued National Treasure", *Amrita Bazar Patrika,* 9th May, 1966) ।

অন্য দেশ হলে এই দুর্লভ সামগ্রীর পুনরুদ্ধারে যত্নবান হওয়ার জন্য গবেষককে উপযুক্ত সম্মান দেওয়া হতো, মর্যাদা দেওয়া হতো । অপর পক্ষে এই পরম সমাদরের বস্তুটি যাতে দেশের ঘরে ঘরে পৌঁছে দেওয়া যায় তারও যথাবিধি চেষ্টা করা হতো । এখন যা অবস্থা দাঁড়িয়েছে তাতে মনে হয় ব্যক্তিগত সম্পত্তির যক্ষের ধন আকাশবাণীর শীতাতপ-নিয়ন্ত্রিত নির্বাসনে আবার বিস্মৃতির অন্ধকারে নিমজ্জিত হতে চলেছে ।

রবীন্দ্রনাথের কণ্ঠে বন্দে মাতরম গানটির রেকর্ডের মতো অমূল্য সম্পদ কার চেষ্টায় ও যত্নে উদ্ধার করা সম্ভব হয়েছিল সে কথা উৎসাহী ব্যক্তিদের কাছে শুনেছিলাম বলেই একদিন তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে গেলাম । কলকাতায় আমহার্স্ট ষ্ট্রীটের একটি প্রাচীন গৃহের দ্বিতলে তিনি থাকেন, নাম—সন্তোষকুমার দে ; 'রবিবাসর' নামক প্রখ্যাত সাহিত্য সভার তিনি সম্পাদক, নিজেও সাহিত্যিক এবং বহু গ্রন্থ প্রণেতা ; 'রেকর্ড সংগীত' এবং *The Voice* নামক দুখানি পত্রিকার তিনি সম্পাদক । প্রায় কুড়ি বছর গ্রামোফোন কোম্পানিতে প্রচার সচিবের পদে নিযুক্ত আছেন । তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে যাওয়ার আগে তাঁর 'কবিকণ্ঠ' গ্রন্থখানিও পড়ে নিয়েছিলাম । ওই গ্রন্থেই তিনি রবীন্দ্রনাথের কণ্ঠে রেকর্ডিং করবার সুদীর্ঘ ইতিহাস লিপিবদ্ধ করেছেন এবং কবির কণ্ঠ যে মেশিনে রেকর্ড করা হয়েছিল তার ছবি দিয়েছেন, কবির কণ্ঠে 'বন্দে মাতরম' গানটির রেকর্ডের দুইপিঠের ছবিও তাতে তিনি দিয়েছেন, আর দিয়েছেন ১৯০৬ সালের একখানি রেকর্ড তালিকা হতে কবির কণ্ঠে 'বন্দে মাতরম' গান সম্পর্কে সম্পূর্ণ উদ্‌ধৃতি ।

আমার কৌতূহল ছিল তাঁর মুখে শুনবার, কি ভাবে তিনি ঐ প্রাচীন রেকর্ডখানির সন্ধান পেলেন এবং কি ভাবেই বা তা জনসাধারণের কাছে পৌঁছল ।

'হিজ মাস্টার্স ভয়েস'-এর প্রবীণ প্রচারবিদ কিন্তু নিতান্তই আত্মপ্রচারবিমুখ । আমি এতকাল পরে তাঁর গবেষণার বিষয় জানতে উৎসুক শুনে তিনি কিছুটা সংকোচ বোধ করলেন । প্রথমে বললেন, 'কবিকণ্ঠ' বইখানির প্রথম খণ্ডেই তো সব প্রশ্নের জবাব দিয়েছি ; ওটা পড়ুন, সব তথ্য পাবেন । তাঁর লেখা 'কবিকণ্ঠ' বইখানি আমার পড়া ছিল, আমি বললাম—রবীন্দ্রনাথের গান এবং রেকর্ড সম্পর্কে প্রায় ষোল-সতের বছর ধরে আপনার অনেক লেখা পত্র-পত্রিকায় পড়েছি । কিন্তু 'কবিকণ্ঠ'-এর মতো গ্রন্থ রচনা ও রবীন্দ্রসংগীতের আনুপূর্বিক রেকর্ড তালিকা সংকলনে আপনি প্রেরণা পেলেন কিসে ?

উত্তরে তিনি বললেন, গ্রামোফোন কোম্পানীর পক্ষে কেবল "হিজ মাস্টার্স ভয়েস" এবং কলম্বিয়া রেকর্ডে প্রকাশিত রবীন্দ্রসঙ্গীতের রেকর্ডের তালিকা প্রকাশ করা হয়ে থাকে, কিন্তু রবীন্দ্রভক্তেরা প্রায়ই চিঠি লেখেন, রবীন্দ্রসঙ্গীতের সব রেকর্ডের তালিকার জন্য । তার সন্ধান দিতে পারিনে ।

একবার Unesco হতে পণ্ডিত শিবশরণও (Alain Danielou) এসে একই অনুরোধ করলেন । তাঁকে বলতে বাধ্য হলাম, আমাদের কাছে সম্পূর্ণ তালিকা নেই । শান্তিনিকেতন হতে শ্রীমতী ইন্দিরা দেবী চৌধুরানীর কাছ হতে যে তালিকা পেয়েছিলেন তিনি, তাও দেখালেন,—সে তালিকাও অসম্পূর্ণ ।

সুদীর্ঘকাল গ্রামোফোন কোম্পানীতে কাজ করবার ফলে এ বিষয়ে অনেক পুরাতন কাহিনী আমার কানে এসেছিল, কিছু কিছু চোখেও দেখেছিলাম। একদিন সেইসব কথা শান্তিনিকেতনে আমার সাহিত্যগুরু, রবীন্দ্রভবনের প্রাক্তন অধ্যক্ষ, অধুনা অবসরপ্রাপ্ত, আচার্য প্রবোধচন্দ্র সেনের কাছে বলেছিলাম। তিনিই আমায় এ কাজে অগ্রসর হতে উৎসাহিত করেন। 'কবিকণ্ঠ' গ্রন্থখানির সুদীর্ঘ ভূমিকায় তিনি সে কথা সস্নেহে উল্লেখও করেছেন। বস্তুত তিনি নানা ভাবে সাহায্য না করলে, এবং বিশ্বভারতীর তৎকালীন উপাচার্য শ্রীযুক্ত সুধীরঞ্জন দাস মহাশয় বিশ্বভারতীর সংগ্রহশালায় কাজ করবার সুযোগ না দিলে 'কবিকণ্ঠ' লেখা সম্ভব হতো না।

তবে রবীন্দ্রনাথের কণ্ঠে 'বন্দে মাতরম' গানটির সন্ধান পাওয়ার জন্য আমি ঋণী কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পূজনীয় ডক্টর সুকুমার সেনের কাছে। রবীন্দ্র-গবেষক শ্রদ্ধেয় পুলিনবিহারী সেন আমায় একখানি পত্র দিয়ে ডক্টর সেনের কাছে পাঠিয়েছিলেন এবং ডক্টর সেন অনেক দিন ধরে অনেক অনুসন্ধান করে তাঁর বর্ধমানের বাড়ি হতে দুখানি বাঁধানো রেকর্ড তালিকা এনে দেন। তালিকাগুলি ১৯০৬ সালের, অবশ্য অনেক রেকর্ডের প্রকাশকাল তার থেকেও আগেকার। এই প্রাচীন 'এইচ বোসেস রেকর্ড' তালিকার একখানিতে রবীন্দ্রনাথের কণ্ঠে 'বন্দে মাতরম' গানটির উল্লেখ পাই। 'কবিকণ্ঠ' গ্রন্থের প্রথম খণ্ডের ১৬ পৃষ্ঠায় তা আদ্যন্ত তুলে দিয়েছি।

প্রশ্ন করলাম—কবি কি নিজেই গানটিতে সুর দিয়েছিলেন?

